

প্রকাশক–

দারুল কলম

আশ্‌রাফাবাদ (কুমিল্লাপাড়া), কামরাঙ্গীরচর, ঢাকা-১২১১
ফোন ঃ ৭৩২ ০২২০

মাদানী নেছাব প্রকাশনা – ১০

প্রথম প্রকাশ–
রামাযান, ১৪২৮ হিজরী
অক্টোবর, ২০০৭ খৃষ্টাব্দ

প্রচ্ছদঃ

অক্ষর বিন্যাস ও অঙ্গসজ্জা
হাসান মিছবাহ

কম্পিউটার কম্পোজ–
দারুল কলম কম্পিউটার
আশ্‌রাফাবাদ (কুমিল্লাপাড়া), কামরাঙ্গীরচর, ঢাকা-১২১১
ফোন ঃ ৭৩২ ০২২০

মুদ্রণে ঃ মোহাম্মদী প্রিন্টিং প্রেস
৪৯, হরনাথ ঘোষ রোড, ঢাকা- ১২১১
ফোন ঃ ৮৬২২৩১৩

হাদিয়া ঃ ২০০/০০ টাকা মাত্র

أعوذ بالله من الشيطن الرجيم

بسم الله الرحمن الرحيم

(١) الحمد لله رب العلمين * الرحمن الرحيم * ملك يوم الدين *
اياك نعبد وَ اياكَ نستعين * اهدِنا الصراط المستقيم * صِراط
الذين أنعمتَ عليهم، غَير المغضوبِ عَليهم وَ لا الضالين *

بيان اللغة

أعوذ (আমি আশ্রয় গ্রহণ করছি) (ن، عَوْذا و عِياذاً وَ مَعاذا)
عاذَ به : اعتصَمَ به وَ التجَأَ إليه .
جاء في القرآن : قالت إني أعوذ بالرحمن منك إن كنتَ تقيًّا .
و جاء : إني عُذْتُ بربي وَ ربِّكم من كلِّ متكبر جبار .
أعاذَه باللّٰهِ : دَعا له بالحِفْظِ و حَصَّنَه باسمِ اللّٰهِ .
(তাকে আল্লাহর নামে সুরক্ষিত করলো)
جاء في القرآن : إني أُعِيذُها بِكَ و ذُرِّيَّتَها من الشيطن الرجيم .
تَعَوَّذَ به و استعاذَ به = عاذبه
قال تعالى : فإذا قرأت القرآن فاستَعِذْ بالله من الشيطن الرجيم
الشيطن : النونُ فيه أَصْلِيَّة، مِنْ شَطَنَ، أي تَباعَدَ (দূর হয়েছে)
و قيل : النون زائدة، مِن شاطَ يَشِيط : احترقَ غَضَبًا
(ক্রোধে জ্বলেছে)
فمعنى الشيطانِ البعيدُ عَنْ رحمَةِ اللّٰه، أوالمحترقُ غضَبا على الإنسانِ،
و الشيطانُ اسْمٌ لِكلِّ مُفسدٍ منَ الجن و الإنسِ و الحيَوانات
(অনিষ্টকারী ও দুষ্ট জ্বিন বা মানুষ বা প্রাণীকে শয়তান বলা হয়
যেমন- شَياطِينَ الإنسِ وَ الجنِّ)
الرجيم (বিতাড়িত, অভিশপ্ত) رَجمَه (رَجْمًا، ن) رماه بالحجارة - قتله

بالحجارة - لعنه - طرده - هَجَره، فهو مرجوم و رجيم .

رَجَم (ن، رَجْمًا) : تكلم بالظن .

قاله رَجْمًا بالغيب، أي : قال ذلك ظنًّا منْ غيرِ دليل

الرحمن - الرحيم : هما من الرحمة (على وَزْنِ فَعْلانَ و فعيلٍ)، و معنى الرحمنِ عظيمُ الرحمَةِ و كثيرُها، و معنى الرحيمِ دائِمُ الرحمَةِ، لأن فعلانَ يدل على الكثرة، و فعيلًا يدل على الدوام .

و لا يُطلَقُ الرحمٰنُ إلا على اللّٰهِ تعالى، و الرحيمُ يُستعمَل في غيره أيضًا .

الحمد : الثناء بالجميل على جِهَةِ التعظيم مَعَ المحبَّةِ

মুহব্বতের সাথে, ভক্তির ভিত্তিতে উত্তম গুণের প্রশংসা করা।

الله : قيل أصلُه إلٰهٌ، فَحُذفتِ الهمزَةُ و أُدخِل عليه الألفُ و اللام، فَخُصَّ بِذاتِ اللّٰهِ تعالى، وَ الإِلٰهُ اسْمٌ لكل معبود .

الرب : هو مصدرٌ معناه التربيَةُ و إصلاحُ شُؤونِ الغير، أُستعمِل للفاعل، أي : مَنْ يُربِّي و يُصلِح شؤونَ الغير .

و لايقال الربُّ بلا إضافَةٍ إلا لله تعالى، أما بالإضافةِ فيقال لله و لغيرِ الله، فيقال : ربُّ العالمين، و يقال : ربُّ الدارِ .

العالمين : العالَم اسمُ جنسٍ لا واحدَ له من لَفظِه . و جُمِعَ العالَمُ نظَرًا إلى أنواعِه، فيقال : عالَم الإنسان، و عالَم الحيَوان و عالم النبات، و عالم الجَماد، و عالم الجن و الملائكة .

و هو مُشتقٌّ مِنَ العلامَةِ، لأن العالَمَ علامةٌ على وجودِ الخالق .

الدين : معناه الطاعة و الجزاء . يوم الدين : يوم الجزاء .

قال تعالى : و مَنْ أحسَنُ دينا (أي : طاعَةً) مِمَّنْ أسلم وجهَه لله و هو مُحسن . و قال : و أخلَصُوا دينَهم لله (أي : طاعَتَهم)

و الدين : الشريعَة، أي : ما شَرَعَه الله تعالى لعباده على لسانِ الأنبياء كما قال : إن الدين عندَ اللّٰهِ الإسلامُ .

اهدنا (دُلَّنا) : هَدٰى (ض، هُدًى و هَدْيًا و هِدايَةً) : أرشَدَه و دَلَّه

يقال : هَداه الله الطريقَ أو إلى الطريقِ أو للطريقِ .

قال تعالى : قُل إنني هداني ربي إلى صراطٍ مستقيم

و قال : الحمد لله الذي هدانا لهذا

وَ الهداية : إراءةُ الطريقِ، قال تعالى : إنا هَديناه السبيلَ، أي : أريناه طريقَ الخيرِ و الشرِّ و طريقَ الثواب و العِقاب .

والهداية : الإيصال إلى المطلوب، قال تعالى : إنك لا تهدي مَنْ أحببتَ و لكن الله يهدي مَن يشاء

و في قوله تعالى : فَاهْدُوهم إلى صراطِ الجَحيم، اسْتِهزاءٌ، كما قال تعالى : فَبَشِّرهم بعذاب أليم .

اهتَدٰى : طلَبَ الهدايَةَ و قَبِلَها . وَجَدَ الطريقَ . و يكونُ الاهتداءُ في أمورِ الدنيا و أمورِ الآخرَةِ،

قال تعالى : هو الذي جَعلَ لكم النجومَ لِتَهتدوا بها ، و قال تعالى : فَإن أسلَموا فقَدِ اهتَدَوا .

وَ الهُدٰى : مصدرُ هَدٰى، قال تعالى : إن علينا لَلْهُدٰى .

المستقيم (সোজা, সরল) الذي لا عِوَج فيه (যাতে কোন বক্রতা নেই)

استقامَ الأمرُ : صَلَحَ و استوى (সঠিক হলো, নিখুঁত হলো)

استقام على أمرٍ : ثبَتَ عليه و لَزِمَه (তার উপর অবিচল হলো এবং তাকে নিজের জন্য লাযিম করে নিলো)

المغضوب عليهم : و هم اليهودُ، لأن اللّٰهَ غَضِبَ عليهم لِعِنادهم .

ضَلَّ الطريقَ / عن الطريقِ : فَقَدَ الطريقَ (ض، ضَلالاً و ضَلالَةً)

ضَلَّ السبيلَ / عن السبيلِ : عَدَلَ عن الصراطِ المستقيم . সরল পথ থেকে বিচ্যুত হলো

ضل عملُه / سَعْيُه : ضَاعَ و بَطَلَ .

أَضَلَّه : جعلَه يَضِل . أضل اللّٰهُ أعمالَهم : أبْطَلها

و الضَلال : العُدول عَنِ الصراط المستقيم، وَ ضِدُّه الهدايَةُ، و يُستعمل بِمعنى الخَطَأِ و السهْوِ و النسيان، و لِذلك نُسِبَ الضَّلالُ إلى الأنبياءِ و إلى الكُفارِ، وَ إنْ كانَ بين الضلالَين بَوْنٌ بَعيد .

جاء في يعقوب عليه السلام : إنك لفي ضلالك القديم .

بيان الإعراب

بسم : جارٌّ و مجرورٌ متعلّق بفعلٍ محذوفٍ، و هو أَبْدَأُ، أو هو متعلق بخبرٍ محذوف، و أصلُ العبارَةِ : ابتدائي ثابتٌ بسم الله .

الله : لفظُ الجلالَةِ مضافٌ إليه مجرورٌ، و الرحمٰن الرحيم صِفتان للّٰهِ تعالى

الحمد : مبتدأ مرفوع، وَ لِلّٰهِ جارٌّ و مجرورٌ متعلق بخبر محذوف، و هو ثابت أو واجب .

رب : صفةٌ لِلَفْظِ الجلالَة أو بَدَلٌ منه، تَبِعَه في الجرِّ . العٰلمين مضاف إليه مجرور، و علامةُ جرِّه الياءُ، لانه مُلحقٌ بِجَمْعِ المذكّرِ السالِمِ .

الرحمن الرحيم : صِفتان لِلَفْظِ الجلالَةِ أو بَدَلان منه، و كذا مالك يوم الدين .

إياك : ضميرٌ منفَصِلٌ عن الفعلِ في مَحَلٍّ نصبٍ، مفعولٌ به مقدَّم، والتقديمُ يُفيد الحَصْرَ و التخصيصَ .

اهد : فعلُ أمرٍ في معنى الدعاء . و "نا " ضمير متصل في محل نصبٍ مفعولٌ به أولُ، و الفاعل ضميرٌ مستَتِرٌ وجوبًا، و هو أنت، و الصراط مفعول به ثان أو منصوبٌ بِنَزْعِ الخافِضِ، و المستقيم : صفةٌ لِلصراط .

صراط ... هذا بدَلٌ مِن : الصراطَ، و الذين اسمُ موصولٍ مضافٌ إليه في محل جر، و الجملة بعدها صِلَتُه

غير المغضوب عليهم : هذا بدَلٌ مِنْ : الذين، و الضالين معطوف على المغضوب عليهم، ولا زائِدَةٌ، لِتاكيدِ معنى النَّفْيِ، و معنى النفيِ (موجودٌ) في غَيْرٍ، و هذه الزيادةُ كثيرةٌ في كلام العَرب .

و المعنى : اهدِنا الصراطَ المستقيمَ، وهو صراطُ الذين أنعمتَ عليهم، و هو صراطُ غيرِ المغضُوبِ عليهم، و صراطُ غير الضالين

الترجمة

সমস্ত প্রশংসা আল্লাহ রাব্বুল আলামীনের, যিনি রাহমান, রাহীম, যিনি বিচার দিনের মালিক।

আমরা আপনারই ইবাদত করি এবং আপনারই সাহায্য চাই।

আপনি আমাদেরকে বাতলে দিন ছিরাতুল মুস্তাকীম, অর্থাৎ ঐ লোকদের পথ যাদেরকে আপনি নেয়ামত দান করেছেন, গযবগ্রস্ত (ইহুদী) এবং গোমরাহ (নাছারা) দের পথ কিছুতেই নয়।

ملاحظات حول الترجمة

(ক) রাব্বুল আলামীন, রাহমান, রাহীম, ছিরাতুল মুস্তাকীম, নেয়ামত ইত্যাদি শব্দগুলোর আলাদা আবেদন রয়েছে, এজন্য এগুলোর বাংলা প্রতিশব্দ ব্যবহার করা হয়নি। তুমি ইচ্ছা করলে বাংলা প্রতিশব্দ ব্যবহার করে এভাবে তরজমা করতে পারো–

সমস্ত প্রশংসা আল্লাহর, যিনি বিশ্ব-জগতের প্রতিপালক, যিনি পরম দয়ালু; চিরদয়াময়, যিনি বিচারদিবসের অধিপতি। আমরা আপনারই উপাসনা করি এবং আপনারই সাহায্য প্রার্থনা করি।

আপনি আমাদেরকে প্রদর্শন করুন সরল পথ; যাদের প্রতি আপনি করুণা বর্ষণ করেছেন[১] তাদের পথ; যারা অভিশপ্ত ও পথভ্রষ্ট তাদের পথ কিছুতেই নয়।

رحمن এর কাঠামো (ওযন) হলো فعلان যা বিরাটতা ও অধিকতা বোঝায়, তাই এর তরজমা করা হয়েছে, পরম দয়ালু। আর رحيم এর কাঠামো হলো فعيل যা دوام ও স্থায়িত্ব বোঝায়, তাই তরজমা করা হয়েছে, চিরদয়ালু।

(খ) 'জগতের' পরিবর্তে 'বিশ্বজগতের' বলার উদ্দেশ্য হলো বহুবচনের অর্থ রক্ষা করা। কেউ কেউ তরজমা করেছেন, সমগ্রজগতের / সারা জাহানের / সকল সৃষ্টির – এগুলো গ্রহণযোগ্য।

(খ) ملك يوم الدين – শব্দের 'সমশ্রেণিতা' রক্ষা করার জন্য 'বিচার দিনের মালিক' এবং 'বিচার দিবসের অধিপতি' তরজমা করা হয়েছে।

(গ) 'অভিশপ্ত' দ্বারা ইহুদী এবং 'পথভ্রষ্ট' দ্বারা খৃস্টানসম্প্রদায় উদ্দেশ্য, তাই তরজমায় দুই বন্ধনীর মাঝে তা যুক্ত করা হয়েছে। 'নাছারা' হচ্ছে কোরআনী শব্দ তাই 'খৃস্টান'-এর পরিবর্তে তা ব্যবহার করা হয়েছে।

(ঘ) غير المغضوب عليهم و لا الضالين এখানে لا অব্যয়টি নাফীর অর্থকে তাকীদ করেছে, বাংলায় তা প্রকাশ করা হয়েছে

১. কিংবা 'যাদেরকে আপনি কল্যাণ দান করেছেন

'কিছুতেই' শব্দটি যোগ করে।

এভাবেও তরজমা হতে পারে- যারা অভিশপ্ত তাদের পথ নয়, এবং নয় যারা ভ্রষ্ট তাদেরও পথ।

أسئلة :

١ - ماذا تعرف عن الرحمن و الرحيم ؟

٢ - اذكر معنى الهداية

٣ - أعرب قوله تعالى : الحمد لله رب العالمين

٤ - أيُّ صراطٍ أُرِيدَ بالصراط المستقيم ؟

٥ - শব্দের 'সমশ্রেণীতা' রক্ষা করে সূরাতুল ফাতিহার দু'রকম তরজমা বলো

٦ - জগত ও বিশ্বজগতের পার্থক্য বলো

(٢) و مِنَ الناسِ من يقولُ اٰمنا بالله وَ باليومِ الاٰخِرِ وَ ما هم بمُؤمنين * يُخٰدعون اللّٰه و الذين اٰمنوا ، و ما يَخْدَعون اِلَّا انفُسَهم و ما يَشعرون * في قلوبهم مَرَضٌ فَزادَهم اللّٰه مَرَضا ، و لهم عذاب اليم بما كانوا يَكذبون * و اذا قيل لهم لا تُفسدوا في الارض قالوا اِنما نحن مُصلحون * اَلا اِنهم هُمُ المُفْسِدون وَ لكنِ لا يَشعرون * و اذا قيل لهم اٰمِنوا كَما اٰمن الناسُ قالوا اَنُؤْمِن كما اٰمن السُّفَهاء ، اَلا اِنهم هم السفهاء و لكن لا يعلمون * و اذا لَقُوا الذين اٰمَنوا قالوا اٰمَنا ، و اذا خَلَوا الى شَيٰطينهم قالوا اِنَّا معكم اِنما نحن مُستَهزِءون * اللّٰه يستَهزِئُ بهم و يَمُدُّهم في طُغْيانِهم يَعمَهون * اولئك الذين اشتَرَوُا الضلٰلةَ بالهُدٰى ، فما رَبِحَتْ تِجارتُهم و ما كانوا مُهْتَدين *

بيان اللغة

الناس : اسمُ جمعٍ لا واحدَ له من لَفْظِه ، و مادَّتُه همزةٌ و نونٌ و سينٌ ، و حُذِفت فاؤُه ، و أَصلُه أُناسٌ ، و الواحد إنسان .

يُخٰدعون : خادَعه (مُخادَعة و خِداعا) : خَدَعَه (و فيه معنى المُبالَغة)
خَدعَه (ف، خَدْعًا) : أظهَرَ له خلافَ ما يُخفِيه، و أراد به مَكرُوهًا
তাকে ধোকা দিলো

السفهاء : جمعُ سفيهٍ : الأحمَق، الجاهِل . سَفِهَ (س، سَفَهًا، سَفَاهًا، سَفاهَةً)
قَلَّ عقلُه و خَفَّ . جَهِلَ নির্বোধ হলো। মূর্খ হলো

يستهزئ بهم : (أي : يعاقبُهم على اسْتِهزائِهم) استَهْزَأَ به : هَزَأَ به
هَزَأَ به و منه (ف، هَزْءاً و هُزُوءًا) سخر به أو منه তাকে উপহাস করলো
هَزِئَ به و منه (س، هُزْءًا، هُزُؤًا و هُزُوءا) : هزأ

وإذا خَلَوا إلى شيٰطينهم : (أي : ذهبوا إلى رُؤسائهم و لَقُوهم في خَلْوَةٍ)
خلا فلانٌ بِصاحِبِه (ن، خَلْواً و خَلْوَةً) : انفرَد به في خَلوة
و يقال : خَلا إليه و خلا معه
خلا المكانُ (ن، خُلُوًّا و خَلاءً) : فَرَغ عَمَّا كان فيه .
يقال : خلا المكانُ مِنْ أهلِه و عَنْ أهلِه
خلا الوقتُ و الشهرُ و الشَّبابُ : مضى و ذهب

يَمُدُّهم : (তাদেরকে ঢিল দেন) (ن، مَدًّا) و له مَعانٍ، و إليك بعضَها :
مد اللّٰهُ الأرضَ : بَسَطَها . مد اللّٰهُ عُمُرَه : أطالَه
مد الرجلَ في ... : أمْهَلَه في .... (وهو المقصودُ في الاية)
তাকে কোন বিষয়ে সুযোগ দিলো / ঢিল দিলো
مد يدَه إلى .... : بَسَطَها إلى ....
مد بصَرَه /عينَه إلى : طَمَح إليه و طَمِع فيه
مد الشيءَ : زاد فيه (يقال : مد النُّهَيْرُ النهرَ)
قال تعالى : (١) و هو الذي مَد الأرضَ و جعل فيها رواسِيَ و أنهارًا
(٢) الم تَرَ إلى رَبك كيف مَد الظلَّ ؟
(٣) و لا تَمُدَّنَّ عينَيْكَ إلى ما مَتَّعنا به .
(٤) و البحرُ يَمده من بعدِه سبعةُ أبحُرٍ (أي يَزيده)

طُغيان : تَجاوُزُ الحدِّ في الظلم أو في الماء، (ف)

قال تعالى : (١) لما طَغَى الماءُ حملنُكم في الجارِيَة ·

(٢) ٫اذهب إلى فرعونَ إنه طَغَى ·

أَطغاه المالُ / السُّلطانُ : جعَله طاغيًا ·

يعمهون : العَمَه : التردُّد في الأمر من التحيُّرِ (ف) দিশেহারা হওয়া

قال تعالى : زيَّنا لهم أعمالَهم فهم يَعْمَهون ·

بيان الإعراب

و مِن الناس مَن يقول : من الناس متعلق بمحذوفٍ، خبرٌ مقدَّم، و مَن يقول موصولٌ و صلةٌ، و هو مبتدأ مؤخَّرٌ، و أصلُ العبارةِ : مَنْ يقول اٰمنا معدودٌ مِن الناسِ ·

و ما هم بمؤمنين : الواو حاليَّة، و الباء حرفُ جرٍّ زائد يؤكِّد معنى النفْيِ ·

إلا أنفسهم : إلا أداةُ حصرٍ، و أنفسَهم مفعول به

مرضا : هذا مفعول به ثان، أو تمييزٌ من نسبة الفعل إلى المفعول، و هو تمييزٌ محوَّل عن المفعول به، و أصل العبارة : زاد اللهُ مرضَهم

بما كانوا يكذبون : الباء سببية، و ما مصدرية، أي : بِكَوْنِهم يَكذِبون، و حرفُ الجرِّ متعلقٌ بمحذوفٍ، و هو نعتٌ ثانٍ لـ : عذابٌ، أي : عذاب أليم مُسْتَحَقٌّ بِكَونِهم كاذبين ·

إذا : ظرفٌ للزمن المستقبَل فيه معنى الشرطِ، و هو مضاف إلى شرطه و معتلَّق بجوابه · و قد يخلو إذا مِنْ معنى الشرط ·

و كلُّ ظرفٍ يُضاف إلى جملة بعدَه ·

لقوا : ضمير الفاعل يرجع إلى : مَنْ، و هم المنافقون، الذين اٰمنوا بِألسنتهم و كفروا بقلوبهم ·

في طغيانهم : حرف الجر مع مجروره يتعلق بـ : يمد، و جملة يعمهون في مَحَلِّ نصبٍ حالٌ من مفعولِ يمُدُّ

أولئك : اسمُ اشارةٍ مبنيٌّ على الكسرِ، في مَحَلِّ رفعٍ مبتدأٌ، و الموصول مع صلته خبر ·

الترجمة

আর মানুষের মাঝে কিছু লোক এমনও রয়েছে যারা বলে, ঈমান

এনেছি আমরা আল্লাহর প্রতি এবং শেষ দিনের প্রতি, অথচ তারা 'মোটেও' মুমিন নয়।

'দাগাবাজি' করে তারা আল্লাহর সাথে, এবং যারা ঈমান এনেছে তাদের সাথে; অথচ (বাস্তবে) ধোকা দিতে পারে না তারা নিজেদেরকে ছাড়া কাউকে; অথচ (সে সম্পর্কে) তারা অনুভূতি রাখে না।

তাদের অন্তরে রয়েছে বিরাট 'মরয', অনন্তর বাড়িয়ে দিয়েছেন তাদেরকে আল্লাহ্ 'মরয'। আর তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক আযাব, (ঈমানের দাবীর বিষয়ে) তাদের মিথ্যা কথনের কারণে।

আর যখন বলা হয় তাদেরকে, ফাসাদ করো না তোমরা যমিনে, তখন তারা বলে, আমরা তো 'শুধু' সংশোধন করি।

সাবধান! নিঃসন্দেহে তারাই হলো ফাসাদকারী, কিন্তু তারা (সে সম্পর্কে) অনুভূতি রাখে না।

আর যখন বলা হয় তাদেরকে, ঈমান আনো তোমরা যেমন ঈমান এনেছে অন্য লোকেরা, তখন তারা বলে, আমরা কি ঈমান আনবো যেমন ঈমান এনেছে নির্বোধেরা! সাবধান! নিঃসন্দেহে তারাই নির্বোধ, তবে তারা (তা) জানে না।

আর যখন দেখা করে তারা তাদের সঙ্গে যারা ঈমান এনেছে তখন তারা বলে, ঈমান এনেছি আমরা। আর যখন একান্তে মিলিত হয় তাদের 'দুষ্ট নেতাদের' সঙ্গে তখন বলে, অবশ্যই আমরা তোমাদের সঙ্গে আছি; আমরা তো শুধু তামাশা করি। আল্লাহ্ তাদের তামাশার জবাব দেন এবং ঢিল দেন তাদেরকে তাদের স্বেচ্ছাচারের ক্ষেত্রে, এমন অবস্থায় যে, দিশেহারা হয় তারা।

ওরা ঐ সমস্ত লোক যারা খরিদ করেছে হেদায়াতের বিনিময়ে গোমরাহি। ফলে লাভজনক হয়নি তাদের 'তেজারাত' এবং তারা হেদায়াতপ্রাপ্তও হয়নি।

ملاحظات حول الترجمة

(ক) و من الناس من يقول (আর মানুষের মাঝে কিছুলোক এমনও রয়েছে যারা বলে) এটি হচ্ছে মূল তারকীবের অনুগামী তরজমা। সরল বাংলায় এমন তরজমাও হতে পারে–

(০) মানুষের মাঝে কিছু লোক বলে ...,

(০০) একদল লোক বলে, ...

(খ) و ما هم بمؤمنين (অথচ তারা 'মোটেও' মুমিন নয়)–

অতিরিক্ত ب অব্যয়টি যে তাকীদ প্রকাশ করেছে, 'মোটেও' শব্দটি হচ্ছে সেই তাকীদের তরজমা।

(গ) يُخٰدعون এর মাঝে يَخْدَعون এর তুলনায় অতিশয়তার অর্থ রয়েছে। সুতরাং يخادعون এর তরজমা হবে, তারা দাগাবাজি/ ধোকাবাজি/ফেরেববাজি করে, আর يَخْدَعون এর অর্থ হবে, তারা ধোকা দেয়।

(ঘ) و الذين اٰمنوا (এবং যারা ঈমান এনেছে তাদের সাথে) সাধারণভাবে মাওছূল ও ছিলাহ-এর শাব্দিক তরজমা করাই উত্তম, যেমন এখানে করা হয়েছে। তবে এমন তরজমাও করা যায়, 'আল্লাহর সাথে এবং মুমিনদের সাথে ....'

(ঙ) مرض এর তানবীনকে تعظيم বা বিরাটত্ব প্রকাশের জন্য নেয়া হয়েছে। এখানে 'ব্যাধি'-এর পরিবর্তে 'মরয' ব্যবহার করা হয়েছে এজন্য যে, তাতে নিন্দাভাব অধিক প্রকাশ পায়।
فَزَادَهم اللّٰهُ مَرَضًا (অনন্তর বাড়িয়ে দিয়েছেন তাদেরকে আল্লাহ 'মরয') مَرَضًا কে দ্বিতীয় مفعول به ধরে এ তরজমা করা হয়েছে। مَرَضًا কে তামীয ধরে এবং তামীযের মূলরূপটি বিবেচনা করে তরজমা করা যায়, 'অনন্তর বাড়িয়ে দিয়েছেন আল্লাহ তাদের 'মরয''।

(চ) انما نحن مصلحون (আমরা তো 'শুধু' সংশোধন করি) 'শুধু' হচ্ছে انما এর 'হছর' এর তরজমা, আর 'তো' হচ্ছে إن এর তাকীদের তরজমা।
'সংশোধন করি' এখানে اسم الفاعل কে مضارع অর্থে গ্রহণ করা হয়েছে। থানবী (রহ) مُستهزِؤون এর ক্ষেত্রে তা করেছেন, কিন্তু مصلحون এর ক্ষেত্রে তা করেননি। কিতাবের তরজমায় مصلحون ও مستهزؤون উভয় ক্ষেত্রেই তা করা হয়েছে।

(ছ) ألا এর তরজমা, থানবী (রহ) করেছেন 'মনে রেখো', আর শায়খুলহিন্দ (রহ) করেছেন, 'জেনে রেখো'। অধিকাংশ বাংলা মুতারজিম এটাকেই অনুসরণ করেছেন। তবে حرف التنبيه হিসাবে এর সর্বোত্তম তরজমা হলো, 'সাবধান'।

(জ) يستهزئ بهم (তাদের তামাশার জবাব দেন) শাব্দিক তরজমার পরিবর্তে হাকীকতের ভিত্তিতে এ তরজমা করা হয়েছে।

(ঝ) يعمهون (এমন অবস্থায় যে, তারা দিশেহারা হয়) এটি তারকীব অনুগামী তরজমা। সরল তরজমা এমন হতে পারে- ফলে তারা দিশেহারা হয়ে পড়ে।

(ঞ) اشتروا (খরিদ করেছে) বিকল্প তরজমা, 'গ্রহণ করেছে'। তখন تجارتهم এর তরজমা হবে, 'তাদের বিনিময়'।

أسئلة :

١ - اشرح كلمةَ الناسُ .

٢ - اذكر معانِيَ مَدَّ - يُمُدُّ - مَدًّا .

٣ - عَلامَ عُطِفَ قولُه تعالى : و الذين أمنوا .

٤ - عَيِّنِ الشرطَ و جوابَه في قولِه تعالى : و إذا قيل لهم ....

٥ - يُخدعون ও يخادعون এর তরজমার পার্থক্য আলোচনা করো

٦ - ألا এর তরজমা আলোচনা করো

(٣) هو الذي خلَقَ لكم ما في الارضِ جَميعا ثم استوٰى إلى السماء فَسَوّٰاهن سبعَ سمٰوٰتٍ و هو بِكلِّ شيءٍ عليم * و اذ قال ربُّك للملٰئكةِ اني جاعِل في الارض خليفةً، قالوا أَتَجعل فيها مَن يُفسِد فيها و يَسْفِك الدماءَ، و نحن نُسبِّح بِحَمْدِك و نُقَدِّس لَكَ، قال اني اَعْلَم ما لا تَعلمون * و عَلَّم اٰدمَ الاسماءَ كلَّها ثم عَرَضَهم على الملٰئكةِ فقال اَنبِئُوني بِاسماء هٰؤلآءِ ان كنتم صٰدقين * قالوا سُبحٰنك لا عِلْمَ لنا اِلاَّ ما عَلَّمْتَنا، اِنك انت العليمُ الحكيم * قال يٰادَمُ اَنبِئْهُم باسمآئهم، فَلمَّا اَنْبَأهم بِاسمائهم قال اَلَمْ اَقُل لكم اِني اعلَم غيبَ السمٰوٰت و الارض و اَعلم ما تبدون و ما كنتم تكتُمون *

بيان اللغة

سَوّٰاهن (সেগুলোকে নিখুঁতভাবে বানালেন) سَوّٰى شيئًا تَسْوِيَة : قَوَّمَه و عَدَّلَه و جعله سَوِيًّا সুষ্ঠ, সঠিক ও নিখুঁত বানালো

سَوّٰى بينَهما : ساوٰى بينهما ، أي جَعَلَهما يَتَماثَلانِ و يَتَعادلانِ
উভয়কে সমান করলো, উভয়ের মাঝে সমতাবিধান করলো

استَوٰى شيءٌ : استقام و اعتدل — সুষ্ঠু, সঠিক ও নিখুঁত হলো

استوى الشيئان : تساويا — বস্তুদুটি সমান হলো

استوى على سَريرِ المُلْكِ — রাজসিংহাসনে আরোহণ করলেন। রাজত্বভার গ্রহণ করলেন

استوى إليه : قَصَدَه و توجَّهَ إليه — তার অভিমুখী হলো

الرحمٰن على العرشِ اسْتَوٰى : ارتَفَع على العرشِ (و نحن لا نعرف حقيقَةَ هذا الاستواء، و لٰكِنْ نُؤمِن بما قاله الرحمٰن)

إذ : اسمُ ظرف بِمعنى حينٍ، مبنيٌّ على السُّكونِ، يكون ظرفًا لِحَدَثٍ ماضٍ، و تُضاف إلى جملة فعلية و اسمية . و قد تُحذف الجملة، و يُنَوَّن إذ عِوَضًا عن الجملةِ، و يُكْسَرُ إذ حِينَئِذٍ .

خليفة : (الهاء للمبالغة) جمعه خلائف و خلفاء : النائب، المستخلَف، السلطان الأعظم .

الخلافة : النيابة عن الغير، الإمامة، مَنْصِب الخليفة .

و النيابة تكون لِغَيبَةِ المَنُوبِ عنه و لموته و لِعَجْزِه، و تكونُ لِتشريف المُستخلَف، و على هذا الوجه الأخير جعل اللّٰه الإنسانَ خليفتَه في الأرض . استخلفه : جعله خليفة

جاعل (বানাবে) جعل (ف، جعلا) هذا فعل عام، يُستعمل مكانَ كثير من الأفعال، نحو : أوجَدَ و خلَقَ، و صيَّر، و عيَّن، و اتخذَ، و وضَعَ
সৃষ্টি করলো, বানালো, নির্ধারণ/নিযুক্ত করলো, গ্রহণ করলো, স্থাপন করলো

يسفِك الدماء : (يُرِيقها) (রক্তপাত করবে) (ض، سَفْكًا)

نسبح : التسبيح . تنزيه الله تعالى — আল্লাহর পবিত্রতা বর্ণনা করা

سَبَّحَ اللّٰهَ و سَبَّحَ لِلّٰهِ . — আল্লাহর পবিত্রতা বর্ণনা করলো

سبح بِحَمْدِ اللّٰه — আল্লাহর প্রশংসা করার মাধ্যমে তাঁর পবিত্রতা বর্ণনা করলো

نقدس : قَدَّسَ لِلّٰهِ : عظَّمه و أعلَن كبرياءَه

عَرَض عليه شيئًا (ض، عَرْضًا) : أَراه إيَّاه، قَدَّمه إليه পেশ করলো

أنبِئوني (আমাকে অবহিত করো) أَنبأه و نَبَّأه الخبرَ أو بالخبرِ : أخبَره به

تكتُمون : (تُخفون) كتَم شيئا (ن، كَتْما و كِتمانا) : أخفاه

و يتعَدّٰى كتَمَ إلى مفعولين، فيُقال : كتمتُ فلانًا الحديثَ، و تُزاد

مِنْ جوازًا في المفعولِ الأول، فيقال : كتمتُ مِن فلانٍ الحديثَ

بيــان الإعراب

هو الذي خلق لكم ما في الأرض جميعا : هو في محل رفع مبتدأ، و الذي اسمٌ موصولٍ في محل رفعٍ خبرٌ، و الجملة التي بعده صلَتُه ·

و ما اسمٌ موصولٍ في محل نصب مفعول به، و في الأرض يتعلق بمحذوف، و هو صِلة الموصول

جميعا : (هو بمعنى مجتمعا) حال من مفعولِ خلَقَ، و هو : ما ·

إلى السماء : يتعلق بـ : استوى على وجهِ التضمين، لأنه يتضمَّن معنى قَصَدَ أو توجَّه · و سبعَ سمٰوٰتٍ مفعول به ثان لـ : سَوّاهن،

و إذ قال ربك للملئكة : إذ في محل نصب مفعولٌ لِفعلٍ محذوف، و هو اذكُرْ، او هو ظرفٌ لـ : قالوا، و أصلُ العبارة على الوجه الأول : اذكر حينَ قولِ ربِّك للملٰئكة ...، و على الوجه الثاني : قال الملٰئكةُ حينَ قولِ ربِّك لهم ...

و نحن نسبح بحمدك : هذه الجملة حال من فاعل تجعل، و بحمدك يتعلق بمحذوف، و هو حال من فاعلِ نُسبح، أي : متلبسين بحمدك ·

و علم آدم الأسماء ثم عرضهم على الملئكة : الأسماء مفعول به ثان لـ : عَلَّم، و هو على حذفِ المضاف إليه، أي : أسماءَ المُسَمَّيَاتِ ·

و جملةُ عَرَضَهُم عطفٌ على جملةِ عَلَّمَ آدم الأسماءَ، أي : عرض مُسَمَّيَاتِ الأسماء، و غَلَبَ العُقلاءَ علىٰ غيرِ العُقلاء، فَأَتىٰ بِضمير العقلاء ·

أنبِؤوني : فعلُ أمرٍ، و فاعلٌ و مفعولٌ به، و الأمرُ هنا لِلتعجيز ·

سبحنك : مفعولٌ مطلق، و هو مصدرٌ لا يُستعمَل إلا مضافا، منصوبٌ بإضمارِ فعْلِه أي : نسبح سبحنك ·

لا علم لنا : لا نافية للجنس، و عِلْمَ اسمُها المبني على الفتح، و لنا متعلق بِخَبَرِ لا المحذوفِ ·

أنت : ضميرٌ فصلٍ، لا محلَّ له من الإعراب، و العليم خبرُ إن الأولُ، و الحكيم خبر إن الثاني · و يجوز أن يكون أنت ضميرا منفصلا في محل رفع على الابتداء، خبره العليم الحكيم · و الجملة الإسمية في محل رفع خبر إن ·

الترجمة

তিনিই ঐ সত্তা যিনি সৃষ্টি করেছেন তোমাদের (উপকারের) জন্য যা কিছু যমীনে আছে তা 'সকল'। তারপর 'অভিমুখী' হলেন তিনি আসমানের (সৃষ্টির) দিকে, অনন্তর নিখুঁতভাবে বানালেন সেগুলোকে সাত আসমান। আর তিনি তো সর্ববিষয়েই অবগত।

আর (ঐ সময়কে স্মরণ করুন) যখন বললেন আপনার প্রতিপালক ফিরিশতাসমাজকে, আমি বানাতে যাচ্ছি পৃথিবীতে একজন 'খলীফা'। তারা নিবেদন করল, আপনি কি বানাবেন সেখানে এমন সম্প্রদায় যারা ফাসাদ করবে সেখানে এবং রক্তপাত ঘটাবে! অথচ আমরা পবিত্র বর্ণনা করে চলেছি আপনার প্রশংসাসহ এবং বড়ত্ব ঘোষণা করে চলেছি আপনার। তিনি বললেন, নিঃসন্দেহে আমি জানি যা তোমরা জানো না।

আর তিনি আদমকে (বস্তুসমুদয়ের) সকল নাম (ও গুণ)-এর ইলম দান করলেন। তারপর তিনি উপস্থাপন করলেন সেগুলোকে ফিরেশতাদের সামনে, অনন্তর বললেন, বলে দাও তোমরা আমাকে এগুলোর নাম, যদি তোমরা সত্যবাদী হয়ে থাকো (খেলাফতের যোগ্যতার ধারণার ক্ষেত্রে)।

তারা নিবেদন করলো, আপনি চিরপবিত্র, আপনি আমাদেরকে যা ইলম দান করেছেন তা ছাড়া আমাদের কোন ইলম নেই। নিঃসন্দেহে আপনিই সর্বজ্ঞানী, মহাপ্রজ্ঞাময়।

তিনি বললেন, হে আদম! বলে দাও তুমি তাদেরকে এগুলোর নাম। অনন্তর যখন বলে দিলেন আদম তাদেরকে সেগুলোর নাম তখন আল্লাহ বললেন, আমি কি বলিনি তোমাদেরকে যে, আমি জানি আসমান (সমূহের) ও যমীনের সমস্ত গোপন বিষয় এবং জানি (ঐ বিষয়) যা প্রকাশ করো তোমরা এবং যা গোপন করো তোমরা।

ملاحظات حول الترجمة

(ক) خلق لكم (সৃষ্টি করেছেন তোমাদের [উপকারের] জন্য) ل অব্যয়টি অনুকূলতা, কল্যাণ ও উপকারিতা প্রকাশ করে, علَى অব্যয়টি এর বিপরীত, এ জন্য বন্ধনীতে 'উপকারের' কথাটি যোগ করা হয়েছে।

ثم استوى إلى السماء (তারপর 'অভিমূখী' হলেন তিনি আসমানের [সৃষ্টির] দিকে) কেউ কেউ তরজমা করেছেন, আসমানের দিকে মনোনিবেশ করলেন/মনোযোগী হলেন। আল্লাহর শানে এই শব্দপ্রয়োগ অসঙ্গত মনে হয়।

(খ) فسوّٰهن سبعَ سمٰوٰت (অনন্তর নিখুঁতভাবে বানালেন সেগুলোকে সাত আসমান) আল্লাহ তাআলা خلق এর পরিবর্তে سَوّٰى ব্যবহার করেছেন, যাতে নিখুঁত হওয়ার অর্থ রয়েছে। তাই سوى এর তরজমা শুধু 'সৃষ্টি করেছেন' করা সঠিক নয়।

(গ) إني جاعل (বানাতে যাচ্ছি) 'বানাবো' এর পরিবর্তে 'বানাতে যাচ্ছি' তরজমা করার কারণ এই যে, তাতে إن এর তাকীদ উঠে আসে এবং নিরংকুশ ক্ষমতার অভিব্যক্তি প্রকাশ পায়। থানবী (রহ) 'বানাবো' তরজমা করেছেন এবং তাকীদের জন্য স্বতন্ত্র শব্দ 'অবশ্যই' ব্যবহার করেছেন। কিন্তু তাতে নিরংকুশ ক্ষমতার ভাবটি প্রকাশ পায় না।

(ঘ) و إذ قال ربك للملٰئكة (আর [ঐ সময়কে স্মরণ করুন] যখন বললেন আপনার প্রতিপালক ফিরেশতাসমাজকে) এ বন্ধনী যুক্ত হয়েছে ব্যাকরণগত প্রয়োজনে।

এখানে الملٰئكة এর ক্ষেত্রে বহুবচনের পরিবর্তে সম্প্রদায়গত দিকটি প্রধান, তাই 'ফিরেশতাসমাজ' তরজমা করা হয়েছে। 'ফিরেশতাসম্প্রদায়'ও বলা যায়। 'ফিরশতাদেরকে' এ তরজমাও ভুল নয়।

(ঙ) 'খলীফা' শব্দটির স্বতন্ত্র আবেদন ও মর্যাদা রয়েছে। তাই বাংলা প্রতিশব্দ 'প্রতিনিধি' এর ব্যবহার এ ক্ষেত্রে সঙ্গত মনে হয় না। শায়খায়ন نائب (স্থলবর্তী) শব্দটি ব্যবহার করেছেন।

(চ) من يُفسد فيها (এমন সম্প্রদায় যারা ফাসাদ করবে সেখানে) শব্দগতভাবে من হচ্ছে মুফরাদ, এ হিসাবে পরবর্তী ফেয়েল দু'টি মুফরাদ এসেছে, কিন্তু ফিরেশতাদের উদ্দেশ্য হযরত আদম (আঃ) নন, বরং মানবসম্প্রদায়, তরজমায়

সেটাই বিবেচনা করা হয়েছে।

(ছ) و نقدس لك (এবং বড়ত্ব ঘোষণা করে চলেছি আপনার) استمرار ও অব্যাহততার দিক বিবেচনা করে এ তরজমা করা হয়েছে।

(জ) علم آدمَ الأسماء كلَّها (তিনি আদমকে [বস্তুসমূদয়ের] সকল নাম [ও গুণ] এর ইলম দান করলেন) থানবী (রহ) বলেছেন, এখানে الأسماء শব্দটি বৃহত্তর অর্থে, অর্থাৎ নাম ও ছিফাত উভয় অর্থে এসেছে। বন্ধনীতে সেদিকেই ইঙ্গিত করা হয়েছে। আর প্রথম বন্ধনীতে উহ্য مضاف إليه এর দিকে ইঙ্গিত রয়েছে।

أسئلة :

١ - ما معنى الخلافَةِ و كم قِسما النِّيابَةُ ؟ و على أيِّ وجهٍ كانت خلافةُ الإنسان في الأرض ؟

٢ - أعرب قوله : خليفةً .

٣ - علامَ عُطف قولُه تعالى : و يسفِك الدماء ؟

٤ - بم يتعلق قوله : بحمدك ؟

٥ - سوّٰهن এর তরজমা পর্যালোচনা করো

٦ - قلنا للملئكة এর তরজমা পর্যালোচনা করো

(٤) يٰبني إسرءيلَ اذكروا نِعمَتي التي انعمتُ عليكم و اَوفوا بِعهدي اُوفِ بِعَهدكم، و ايَّايَ فَارْهَبون * و اٰمنوا بما اَنزلتُ مصدِّقا لما مَعَكم و لا تكونوا اَوَّلَ كافرٍ به، و لا تَشتروا باٰيتي ثَمنا قَليلا، وَ إيَّاي فَاتَّقون * و لا تَلْبِسوا الحقَّ بِالباطِلِ و تَكتُموا الحق وَ انتم تعلمون * و اَقِيموا الصَّلٰوة و اٰتوا الزكٰوةَ و اركَعُوا مَع الرّٰكعين * اَ تأمُرون الناسَ بِالبِرِّ و تَنْسَوْنَ انفُسكم و انتم تَتلون الكِتٰبَ، اَ فَلا تعقِلون * و استَعينوا بِالصَّبرِ و الصلٰوة، وَ إنَّها لَكبيرَةٌ إلَّا على الخٰشعين *

الذين يظنّون انهم مُلٰقوا ربّهم و انهم اليه رٰجعون * يٰبني
اسرءيل اذكروا نعمتي التي انعمتُ عليكم وَ اني فضّلتكم على
العٰلمين * وَ اتّقوا يومًا لا تجزي نفسٌ عن نفسٍ شيئًا و لا
يُقبل منها شفاعةٌ و لا يؤخذ منها عدلٌ و لا هم يُنصرون *

بيان اللغة

اسرائيل : عَلَمٌ أعجميٌّ، مُنع من الصرفِ، و هو مركب إضافي، فانَّ إسرا هو العبدُ بالعِبْرِيّة، وَ إيلَ هو الله، و هو لَقَب لِيعقوبَ عليه السلام .

نِعمة : جمعها نِعَم، (مَا أُنعِم به من رزقٍ و مالٍ و غيرهما)
রিযিক, মাল, ইত্যাদি যা দান করা হয়েছে, নেয়ামত।

و النِّعْمَة : الحال الحَسَنة উত্তম অবস্থা

نَعمة : الرَّفاهَة و طِيبُ العَيشِ، সচ্ছলতা ও প্রাচুর্য

نَعيم : ما استُمْتِعَ به যা ভোগ করা হয়

سَعَةُ العيشِ و حُسن الحالِ সচ্ছলতা ও প্রাচুর্য, উত্তম অবস্থা

يقال : نعيم الجنة، نعيم الدنيا، جنات النعيم

أنعَمَ عليه بِشيءٍ : أعطاه إياه . نَعَّمه : جَعَله ذا نَعيمٍ

أوفُوا : (তোমরা পূর্ণ করো) أَوفٰى بالوَعْدِ و العَهْدِ (إيفاءً) و وَفٰى بالوعدِ (ض، وَفاءً) : عَمل بالوعد و حافَظ عليه ওয়াদা রক্ষা করলো

وَفّٰى نَذْرَه و أَوْفٰى : أَدّٰى النذرَ নযর পূর্ণ করলো

أوفٰى الكيلَ : أَتَمَّ الكيلَ মাপ পূর্ণ করে দিলো

أوفٰى فلانًا حقّه : أعطاه إيّاه وافيا تامًّا তাকে তার হক পূর্ণরূপে দান করলো

وَفّٰى فلانًا/إلى فلانٍ حقّه = أوفٰى

فارهَبون : رَهِبه (س، رَهَبا، رَهْبَة) خافه . أرهبه : أخافه

لا تلبِسوا : لَبَس عليه الأمرَ (ض، لَبْسًا) : خَلَطه عليه حتى لا يعرفَ حقيقَتَه তার জন্য বিষয়টিকে বিভ্রাটপূর্ণ করে দিল

لَبَس الحقَّ بالباطِلِ : خَلَطه به حتى لا يُمكِنَ تَمْييزُ الحق من الباطل

হককে বাতিলের সাথে মিশিয়ে/গুলিয়ে ফেললো।

الـتبس عليه الأمرُ — জটিল হলো, বিভ্রাটপূর্ণ হলো

خْشعين : خَشَع (ف، خُشوعا) خَضَع و ذَلّ و خاف

অনুগত হলো, ভয় করলো।

خَشَع لربه : خَضَع له. — আপন প্রতিপালকের অনুগত হলো

خشع صوتُه : انخَفَضَ (و خشعت الأصوات للرحمٰن) — নীচু হলো

لا تجزي : (যথেষ্ট হবে না, উপকার দান করবে না)

جَزٰى شيءٌ (ض، جَزاءً) كَفٰى و أغنٰى

جَزٰى فلانًا بكذا : كافَأَه بكذا — তাকে তা দ্বারা প্রতিদান দিলো

جَزاه على كذا — তাকে তার প্রতিদান দিলো

جزاه عَن فلانٍ — তাকে অমুকের পক্ষ হতে প্রতিদান দিলো

عَدل : فِداء মুক্তির বিনিময় إنصاف ন্যায়বিচার

بيـان الإعراب

اسرءيل : مضاف إليه مجرور بالفتحة، لأنه ممنوع من الصرف للعلمِيَّة و العُجْمَةِ .

أنعمت عليكم : الجملة صلة الموصول، و العائد محذوف، أي : بها

أوف : مضارع مجزوم، لأنه جواب الطَّلَب، و علامَةَ جَزمه حَذفُ لامِه، لأنه ناقص، و فيه معنى جوابِ الشرط، أي : إن تُوفوا أوفِ .

إياي : ضمير منفصل مبني في محل نصب مفعول به لِفعلٍ مقدَّر، يُفَسِّره الفعلُ المذكور، و ليس مفعولا به مقدَّما للفعل المذكور، لأنه قَدِ اسْتَوْفٰى مفعولَه، و هو الياء المقدَّرة، و الأصل : فارهبوني .

معكم : ظرفُ مكان، متعلق بِشِبْهِ فعل محذوف، و هو صلة الموصول .

أوَّلَ كافرٍ : خبرُ الناقصِ، و به (أي : بما أنزلتُ) يتعلق بـ : كافر .

إياي فاتقون : تُعرَب إعرابَ إيَّايَ فارهبون

و الفاء في هذا التركيب الذي تكرَّرَ في القرآن كثيرًا، فيها قولان : أحدهما أنها عاطفة، عُطف بها الجملة المذكورة على الجملة المقدرة، أي : تَنَبَّهوا فارهَبوا . و ثانيهما أنها زائدة جاءت لتوكيد المعنى و تَزيينِ اللفظ .

و تكتموا : الواو عاطفة، و تكتموا مضارع مجزوم عطفا على تلبسوا، داخلةٌ تحتَ حكمِ النهي، أو هي واوُ المعيَّةِ، و المضارع منصوب بـ : أن التي تقدَّر بعدَها، و أصل العبارة : لا تلبسوا الحق بالباطل مع كتمان الحق.

و يجوز أن يكون المصدر المؤوَّل معطوفا على مصدرٍ مأخوذٍ من الكلام السابق، أي : لا يَكُنْ منكم لَبْسُ الحق بالباطلِ و كتمانُ الحق.

الذين يظنون : الموصول مع صلته نعت لـ : الخشعين، أو خبر لمبتدأ محذوف، أي : هم الذين.

يوما : مفعول به على حَذفِ مضاف، أي : عذابَ يومٍ، و الجملة التي بعده في محل نصب نعتٌ له.

شيئا : مفعول به أو مفعول مطلق نابَ عن المصدر، أي : لا تجزي نفس عن نفس جزاءً شيئًا (أي : لا قليلا و لا كثيرا).

الترجمة

হে বনী ইসরাঈল! স্মরণ করো তোমরা আমার ঐ (সকল) নেয়ামত যা দান করেছি আমি তোমাদেরকে এবং পূর্ণ করো আমার (সঙ্গে কৃত তোমাদের) প্রতিশ্রুতি, তাহলে পূর্ণ করবো আমি তোমাদের (সঙ্গে কৃত আমার) প্রতিশ্রুতি। আর আমাকেই শুধু ভয় করো। আর ঈমান আনো ঐ কিতাবের প্রতি যা আমি নাযিল করেছি, যা সত্যায়ন করে তোমাদের সঙ্গে বিদ্যমান কিতাবকে।

আর তোমরা তার (কোরআনের) প্রথম অস্বীকারকারী হয়ো না। আর গ্রহণ করো না আমার আয়াত (বিধান)গুলোর বিনিময়ে সামান্য মূল্য। আর আমাকেই শুধু 'পূর্ণভাবে' ভয় করো।

আর মিলিয়ে ফেলো না তোমরা সত্যকে মিথ্যার সাথে 'জেনেশুনে' এবং সত্যকে গোপনও করো না। আর তোমরা (ইসলাম গ্রহণ-পূর্বক) কায়েম করো ছালাত এবং আদায় করো যাকাত এবং বিনয় অবলম্বন করো বিনয় অবলম্বনকারীদের সঙ্গে।

কী আশ্চর্য! মানুষকে তোমরা আদেশ করো নেক কাজের, আর ভুলে যাও নিজেদের; অথচ তোমরা তেলাওয়াত করে থাকো (তাওরাত) কিতাব; তো তেমরা কি (কিছুই) বোঝো না।

আর শক্তি অর্জন করো তোমরা ছবর ও ছালাতের মাধ্যমে। আর

নিঃসন্দেহে ছালাত কঠিন অবশ্যই, তবে তাদের উপর নয় যারা 'খুশু' অবলম্বনকারী, যারা খেয়াল রাখে যে, অবশ্যই তারা তাদের প্রতিপালকের সম্মুখীন হবে এবং তাঁরই কাছে ফিরে যাবে তারা।

হে বনী ইসরাঈল! স্মরণ করো তোমরা আমার ঐ (সকল) নেয়ামত যা দান করেছি আমি তোমাদেরকে এবং (স্মরণ করো কোন কোন ক্ষেত্রে) সমগ্র বিশ্বের উপর তোমাদেরকে 'অগ্রমর্যাদা' দানের বিষয়টিকে।

আর ভয় করো তোমরা ঐ দিনকে (যেদিন) কোন উপকার করতে পারবে না কেউ কারো এবং কবুল করা হবে না কারো পক্ষ হতে কোন সুফারিশ, এবং গ্রহণ করা হবে না কারো থেকে কোন 'মুক্তিপণ', আর না তাদেরকে (কোন প্রকার) সাহায্য করা হবে।

ملاحظات حول الترجمة

(ক) و اركعوا مع الرّٰكعين (এবং বিনয় অবলম্বন করো বিনয় অবলম্বনকারীদের সঙ্গে), এ তরজমা হযরত থানবী (রহ) এর। তিনি বলেন, আমল দুই প্রকার, যাহেরি ও বাতেনি। যাহেরি আমল দুই প্রকার, জানি ও মালি। তো আমল হলো মোট তিন প্রকার, আর এখানে এই তিন প্রকার আমলের উদাহরণ উল্লেখ করা হয়েছে। ছালাত হলো জানের আমল, যাকাত হলো মালের আমল, আর বিনয় ও 'তাওয়াযু' হলো নফসের আমল। আর যেহেতু নফসের বিনয় ও তাওয়াযু হাছিল হওয়ার ক্ষেত্রে ছোহবতের বিরাট আছর রয়েছে সেহেতু তাওয়াযুওয়ালাদের সঙ্গ ও ছোহবত গ্রহণের আদেশ করা হয়েছে। এ তরজমার ভিত্তি হলো ركوع এর আভিধানিক অর্থ। অন্য তরজমা- তোমরা রুকু করো (ছালাত আদায় করো) রুকুকারী (ছালাত আদায়কারী)দের সাথে।

এ তরজমার ভিত্তি হলো ركوع এর পারিভাষিক অর্থ- এখানে অংশ (রুকু) দ্বারা সমগ্র (ছালাত) বোঝানো হয়েছে এবং জামাতের ইহতিমাম করতে বলা হয়েছে।

শায়খুলহিন্দ (রহ) তরজমা করেছেন, আর তোমরা অবনত হও নামাযে, যারা অবনত হয় তাদের সঙ্গে।

(খ) لا تجزي نفس عن نفس شيئا (কোন উপকার করতে পারবে না/কাজে আসবে না কেউ কারো) এ তরজমার সূত্র এই যে,

جزى এর একটি অর্থ হচ্ছে كَفَى و أَغْنَى এটি শায়খুলহিন্দ (রহ)-এর তরজমা।
বিকল্প তরজমা– কেউ কারো পক্ষ হতে কোন দাবী পরিশোধ করতে পারবে না। (যেমন অমুকের যিম্মায় এত ওয়াক্তের নামায রয়েছে, আর অন্য কেউ বললো, আমার নামায নিয়ে তাকে মাফ করা হোক) এ তরজমার সূত্র, এই যে, جَزَى عنه এর অর্থ হলো, قَضَى و أَدَّى عنه এটি থানবী (রহ) এর তরজমা.

(গ) إياي فارهبون এবং إياي فاتقون থানবী (রহ) উভয় ক্ষেত্রের তরজমায় পার্থক্য করেছেন; প্রথম ক্ষেত্রে শুধু 'ভয় করো' লিখেছেন, আর দ্বিতীয় ক্ষেত্রে লিখেছেন, পূর্ণরূপে ভয় করো।
তিনি তার তরজমার পক্ষে যুক্তি প্রদর্শন করে বলেন–
رَهْبة হচ্ছে ভয়ের প্রথম পর্যায়, আর تقوى হলো ভয়ের চূড়ান্ত পর্যায়।

(ঘ) أفلا تعقلون থানবী (রহ) তরজমা করেছেন, তাহলে তোমরা কি এতটুকু বোঝো না।
শায়খুলহিন্দ (রহ) তরজমা করেছেন, তাহলে কেন তোমরা চিন্তা করো না।
মূল অর্থ হলো আকল ব্যবহার করা, যার ফল হলো বুঝ অর্জিত হওয়া।

(ঙ) واستعينوا অধিকাংশ বাংলা তরজমা এই, 'আর তোমরা ধৈর্য ও নামাযের মাধ্যমে সাহায্য প্রার্থনা করো'।
এ তরজমা থেকে মনে হয় যেন ধৈর্য ও নামাযের মাধ্যমে আল্লাহর কাছে সাহায্য প্রার্থনা করতে বলা হয়েছে। এ তরজমা সঠিক নয়। আসলে আল্লাহ বলেছেন, সম্পদলিপ্সা ও যশলিপ্সা থেকে মুক্তি লাভের জন্য তোমরা ছবর ও ছালাতের মাধ্যমে শক্তি সঞ্চয় করো। ছবর দ্বারা সম্পদলিপ্সা দূর হবে, আর ছালাত দ্বারা যশলিপ্সা দূর হবে। থানবী (রহ) এটা পরিষ্কার করেছেন।
এ তরজমাও হতে পারে, 'তোমরা ছবর ও ছালাতের সাহায্য গ্রহণ করো'।

(চ) ছবর ও খুশু হচ্ছে ইসলামের নিজস্ব শব্দ। সুতরাং কোরআনের তরজমায় এগুলোর প্রতিশব্দ ব্যবহার করা সঙ্গত নয়।

أسئلة :

١ – اشرح وَفّٰى و أَوْفٰى

٢ – أعرب قوله : أُوفِ

٣ – أعرب قوله : و تكتُموا

٤ – أعرب قوله : شيئا

٥ – و اركعوا مع الرّٰكعين এর তরজমা পর্যালোচনা করো

٦ – و استعينوا بالصبر و الصلاة এর তরজমা পর্যালোচনা করো

(٥) وَ اذ قلتُم يٰموسٰى لن نُّؤمِن لك حَتّٰى نرى اللّٰه جَهْرَةً فاخَذَتكم الصّٰعِقَةُ و انتم تنظُرون * ثم بعثْنٰكم من بعدِ موتكم لعلكم تَشكرون * و ظَلَّلْنا عليكم الغَمامَ و انزلنا عليكم المَنَّ و السَّلْوٰى، كلوا من طَيِّبٰت ما رَزقنٰكم، وَ ما ظَلمونا و لٰكِنْ كانوا انفُسَهم يظلِمون * وَ اذ قلنا ادخُلوا هذه القريَةَ فكلوا منها حيثُ شِئتُم رَغَدًا و ادخلُوا البابَ سُجَّدًا و قولوا حِطَّةٌ نغفِرْ لكم خَطٰيٰكم، و سَنَزيد المحسنين * فَبَدَّل الذين ظلَموا قولًا غيرَ الذي قِيلَ لهم فانزلنا على الذين ظلموا رِجْزًا من السماء بما كانوا يفسُقون *

بيان اللغة

جَهرة : عَلانِيَةً (প্রকাশ্যে) وَعِيانا (স্বচক্ষে) و أصلُ الجَهْرِ الظهور

جَهَر شيءٌ (ف، جَهْرًا) عَلَنَ و ظَهَر

جَهر بالقولِ (ف، جَهْرًا، جِهارا) أعلنه — প্রকাশ্যে বলল

جهر بالقراءة : قرأ بصوتٍ عال يسمعه الجميعُ — শব্দ করে পড়ল

جَهر شيئا : رآه بلا حِجابٍ

صاعقة : صَيْحَة العذاب، أو هي نار محرقة . العذاب المهلك . جسم ناري مشتَعِل يسقُط من السماء في رَعْدٍ شديد (বজ্র) و جمعها صواعق

صَعِقَ الرجل (س، صعقا) : غُشِيَ عليه   বেঁহুশ হয়ে গেলো

ظَلَّلَ فلانا (ছায়াদান করলো) يقال ظلله بكذا و ظلل اللهُ عليه الغمامَ

আল্লাহ তার উপর মেঘের ছায়া বিস্তার করলেন।

ظَلَّله من الشمسِ   তাকে রোদ থেকে ছায়াদান করলো

مَنٌّ : قيل : المنُّ شيء كالطَّلِّ فيه حَلاوة يسقُط على الشجَرِ، و هو الذي أنزلَه الله بقدرته في البَرِّيَّةِ على بني اسرائيلَ ·

السلوى : طير معروف

رغدا : أي أكلا واسعا، هنيئا، لا عَناءَ فيه

প্রচুর ও উপাদেয় আহার, যাতে কোন কষ্ট নেই।

رَغِدَ العيشُ (س، رَغَدًا) : نَعُمَ و طاب و اتسَعَ

জীবন প্রাচুর্যপূর্ণ ও সুখময় হলো।

رَغُدَ العيشُ (ك، رَغَدًا و رَغادَةً) : رَغِدَ

حطة : مصدر بمعنى حُطَّ عنا ذنوبَنا (ن)، أي : أبعِد عنا ذنوبَنا ·

خطايا : جمع خَطيئة : ذنب

رجزا : أي عذابا

بيان الإعراب

قلتم : هذه الجملة في محل جر بإضافة الظرف إليها، و قد تقدم أنَّ كلَّ ظرفٍ يضاف إلى الجملة التي بعدها،

لن نؤمن لك : هنا حذفُ المضاف، أي : لن نؤمن لِأَجْلِ قولك

و حتى حرف جرٍّ و غايةٍ، و حرفا الجرِّ يتعلقان بـ : نؤمنَ

نرى : مضارع منصوب بـ : أن المضمرةِ وجوبًا بعد حتى، و علامة النصب الفتحة المقدرة، لِتَعذُّرِ ظهورِها على الألف ·

جهرة : مصدر لازم في مَوضِع الحال من لفظ الجلالة، أي : نراه ظاهرا، أو مصدر متَعَدٍّ في موضع الحال من فاعل الرُّؤيَة، أي : نرى الله جاهرين بالرؤية، و يجوز أن يكون مفعولا مطلقا لفعل محذوف، أي : جهرتم بهذا القول جهرةً، و يجوز أيضا أن يكون مفعولا مطلقا نائبا عن المصدر، لأنه في معنى الرؤية، يقال : جهر شيئا

أي : رآه بلا حجاب، و المعنى : حتى نرى الله رؤية بلا حجاب ·

كلوا من طيبات ما رزقناكم : الجملة في محل نصب مَقُول القول، أي : و قلنا : كلوا من ... و من تبعيضيَّة

هذه القرية : الهاء حرف تنبيه، و ذه اسم إشارة في محل نصب على المفعولية، و القرية بدَل من اسم الإشارة ·

فكلوا : الفاء حرف عطفٍ، عُطفت به الجملة التالية على الجملة السابقة

حيث : ظرف مكان لمحذوف، أي : متنقلين مكان مشيئتكم

رغدا : صفة نائبة عن المفعول المطلق، أي : أكلا رَغَدا، يقال : عَيش رغَد و رَغيد، أي : طيب

الفائدة : كل ظرفٍ مكانيٍّ محدودٍ غيرِ مشتَقٍّ لا يجوز نصبه على الظرفية، بل يجب جرُّه بـ : في، نحو جلست في الدار، و أقمت في البلد، و صليت في المسجد، إلَّا إذا وقَع بعدَ دَخَلَ و نَزَلَ و سَكَنَ، فيجوز نصبُه على الظرفيَّة أو على نزعِ الخافِضِ، و الصحيح أنه منصوب على المفعولية

حطة : خبر لمبتدأ محذوف، أي : مسألتنا حطة، أو هو مصدر استعمل مكان حط عنا ذنوبنا ·

قولا : مفعول به لـ : بدل، و غير نعت لـ : قولا ·

الترجمة

আর (ঐ সময়কে স্মরণ করো) যখন তোমরা বললে, হে মূসা! আমরা (আল্লাহর প্রতি) কিছুতেই ঈমান আনবো না তোমার কথায় আল্লাহকে প্রকাশ্যে দেখা পর্যন্ত। তখন পাকড়াও করলো তোমাদেরকে (আযাবের) বজ্র তোমরা দেখতে দেখতে। তারপর পুনর্জীবিত করলাম আমি তোমাদেরকে তোমাদের মৃত্যুর পর, যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করো।

আর ছায়া বানালাম আমি তোমাদের উপর মেঘকে এবং নাযিল করলাম তোমাদের উপর 'মান্না' ও সালওয়া, (আর বললাম) আমি যে উত্তম রিযিক দান করেছি তোমাদেরকে তা থেকে আহার করো তোমরা। আর (আদেশ লঙ্ঘন করে) কোন ক্ষতি করেনি তারা আমার, বরং নিজেদেরই ক্ষতি করছিলো।

আর (ঐ সময়কে স্মরণ করো) যখন আমি বললাম, প্রবেশ করো তোমরা এই জনপদে এবং যেখানে ইচ্ছা (বিচরণ করে) জনপদের উত্তম খাদ্যসমূহ থেকে আহার করো, স্বচ্ছন্দে। আর প্রবেশ করো তোমরা (শহরের) দরজা দিয়ে, অবনত অবস্থায়, আর বলতে থাকো, 'ক্ষমা' (চাই), (তাহলে) মাফ করে দেবো আমি তোমাদেরকে তোমাদের অন্যায়গুলো এবং অবশ্যই আমার দান বাড়িয়ে দেবো 'অন্তর' থেকে নেক আমলকারীদেরকে। অনন্তর যারা অবিচার করেছে তারা পরিবর্তন করলো এমন শব্দ, যা তাদেরকে আদেশকৃত শব্দ থেকে ভিন্ন। অনন্তর যারা অবিচার করেছে তাদের উপর আমি আসমান থেকে আযাব নাযিল করলাম তাদের আদেশ অমান্য করতে থাকার কারণে।

ملاحظات حول الترجمة

(ক) لن نؤمن لك (আমরা [আল্লাহর প্রতি] কিছুতেই ঈমান আনবো না তোমার কথায়) আমাদের তরজমার ভিত্তি এই যে, ل অব্যয়টি হচ্ছে কারণবাচক। এক্ষেত্রে بالله অংশটি এখানে উহ্য হবে, অর্থাৎ- তোমার কথার কারণে আল্লাহর প্রতি কিছুতেই আমরা ঈমান আনবো না।

কোন কোন তরজমায় আছে, তোমার (নবুয়তের) প্রতি আমরা কিছুতেই ঈমান আনবো না। তারা ل অব্যয়কে অনুকূলতাবাচক ধরেছেন। এ ক্ষেত্রে لك এর উহ্যরূপ হবে لنبوتك তরজমাতুল কোরআনের পথিকৃত আলিমগণ প্রথমোক্ত তরজমা করেছেন।

(খ) لعلكم تشكرون (যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ/স্বীকার করো) শায়খুলহিন্দ ও থানবী (রহ) তরজমা করেছেন, 'যাতে তোমরা অনুগ্রহ স্বীকার করো।

(গ) و ظللنا عليكم الغمام (আর ছায়া বানালাম আমি তোমাদের উপর মেঘকে) الغمام এর مفعولية প্রকাশ করার জন্য এ তরজমা করা হয়েছে। বিকল্প তরজমা এই- আর আমি তোমাদের উপর মেঘের ছায়া বিস্তার করলাম, বা তোমাদেরকে মেঘের ছায়া দান করলাম।

(ঘ) من طيبات ما رزقناكم (আমি যে উত্তম রিযিক দান করেছি তোমাদেরকে তা থেকে) (ن) رَزْقًا এটি শুধু দান করা অর্থেও

ব্যবহৃত হয়। তবে মাদ্দাহর মূল অর্থটি তরজমায় বিবেচনা করা হয়েছে।

من طيبات ما رزقناكم এর তারকীবের সাথে তরজমার তারকীবগত পার্থক্য রয়েছে। কারণ এখানে আরবী তারকীব অনুসরণ করলে তরজমা সহজ ও সুন্দর হয় না, তবে তরজমায় আয়াতের মর্ম রক্ষা করার চেষ্টা করা হয়েছে।

(ঙ) ما ظلمونا (তারা কোন ক্ষতি করেনি আমার) শায়খুলহিন্দ ও থানবী (রহ) এ তরজমা করেছেন, কিতাবে তা অনুসরণ করা হয়েছে। বিকল্প তরজমা এই- তারা আমার প্রতি কোন অবিচার/জুলুম করেনি বরং ....

(চ) منها (জনপদের উত্তম খাদ্যসমূহ থেকে) এখানে উহ্য মুযাফ বিবেচনা করে তরজমা করা হয়েছে, অর্থাৎ من طيباتها আর যামীরের مرجع উল্লেখ করা হয়েছে স্পষ্টায়নের জন্য।

(ছ) سُجَّدا (অবনত অবস্থায়), মূল সিজদা এখানে উদ্দেশ্য নয়, কেননা ঐ অবস্থায় প্রবেশ করা সম্ভব নয়।

(জ) المحسنين। 'অন্তর থেকে' নেক আমলকারীদেরকে- এটা থানবী (রহ)-এর তরজমা। তিনি এর কারণ বলেছেন যে, إحسان অর্থই হচ্ছে আন্তরিকভাবে ইবাদত করা, যেন তুমি আল্লাহকে দেখতে পাচ্ছো, কিংবা অন্তত আল্লাহ তোমাকে দেখতে পাচ্ছেন, এই বিবেচনায় তরজমা হতে পারে, 'সমর্পিত চিত্তে সৎকর্মকারীদেরকে'

أسئلة :

١ - اذكر معنى ظلل

٢ - ما هما المن و السلوى ؟

٣ - أعرب قوله : جهرةً .

٤ - علام عُطف جملةُ أخذتكم الصعقة .

٥ - ظللنا عليكم الغمام এর মূল তরজমা এবং বিকল্প তরজমা বলো

٦ - سنزيد المحسنين এর তরজমা পর্যালোচনা করো

(٦) إن الذين اٰمنوا و الذين هادُوا و النصٰرى و الصابِئين مَنْ اٰمَن بالله

و اليومِ الاٰخرِ و عَمِل صٰلحا فَلهم اجرُهم عند ربِّهم، وَ لا خوف

عليهم و لا هم يَحزنون * وَ إِذ اخذنا مِيثاقَكم و رفَعنا فوقَكم الطور، خُذوا ما اٰتينٰكم بِقُوَّةٍ و اذكُروا ما فيه لعلكم تَتقون * ثم تَولَّيتم من بَعدِ ذلك، فَلولا فضلُ اللّٰه عليكم و رحمَتُه لَكُنتم مِنَ الخٰسرين * و لَقد علِمتم الذين اعتَدَوا منكم في السَّبت فَقلنا لهم كونوا قِرَدَةً خاسِئين * فجعلنٰها نَكالا لما بينَ يَدَيها و ما خلفَها و مَوعِظة لِلمتقين *

بيان اللغة

هادوا (نَشَأُوا في اليَهودِيَّة) (هَوْدًا، ن) ইহুদীরূপে প্রতিপালিত হয়েছে

هاد الرجل : تاب و رجع إلى الحق، (إنا هُدنا إليك)

اليَهودِيُّ : واحد اليَهودِ . المنسوبُ إلى اليهود . الهُود : اليَهود

قال تعالى : و قالوا كونوا هودا أو نصارى تهتدوا .

اليهود : قومٌ من أصلٍ سامِيٍّ، قيل : إنهم سُمُّوا كذلك بِاسْمِ يَهوذا أَحَدِ أبناء يعقوبَ .

نصارى : جمعُ نَصرانِيٍّ، من تَنَصَّرَ، أي : دَخَل في دينِ النصرانِيَّة .

النصرانِيَّةُ دينُ اتباعِ المسيحِ عليه السلام

الصابئون : جمعُ صابِئٍ، من يتركون دينَهم و يَدينون بِدينٍ آخَرَ . قوم يعبدون الكواكب و يزعُمون أنهم على ملةِ نوحٍ .

صَبَأَ من شيءٍ إلى شيءٍ : انتقل، يقال صبأ الرجلُ : ترك دينه و دانَ بدينٍ آخر (ف، صُبُوءًا)

توليتم : (أعرضتم) تَوَلَّى عن شيءٍ : أعرض عنه و تركه

تولى فلانا : أحبه و اتخذه وَلِيًّا

تولى الأمرَ : قام بالأمر، أخذ زِمامَ الأمرِ .

اعتَدَوا : (تجاوَزُوا الحَدَّ) اعتدى عليه : ظلمه

العُدْوان : الظلم، تجاوُزُ الحدِّ في أمرٍ . لا عدوانَ عليه : لا سبيل و لا سلطان عليه .

خاسئين : خَسَأَ الكلبُ و غيره (ف، خَسْئًا، خُسُوءًا) : بَعُدَ و ذَلَّ

خسأ الكلبَ و غيرَه : طرده و أبعده

خسأ البَصَرُ : كَلَّ و أَعْيا — দৃষ্টি ক্লান্ত হলো, ধাঁধিয়ে গেলো।

جاء في القرآن الكريم : ينقلب إليك البصر خاسئا

نَكالًا: أصل النكالِ المنعُ، و سميت العقوبَةُ الشديدة نكالا، لأنه يمنع غيرَ المعاقَب أن يفعل فعله، و يمنع المعاقَبَ أن يعود إلى فعله الأول، و لا يُسمي العِقابُ نَكالا حتى يكونَ مانعًا .

بيان الإعراب

و النصٰرى و الصّٰبِئين : اسمَانِ معطوفان بِوَاوِ العطف على اسمِ إنَّ .

مَنْ امن بالله ... : الموصول مع صلته في موضِع نصب بَدَلٌ من اسمِ إن

فلهم أجرهم : الفاء زائدة جِيْءَ بها لِتضَمُّنِ الموصول معنى الشرط، و هذه الجملة خبر إن .

و عندَ ظرف متعلق بمحذوف منصوب على كونه حالًا من أجر .

ثم توليتم : العطفُ بحرفِ التَّراخِي يدل على أنهُمْ امْتَثَلوا بالأمرِ أوَّلاً ثم أعْرَضوا عنه، فالإشارة بِـ : ذلك إلى الامتثال المفهوم مِنْ حرفِ التراخي، أو إلى الأخذ و الرفع و القول .

فلولا : الفاء استئنافية، و لولا حرف امتناع لوجود، و اللام واقعة في جواب لولا .

و لولا تَختص بالجملة الاسمية، و الاسمُ الواقِعُ بعدَها مبتدأٌ خبَرُهُ واجبُ الحذفِ، ويَكثُر دخولُ اللام في جوابِ لولا إن كان مثبتا، و يَقِلُّ إن كان منفيا بـ : ما، و يمتنع إن كان منفيا بغير ما .

و لقد علمتم الذن اعتدوا منكم : الواو استئنافية، و اللام جواب قسَمٍ محذوف، و قد حرف تحقيق.

منكم متعلق بمحذوف حال من فاعل اعتدوا، و في السبت يتعلق بـ : اعتدوا، لأنه ظرف الاعتداء .

قردة : خبر الناقص، و خاسئين خبر ثان، و لا مانع من جعلها صفة .

فجعلنها نكالا : الضمير يعود إلي العقوبة المفهومة من قوله تعالى : كونوا قردة خاسئين .

لما بين يديها و ما خلفها : كِنايَةٌ عن الأمَمِ التى شَهِدَت هذه العقوبَةَ أو سَمعت . و الجار و المجرور متعلق بمحذوف، و هو صفة لـ : نكالا

موعظة : عطف على : نكالا .

الترجمة

যারা ঈমান এনেছে এবং যারা ইহুদী হয়েছে এবং নাছারা ও ছাবিঈগণ, (অর্থাৎ তাদের মধ্য হতে) যারা ঈমান এনেছে আল্লাহর প্রতি এবং শেষ দিনের প্রতি এবং নেক আমল করেছে অবশ্যই তাদের জন্য রয়েছে তাদের পুরস্কার তাদের প্রতিপালকের নিকট, আর তাদের নেই কোন আশংকা এবং তারা দুশ্চিন্তাগ্রস্তও হবে না।

আর (স্মরণ করো ঐ সময়কে) যখন নিলাম আমি তোমাদের প্রতিশ্রুতি এবং উত্তোলন করলাম তোমাদের উপর তূরকে (এই বলে যে,) যে কিতাব তোমাদেরকে আমি দান করেছি তা গ্রহণ করো দৃঢ়তার সঙ্গে এবং তাতে যে সকল বিধান রয়েছে তা স্মরণ রেখো, যাতে তোমরা মুত্তাকী হতে পারো। এরপর (তা থেকে) ফিরে গেলে তোমরা তা মান্য করার পর। তো যদি না হতো তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও অনুকম্পা (তাহলে) অবশ্যই তোমরা হয়ে যেতে মহাক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত।

আর তোমরা তো জেনেছোই তাদের পরিণতি, তোমাদের মধ্য হতে যারা সীমালঙ্ঘন করেছে শনিবারের বিষয়ে, ফলে বললাম আমি তাদের উদ্দেশ্যে, হয়ে যাও তোমরা ধিকৃত বানর। অনন্তর বানালাম আমি ঐ ঘটনাকে দৃষ্টান্তমূলক শাস্তি ঐ ঘটনার সমসাময়িকদের জন্য এবং ঐ ঘটনার পরবর্তীদের জন্য এবং (বানালাম) মুত্তাকীদের জন্য উপদেশের বিষয়।

ملاحظات حول الترجمة

(ক) إن الذين آمنوا و الذين ... (যারা ঈমান এনেছে এবং যারা ...)
সকল বাংলা তরজমায় إن এর প্রতিশব্দ 'অবশ্যই' বা 'নিঃসন্দেহ' কে বাক্যের শুরুতে যুক্ত করা হয়েছে, অথচ উদ্দেশ্য হচ্ছে 'খবর'-এর তাকীদ, তাই কিতাবের তরজমায়

তাকীদের প্রতিশব্দটি খবরের শুরুতে যুক্ত করা হয়েছে।

এখানে চারটি সম্প্রদায়কে উল্লেখ করতে গিয়ে আল্লাহ তা'আলা দু'টি স্বতন্ত্র শৈলী ব্যবহার করেছেন। অর্থাৎ প্রথম দুটির ক্ষেত্রে মাওছূল ও ছিলাহ্ এবং দ্বিতীয় দু'টির ক্ষেত্রে মুফরাদ ইসম, এ শৈলী-ভিন্নতার নিশ্চয় কোন হেকমত রয়েছে, শায়খুলহিন্দ (রহ) তাঁর তরজমায় শৈলী-ভিন্নতার বিষয়টি বিবেচনায় এনেছেন, কিন্তু থানবী (রহ) অভিন্ন শৈলী গ্রহণ করে তরজমা করেছেন, 'মুসলমান এবং ইহুদী এবং নাছারা এবং ছাবেঈ সম্প্রদায়।'

কিতাবে শায়খুলহিন্দ (রহ)-এর তরজমা অনুসরণ করা হয়েছে।

(খ) خوف এর বাংলা প্রতিশব্দ কেউ লিখেছেন 'ভয়', কেউ লিখেছেন 'ভয়ভীতি'। এক লফযের একটি প্রতিশব্দই উত্তম। শায়খুলহিন্দ (রহ) উর্দু প্রতিশব্দ ڈر এর পরিবর্তে خوف ব্যবহার করেছেন।

থানবী (রহ) اندیشہ ব্যবহার করেছেন। এর অনুসরণে 'শংকা' বা 'আশংকা' ব্যবহার করা যায়।

لا هم يحزنون এর অধিকাংশ বাংলা তরজমায় 'দুঃখিত হবে না', এসেছে। শায়খুলহিন্দ ও থানবী (রহ) যথাক্রমে غمگین ও مغموم ব্যবহার করেছেন। 'দুশ্চিন্তা' হচ্ছে এর নিকটতম বাংলা প্রতিশব্দ।

(গ) أخذنا ميثاقكم (নিলাম আমি তোমাদের প্রতিশ্রুতি) শায়খুলহিন্দ ও থানবী (রহ) তরজমা করেছেন 'তোমাদের থেকে' প্রতশ্রুতি নিলাম যার আরবী দাঁড়ায়- أخذنا منكم الميثاق। কোন কোন বাংলা তরজমায় সেটাই অনুসরণ করা হয়েছে। তবে এই পরিবর্তন ছাড়াও তরজমা হতে পারে, যেমন কিতাবে করা হয়েছে।

(ঘ) من بعد ذلك (তা মান্য করার পর) অর্থাৎ من بعد ذلك الامتثال এখানে مشار إليه উল্লেখ করে তরজমা করা হয়েছে, স্পষ্টায়নের উদ্দেশ্যে।

توليتم (তোমরা 'ফিরে গেলে') কেউ কেউ লিখেছেন- 'মুখ ফিরিয়ে নিলে' কিন্তু এই পরিবর্তনের তেমন প্রয়োজন নেই।

(ঙ) فلولا فضل الله عليكم و رحمته (তো যদি তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও অনুকম্পা না হতো) – এটা হচ্ছে বাংলার স্বাভাবিক বিন্যাস, পক্ষান্তরে 'যদি না হতো তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও অনুকম্পা' এই বিন্যাসে রয়েছে আলাদা ভাব ও আবেদন, যা আয়াতের উদ্দেশ্যের অন্তর্ভুক্ত বলে মনে হয়। তদুপরি এটা কোরআনি তারতীবের প্রায় অনুরূপ, তাই বাক্যটির এ বিন্যাস গ্রহণ করা হয়েছে।

رحمة এর স্বাভাবিক বাংলা প্রতিশব্দ হচ্ছে 'দয়া বা করুণা' কিন্তু 'অনুগ্রহ'-এর পর অনুকম্পা শব্দটি সব দিক থেকে অধিকতর উপযুক্ত।

من الخسرين (মহাক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত) উর্দু উভয় তরজমায় تباه শব্দটি রয়েছে। বাংলা তরজমাগুলোতে এর অনুসরণে 'ধ্বংস ও বরবাদ' শব্দদু'টি ব্যবহৃত হয়েছে। এটা গ্রহণযোগ্য, তবে কিতাবের তরজমায় মূল শব্দ অনুসরণ করা হয়েছে। ال এর দিকে লক্ষ্য করে 'মহা' শব্দটি যোগ করা হয়েছে। 'অবশ্যই তোমরা হয়ে যেতে মহাক্ষতিগ্রস্ত' – এ তরজমাও হতে পারে।

(চ) و لقد علمتم (আর তোমরা তো জেনেছোই) এখানে 'তো' এবং 'ই' হচ্ছে ل ও قد এর তাকীদপ্রকাশক প্রতিশব্দ।

لقد علمتم এর তরজমা থানবী (রহ) করেছেন, 'তোমরা তো জানোই'; শায়খুলহিন্দ (রহ) করেছেন, 'তোমরা ভালো করেই জেনেছো।'

উভয় তরজমা গ্রহণযোগ্য, তবে একান্ত প্রয়োজন ছাড়া পরিবর্তন না করার নীতি অনুযায়ী কিতাবে শায়খুলহিন্দ (রহ)-এর তরজমা গ্রহণ করা হয়েছে।

(ছ) جعلنها نكالا لما بين يديها و ما خلفها (বানালাম আমি ঐ ঘটনাকে দৃষ্টান্তমূলক শাস্তি, ঐ ঘটনার সমসাময়িকদের জন্য এবং ঐ ঘটনার পরবর্তীদের জন্য) যামীর তিনটির مرجع অভিন্ন, অধিকাংশ বাংলা তরজমায় তা খেয়াল করা হয়নি। যেমন একটি তরজমায় রয়েছে– 'আমি এ ঘটনাকে তাদের সমসাময়িক ও পরবর্তীদের শিক্ষা গ্রহণের জন্য এক দৃষ্টান্ত এবং মুত্তাকীদের জন্য উপদেশস্বরূপ করেছি।

أسئلة :

١ – اشرح كلمة "نكال"

٢ – أعرب اسم إن و خبرها إعرابا مُجْمَلاً .

٣ – علام يدل حرف التراخي في قوله تعالى : ثم توليتم ؟ و إلام أشير باسم الإشارة ؟

٤ – ماذا تعرف عن لولا ؟

٥ – أخذنا ميثاقكم এর তরজমা পর্যালোচনা করো

٦ – فلولا فضل الله عليكم و رحمته لكنتم من الخسرين এর তরজমা পর্যালোচনা করো

(٧) بَلٰى مَن كَسَبَ سَيِّئَةً و احاطَتْ به خطيئَتُه فاولئك اصحٰب النار، هم فيها خٰلِدون * وَ الذين اٰمنوا و عَملوا الصّٰلِحٰت اولئك اَصحٰب الجنةِ، هم فيها خٰلدون * وَ اِذ اَخَذْنا ميثاقَ بني اِسرءيلَ لا تعبدون اِلاَّ اللّٰهَ، و بالوالدين اِحسانا وَ ذي القُرْبٰى و اليتٰمٰى و المسٰكين وَ قولوا للناس حُسْنًا و اَقِيموا الصلٰوة و اٰتُوا الزكٰوة، ثم توليتم الا قليلا منكم و انتم مُعرِضون *

بيان اللغة

كَسَبَ : لأهله (ض، كَسْباً) طلب الرِّزق و المعيشَةَ لهم،
পরিবারের জন্য উপার্জন করলো।

كسب المال : رَبِحه و حصل عليه بِعَمَله

كسب شيئا : ناله و جمعه و حصل عليه

كسب الإثم : ارتكبه

اكتسب المال/الإثم : كسب

أحاطت (গ্রাস করে/পেয়ে বসে) أحاط القومُ بالبلدِ : تَجَمَّعوا حولَه و أَحْدَقوا به
ঘেরাও করলো

أحاطَ بالأمرِ : أدركَه من جَميعِ أَطرافِه و نَواحِيه

বিষয়টি পূর্ণরূপে অনুধাবন করলো

أحاطَتْ به الخطيئَةُ : لَزِمَتْه فلم يَجْتَنِبْها و لم يتخلص منها
পাপটি তাকে গ্রাস করলো বা পেয়ে বসলো, ফলে সে তা পরিহার করতে বা তা থেকে মুক্ত হতে পারলো না।

خَطِيئَة : خِطْءٌ، جمعها خَطِيئَاتٌ و خَطايَا — পাপ, অন্যায়

خِطْءٌ : خطيئة، جمعها أَخْطاءٌ

حُسن : يراد به الوصفُ، و معناه الجَمال، و يراد به ذا الوصفِ، و معناه كلُّ جميلٍ و طَيِّبٍ، و جمعه مَحاسِنُ (على غير القياسِ)

حَسُنَ (ك، حُسنا) جَمُل، فهو حَسَنٌ و هي حَسْناءُ، و الجمع حِسان (للمذكر و المؤنث)

بيـان الإعراب

من : اسم موصولٍ و شرطٍ جازمٌ، و هو في محل رفع مبتدأ، و كسب : فعلٍ ماض في محل جزم صلة و شرط .

فأولئك : الفاء رابطة بين الشرط و جوابه، و اسم الإشارة مبتدأ، و أصحب النار خبره، و الجملة جواب الشرط، و الشرط و جوابه خبر لـ : من . و يجوز أن يكون الموصول و صلته مبتدأ، و جواب الشرط هو الخبر

لا تعبدون : لا نافية، و الخبر هنا بمعنى النهي، أي لا تعبدوا، و هذه الجملة لا محل لها من الإعراب، لأنها مفسرة .

و بالوالدين : الواو حرف عطفٍ عُطف به على معنى النهي، و حرف الجر يتعلق بفعل محذوف، أي : و أحسنوا بالوالدين، و إحسانا مفعول مطلق للفعل المحذوف .

ذي القربى : معطوف على الوالدين .

و قولوا : الواو حرف عطف، و لكن لا بد من حذف، أي : و قلنا لهم قولوا، و للناس متعلق بـ : قولوا، و حسنا صفة لمفعول مطلق محذوف، أي : قولا حسنا .

ثم توليتم : معطوف على محذوف، أي فقبلتم الميثاق ثم توليتم، و قيل : ثم هذه استئنافية، و قليلا مستثنى بـ : إلا من فاعل تولى

و أنتم معرضون : الواو حالية، و الجملة في محل نصب على أنها حال، و هي حال مؤكدة، لأنها في معنى توليتم .

الترجمة

যারা গোনাহ্ কামাই করে, আর ঘেরাও করে ফেলে তাদেরকে তাদের গোনাহ্ (এমন কি ঈমানকেও নিশ্চিহ্ন করে ফেলে) ওরাই হলো জাহান্নামী; তারা সেখানেই চিরকাল থাকবে। আর যারা ঈমান আনে এবং নেক আমল করে, ওরাই হলো জান্নাতী; তারা সেখানেই চিরকাল থাকবে।

আর (স্মরণ করো ঐ সময়কে) যখন নিলাম আমি বনী ইসরাঈলের অঙ্গীকার (যে,) ইবাদত করো না তোমরা আল্লাহ্ ছাড়া কারো, আর মা-বাবার সঙ্গে পূর্ণ সদাচার করো, এবং (সদাচার করো) আত্মীয়দের, এতীমদের এবং মিসকীনদের সঙ্গে, আর বলো সাধারণ লোকদের সঙ্গে উত্তম কথা এবং কায়েম করো ছালাত এবং আদায় করো যাকাত।

(তোমরা অঙ্গীকার তো করলে, কিন্তু) তারপর বিমুখ হয়ে ফিরে গেলে তোমরা (সকলে তোমাদের অঙ্গীকার থেকে) অল্পসংখ্যক ছাড়া তোমাদের মধ্য হতে।

ملاحظات حول الترجمة

(ক) کسب এর শব্দগত দিক বিবেচনা করে শায়খুলহিন্দ (রহ্) তরজমা করেছেন جس نے گناہ کمایا বাংলায়ও গোনাহ 'কামাই করা'র ব্যবহার রয়েছে, তাই কিতাবে এ তরজমা গ্রহণ করা হয়েছে।

কসب এর মাঝে যেহেতু চেষ্টা করে অর্জন করার অর্থ রয়েছে সেহেতু থানবী (রহ্) তরজমা করেছেন, 'যারা ইচ্ছাকৃত গোনাহ্ করে।'

এ দুটি তরজমা হলো সর্বোত্তম, তবে 'যারা পাপকাজ করে বা পাপ অর্জন করে'– এ দুটোও গ্রহণযোগ্য তরজমা।

গোনাহ্ কোন মানুষকে ঘেরাও বা বেষ্টন করে ফেলার অর্থই হলো নেকের কোন চিহ্ন তার মাঝে না থাকা, এমন কি অন্তরে বিন্দু পরিমাণ ঈমান থাকলেও 'বেষ্টন' সাব্যস্ত হবে না। তাই বন্ধনীতে বিষয়টি পরিষ্কার করা হয়েছে।

(খ) هم فيها خلدون (তারা সেখানেই চিরকাল থাকবে) 'সেখানেই' হচ্ছে فيها কে অগ্রবর্তী করার কারণে সৃষ্ট حصر বা বিশিষ্টতার তরজমা।

(গ) أخذنا ميثاق بني اسرائيل এখানে এই সংযোজনের কারণ এই যে, পরবর্তী বাক্যটি হচ্ছে ميثاق এর ব্যাখ্যা।

(ঘ) এবং (সদাচার করো) আত্মীয়দের ... এ বন্ধনীর ভিত্তি হলো ব্যাকরণের প্রসিদ্ধ নিয়ম, العطف يُفيد تكرارَ العامل

(ঙ) و انتم معرضون 'বিমুখ হয়ে' এখানে 'হাল-বাক্য'কে 'মুফরাদ হাল' এ রূপান্তরিত করা হয়েছে। বিকল্প তরজমা- 'আর তোমরা বিমুখ হলে/উপেক্ষা করলে,' এ তরজমায় حال কে عطف এ রূপান্তরিত করা হয়েছে।

أسئلة :

١ - ما هو معنى الحُسْنِ ؟

٢ - كيف يعود ضميرُ المذكر الغائبِ و إشارةُ الجمع المذكر إلى "مَن" ؟

٣ - أعرِب قولَه تعالى : "توليتم إلا قليلا منكم" إعرابا مفصَّلا .

٤ - يُعرَب مَنِ الموصولَةُ و الشرطية على وَجهين، فما هما ؟

٥ - من كسب سيئة এর তরজমা পর্যালোচনা করো

٦ - و أنتم معرضون এর তরজমা ব্যাখ্যা করো

(٨) وَ لَقَد جاءَكم موسٰى بالبَيِّنٰتِ ثم اتخذتُم العِجْلَ مِن بَعده و
اَنتم ظٰلِمون * وَ اِذ اَخَذنا ميثاقَكم و رفعنا فوقَكم الطور،
خُذوا ما اٰتينٰكم بِقُوة وَ اسمعوا، قالوا سَمِعنا و عَصَينا، و
اُشرِبوا في قُلوبِهِمُ العِجْلَ بِكُفرهم، قل بِئْسَما يأمُرُكم به
اِيمانكم اِن كنتم مؤمنين * قل اِن كانَتْ لكُمُ الدارُ الاٰخِرَةُ عِند
اللّٰهِ خالصَةً من دُونِ الناس فَتَمَنَّوا الموتَ اِن كنتُم صٰدقين * و
لن يَتَمَنَّوه اَبدا بما قدمت اَيديهم، وَ الله عليم بِالظّٰلمين * و
لَتَجِدنَّهم اَحْرَصَ الناسِ على حَيٰوة، وَ من الذين اَشْركوا، يَوَدُّ

أَحَدُهم لو يُعَمَّر الفَ سَنَةٍ، و ما هو بِمُزَحْزِحِهِ من العَذابِ ان يُعمَّر، و الله بصير بما يعملون *

بيان اللغة

أشربوا في قلوبهم : خالَطَ حبُّ العجلِ قلوبَهم و دخل في قلوبهم

تمنوا (আকাঙ্ক্ষা করো) تَمَنَّى شيئا : اشتاق إليه و أحب أن يناله

أُمنِيَّة : بُغيَةٌ، ما يَبتغيه المرءُ و ما يَتَمناه، و الجمع أمانيُّ

خالصة : (بِصِلَةِ : لِ : ل অব্যয়যোগে) خَلص (ن، خُلوصا) : صفا

خَلص من القومِ : اعتَزَلَهم و انفَصَل منهم

خلص إليه : وصل . خَلَص له : صار خالِصًا له

أَخلص الشيءَ : أصفاه و نَقَّاه، يقال : أخلص له الحبَّ و النصيحةَ তাকে আন্তরিক ভালোবাসা বা উপদেশ দান করলো।

أخلَصَ لِلّٰهِ دينَه : تَركَ الرياءَ فيه দ্বীনকে আল্লাহর জন্য খালিছ করলো

أحرص: أفعلُ حريصٍ (اسم التفضيل এর حريص) حَرَصَ على شيءٍ (ض، حِرْصًا) : اشتدت رغبتُه فيه কোন কিছুর প্রতি লোভী/ব্যাকুল হলো

حَرَصَ على المالِ/على العلمِ

يود (কামনা করে) وَدَّه (س، وُدًّا، مَوَدَّةً) أحبه، تمناه

وَدُودٌ : الكَثِيرُ الحبِّ، (يستوى فيه المذكر و المؤنث)، و هو من أسماء الله تعالى . المودة : المحبة، الوُدُّ : الحب .

يعمر : عمّر الله فلانا : أطال عمره، فهو معمَّر

مزحزح : (مُبعِد) زَحْزَحَ عن : باعَدَهَ و نَحَّاه، تزحزح : تباعد و تَنحّى

بيان الإعراب

من بعده : أي مِن بَعدِ ذَهابِه إلي الطور لِلِقائي .

و اشربوا : الجملة معطوفة على قالوا، أو حال من فاعل القول بِتَقديرِ قَدْ .

في قلوبهم : حرف الجر مع مجروره متعلق بـ : اشربوا .

و العجل مفعول ثان، على حذف المضاف، أي : حُبَّ العِجْلِ .

بِكُفرِهم : متعلق ثان بـ : اشربوا، و الباء سَبَبِيَّة، أي بِسَبَبِ كُفرِهم .

بئس : فعلٌ ماضٍ جامدٌ لإنشاء الذَّمِّ، و ما نكرةٌ موصوفَة بمعنى شيء، و هو في محل نصب تمييز للضمير المستَتِر الذي هو فاعل بِئسَ، أي : بِئسَ (هو) شيئًا يأمركم به إيمانُكم . و جملة يأمركم به إيمانكم في محل نصب صفة لـ: ما

و يجوز أن يكون ما موصولا فاعلَ بِئس، و الجملة صلة .

و المخصوصُ بالذم محذوف، أي : حبُّ العجلِ، و هو مبتدأ مؤخر، و جملة بئسما يأمركم به إيمانكم خبر مقدم .

كنتم مؤمنين : شرط، و جواب الشرط محذوف على قَرِينَةِ الجملة السابقَةِ .

الدار الآخرة : اسمُ كان المؤخَّرُ، و لكم متعلق بخبرِ كان المحذوفِ المقدَّم، أي : إن كانَتِ الدار الآخرةُ ثابتةً لكم

عندَ الله خالِصةً من دون الناس : خالصةً حال من الدارُ، و عندَ الله ظرفٌ مقدم متعلق بـ : خالصةً، و مِن : متعلق بـ : خالصةً .

كنتم صدقين : شرط، و جواب الشرط محذوف دل عليه الجوابُ الأول .

أحرصَ الناس : مفعولُ تجد الثاني، و على حيوة متعلق بـ : أحرصَ .

و من الذين .. الواو عاطفة، و المعطوف محذوف، أي : و أحرصَ من الذين أشركوا، و المحذوف معطوف على أحرصَ المذكورِ .

لو يعمر : لو هذه مصدرية غيرُ عاملةٍ، أي يود التعميرَ، و هي خاصَّةٌ بفعلِ الوُدِّ . و المصدر المؤول مفعول به لِـ : يود

و ما هو بمزحزحه من العذاب أن يعمر : الواو حالية، و ما نافية حجازية ١ (أي عاملة عمل ليس)، و الضمير اسمها، مزحزحِه مجرور لفظا منصوب محلا على أنه خبر ما، و من العذاب يتعلق بـ : مزحزحه، و الضمير في قوله "ما هو " راجع إلى التعمير الذي يدل عليه المصدر المؤول السابق : لو يعمر، و قوله : أن يعمر بدل من الضمير .

الترجمة

আর অতিঅবশ্যই এনেছিলেন মূসা তোমাদের কাছে সুস্পষ্ট

١ - سميت ما هذه حجازية، لأن أهل الحجاز يعملونها عمل ليس، اما بنو تميم فلا يعملونها، فيقال حينئذ : ما هذه تميمية .

প্রমাণাদি, (কিন্তু) এরপর বানিয়েছিলে তোমরা বাছুরকে (উপাস্য) তাঁর (তূর পবর্তে আমার সাক্ষাতের উদ্দেশ্যে গমনের) পর, (এ বিষয়ে) অবশ্যই তোমরা যালিম (অপরাধকারী) ছিলে।

আর (স্মরণ করো ঐ সময়কে) যখন নিলাম আমি তোমাদের অঙ্গীকার এবং উত্তোলন করলাম তোমাদের উপর তূরকে (এবং আদেশ করলাম যে,) গ্রহণ করো তোমরা ঐ কিতাবকে যা দান করেছি আমি তোমাদেরকে, দৃঢ়তার সঙ্গে এবং (আনুগত্যের উদ্দেশ্যে) শ্রবণ করো। (তখন) তারা (মুখে তো) বললো, শুনলাম, কিন্তু (অন্তরে বললো) অমান্য করলাম। কারণ, মিশে গিয়েছিলো তাদের অন্তরে 'বাছুরপ্রীতি' তাদের কুফুরির ফলে। আপনি বলুন, যদি তোমরা মুমিন হয়ে থাকো (তাহলে) তোমাদের ঈমান তো বড় মন্দ আদেশ করছে তোমাদেরকে!

আপনি বলুন, যদি দারুল আখিরাত (এর নায-নেয়ামত) আল্লাহর নিকট শুধু তোমাদেরই জন্য নির্ধারিত হয়ে থাকে লোকদের পরিবর্তে, তাহলে তোমরা (অন্তত মুখে) আকাঙ্ক্ষা প্রকাশ করো মৃত্যুর, যদি (এই দাবীর ক্ষেত্রে) তোমরা সত্যবাদী হয়ে থাকো, কিন্তু তারা কখনো কিছুতেই মৃত্যুর আকাঙ্ক্ষা করবে না, তাদের কৃতকর্মের কারণে। আর আল্লাহ পূর্ণ অবগত এই যালিমদের (অবস্থা) সম্পর্কে।

আর অতিঅবশ্যই পাবেন আপনি তাদেরকে জীবনের প্রতি সকল মানুষের চেয়ে লোভী, এমনকি মুশরিকদের চেয়েও (লোভী)। আকুতি পোষণ করে তাদের প্রত্যেকে হাজার বছর আয়ু লাভের। অথচ দীর্ঘায়ু লাভ করা তো তাকে আযাব থেকে দূরে রাখতে পারবে না। আর তারা যা করছে সে সম্পর্কে আল্লাহ সর্বদর্শী।

ملاحظات حول الترجمة

(ক) جاءكم موسى بالبينت (এনেছেন তোমাদের কাছে মূসা সুস্পষ্ট প্রমাণাদি) أتى بـ এবং جاء بـ এর দু'টি তরজমা হতে পারে, (কিছু এনেছে এবং কিছু নিয়ে এসেছে। শায়খুলহিন্দ (রহ) দ্বিতীয়টি এবং থানবী (রহ) প্রথমটি গ্রহণ করেছেন।

ب কে مصاحبة অর্থে مع এর সমার্থক ধরে তরজমা করা যায়, 'সুস্পষ্ট প্রমাণাদিসহ এসেছেন।

(খ) ثم اتخذتم العجل من بعده (এরপর বানিয়েছো তোমরা

বাছুরকে উপাস্য তাঁর পর) এ তরজমার ভিত্তি এই যে, اتخذ ফেয়েলটি جعل এর সমার্থক এবং এর দ্বিতীয় মাফঊল উহ্য রয়েছে।

(গ) قالوا سمعنا و عصينا তারা (মুখে তো) বললো, শুনলাম, কিন্তু (অন্তরে বললো) অমান্য করলাম – سمعنا ও عصينا দু'টোই তাদের মুখের উচ্চারণ ছিলো না, এ বিষয়টি পরিষ্কার করার জন্য বন্ধনী ব্যবহার করা হয়েছে।

দু'টোকেই তাদের মুখের উচ্চারণ ধরে এভাবে তরজমা করা যায়, তারা (তৎক্ষণাৎ) বললো, শুনলাম, কিন্তু (পরে বললো) অমান্য করলাম।

(ঘ) 'কারণ'– و اشربوا বাক্যটিকে ব্যাকরণগতভাবে স্বতন্ত্র বাক্য এবং অর্থগতভাবে পূর্ববর্তী قالوا سمعنا و عصينا বাক্যের হেতু বিবেচনা করে তরজমা করা হয়েছে 'কারণ'। এক্ষেত্রে واو অব্যয়টি হবে استئنافية

এটিকে হাল বা মাতূফ হিস্যাবেও তরজমা করা যায়।

(ঙ) বাছুরপ্রীতি মিশে গিয়েছিলো– উহ্য মুযাফকে বিবেচনায় রেখে এবং متعدى কে لازم ধরে তরজমা করা হয়েছে।

(চ) بئسما يأمركم به إيمانكم (তোমাদের ঈমান তো বড় মন্দ আদেশ করছে তোমাদেরকে!) থানবী (রহ) يأمر এর তরজমা করেছেন– تعليم كررها هے

শায়খুলহিন্দ (রহ)-এর তরজমা হলো سكهاتاهے দু'টোই ভাব অনুবাদ। কিতাবে শাব্দিক অনুবাদ করা হয়েছে। কটাক্ষের দিকে লক্ষ্য করে, 'তালিম' দেয়– তরজমা করা যায়। থানবী (রহ) এর তরজমায় বিস্ময়ের প্রকাশ রয়েছে, কিতাবের তরজমায় তা অনুসরণ করা হয়েছে।

(ছ) (অন্তত মুখে) থানবী (রহ) এর ব্যাখ্যা থেকে এটা গ্রহণ হয়েছে। তাঁর তরজমাও এদিকে ইঙ্গিত করে।

(জ) بما قدمت أيديهم 'তাদের কৃতকর্মের কারণে' এটা ভাবঅনুবাদ। কিছুটা শাব্দিকতা রক্ষা করে এ তরজমা করা যায়, 'যে আমল তারা পাঠিয়েছে তার কারণে'।

'ঐ আমলের কারণে যা তাদের হাত অগ্রবর্তী করেছে'– এ তরজমা 'সুন্দর' নয়।

থানবী (রহ) ما এর তরজমা করেছেন 'কুফুরি আমল'

(ঝ) অধিকাংশ বাংলা তরজমায় تمنوا এবং يود উভয় ক্ষেত্রে 'কামনা বা আকাঙ্ক্ষা' ব্যবহার করা হয়েছে। তবে হাজার বছরের দীর্ঘায়ুর ক্ষেত্রে আকুতি শব্দটি অধিক উপযোগী। থানবী (রহ) هوس শব্দ ব্যবহার করেছেন, যার বাংলা প্রতিশব্দ হতে পারে লালসা বা লোলুপতা।

(ট) 'এই যালিমদের'– থানবী (রহ) ال অব্যয়কে বিশিষ্টতাজ্ঞাপক ধরে এ তরজমা করেছেন।

أسئلة :

١ – اشرح كلمةَ خالصةً .

٢ – اذكر وَجْهَيِ الإعرابِ في بئسما .

٣ – أعرب قوله تعالى : عند الله خالصةً لك من دون الناس .

٤ – أعرب قوله تعالى : لو يعمر ألف سنة

٥ – بئسما يأمركم به ايمانكم এর তরজমা পর্যালোচনা করো

٦ – بما قدمت أيديهم এর তরজমা পর্যালোচনা করো

(٩) اَلَم تعلَمْ ان اللّٰهَ له ملك السمٰوٰت وَ الارض، وَ ما لكم مِن دُون اللّٰه مِن وَليٍّ و لا نصير * اَم تريدون اَن تَسئلوا رَسولكم كما سُئِل موسٰى مِن قبلُ، و مَن يتبَدَّلِ الكفرَ بالإيمان فقَدْ ضَلَّ سواءَ السبيلِ * وَدَّ كثير مِن اَهلِ الكتٰب لو يَرُدونكم من بَعدِ ايمانكم كُفارا، حَسَدًا من عندِ اَنفسهم من بعدِ ما تبين لهم الحقُّ، فاعفوا وَ اصفحوا حتى ياتِيَ اللّٰه بِاَمْرِه، اِنَّ اللّٰه على كلِّ شيءٍ قدير * و اَقيموا الصلٰوةَ و اٰتوا الزكٰوةَ، و ما تُقدموا لِاَنفُسِكم من خيرٍ تجدوه عندَ الله، اِن الله بما تعملون بصير *

بيان اللغة

سواء : وَسَط (মধ্যস্থান) يقال : في سَواءِ الجحيم، و في سواء السبيل و قال تعالى : سواء عليهم أ أنذرتهم أم لم تنذرهم، أي : يستوي الأمران في أنهما لا يُغنِيان .

يردون : (ن، رَدًّا) رَدَّه عن .. : صَرَفَه و منَعه - أرجعه
رده إليه : أعاده، أرجعه
رد عليه : خَطَّأَ قولَه
رد عليه الهديةَ : لم يقبَلها . رد عليه السلام : أجابه
حسدا : حَسَده (ن، حَسَدًا) تَمنّى أن يزولَ نِعمتَه
و غَبَطه (ض، غَبْطًا) : تَمَنّى أن يحصُلَ له مثلُ ما حصل له، مِن غيرِ أن يتمنّى زوالَها عنه . و رُوي : المؤمن يَغبط و المنافق يحسد
اصفحوا : صفح عنه : أعرض عنه (ف، صَفْحا) صفَح عن ذنبه : عفا عنه
اعفوا : عفا عَن ذنبِه/عنه ذنبَه (ن، عَفْوًا) : سامحه

بيان الإعراب

ما لكم من دون الله من ولي : ولي مجرور لفظا، مرفوع محلا، على أنه مبتدأ مؤخر، و لكم يتعلق بخبر مقدم .
من دون الله : متعلق بمحذوف منصوب على أنه حال من : ولي
كما سئل : الكاف حرف جر، و ما مصدرية، و المصدر المؤول في محل جر بالكاف، متعلق بمفعول مطلق محذوف، أي : تسألوا رسولكم سؤالا كسُؤالِ قومِ موسى نبيَّهم موسى . و يجوز أن يكون الكافُ اسمًا بمعنى مِثْلٍ، في محل نصب مفعول مطلق نائب عن المصدر، أي : سُؤالا مِثلَ سؤالِ قومِ موسى نبيَّهم موسى .
كفارا : إن كان (يردون) بمعنى يُرجعون فهو حال من مفعول يردون، و إن كان بمعنى (يُصَيِّرون) فهو مفعول به ثان .
حسدا : مفعول لأجله، منصوب عامله يردون أو ود
من عند أنفسهم : يتعلق بـ : ود، و من بعد ما يتعلق بـ : ود أيضا، و المعنى : تَمنوا أن ترتدوا عن دينكم، وَ تَمَنِّيهم ذلك من عند أنفسهم لا من حبِّ الحقِّ، لأنهم ودوا ذلك من بعد ما تَبين لهم أنكم على الحق.
فاعفوا : هذه الجملة جواب شرطٍ مقدر، أي : إذا كان الأمر كذلك فاعفوا
و ما تقدموا لأنفسكم من خير : الواو استئنافية، و ما اسم شرط جازم مبني في محل نصب مفعول به مقدم، و تقدموا فعل الشرط .

و من حرف جر بياني، و هو متعلق بحال محذوفة من : ما، أي : ما تقدموا لأنفسكم معدودا من خير

الترجمة

কিতাবীদের অনেকে তাদের মনের প্রতিহিংসাবশত 'মনেপ্রাণে' চায় যে, তোমাদের মুমিন হওয়ার পর তারা তোমাদেরকে কাফির বানিয়ে ফেলবে। (তারা এটা চায়) তাদের সামনে হক প্রকাশিত হওয়ার পর।

যাই হোক, তোমরা ক্ষমা করো এবং মার্জনা করো আল্লাহ তাঁর ফায়ছালা জারী করা পর্যন্ত। নিঃসন্দেহে আল্লাহ সর্বকিছুরই উপর পূর্ণ ক্ষমতাবান।

আর কায়েম করো তোমরা ছালাত এবং আদায় করো যাকাত। আর যা কিছু নেক আমল তোমরা নিজেদের (কল্যাণের) জন্য আগে পাঠাবে তা পাবে আল্লাহর কাছে। (কারণ) আল্লাহ তো তোমাদের সকল কৃতকর্ম সম্পর্কেই পূর্ণ অবলোকনকারী।

ملاحظات حول الترجمة

(ক) 'মনেপ্রাণে' চায় যে, – ود এর অর্থের মাঝে ইচ্ছা ও কামনার প্রবলতা রয়েছে। তাই থানবী (রহ) دل سے چاہتے ہیں ব্যবহার করেছেন এবং উপরোক্ত কারণও নির্দেশ করেছেন।

(খ) 'যে', হচ্ছে হরফুল মাছদার لو এর প্রতিশব্দ। এ কারণেই তরজমায় ফেয়েলের প্রতিশব্দরূপে ফেয়েল ব্যবহৃত হয়েছে। لو এর প্রতিশব্দ ব্যবহার না করে প্রত্যক্ষ মাছদার ব্যবহার করা যায়, যেমন–

'মনেপ্রানে তারা তোমাদেরকে কাফির বানিয়ে ফেলতে চায়।

(গ) ود ফেয়েলটি থেকে ... من بعد ما অংশটির দীর্ঘ দূরত্বের কারণে বন্ধনীতে ফেয়েলটি পুনরুক্ত হয়েছে। বিকল্প তরজমা এই হতে পারে–

.... তাদের সামনে হক প্রকাশিত হওয়ার পরও নিছক মনের প্রতিহিংসাবশত তারা মনেপ্রাণে চায় যে, তোমাদের মুমিন হওয়ার পর তোমাদেরকে তারা কাফির বানিয়ে ফেলবে।

من عند أنفسهم অংশটির যে তিন তারকীব উপরে বর্ণিত হয়েছে, কিতাবের তরজমায় সেগুলোর কোনটি অনুসরণ করা

হয়নি, বরং এটিকে حسدا এর متعلق রূপে তরজমা করা হয়েছে। তরজমাটি চিন্তা করলেই তা বোঝা যাবে।

(ঘ) حتى يأتي الله بأمره (আল্লাহ তাঁর ফায়ছালা জারী করা পর্যন্ত) কেউ কেউ তরজমা করেছেন, আল্লাহর ফায়ছালা আসা পর্যন্ত। অর্থাৎ তারা متعديএর তরজমা করেছেন لازم দ্বারা। এ পরিবর্তন অশুদ্ধ না হলেও অসঙ্গত। শায়খুলহিন্দ ও থানবী (রহ) তা পরিবর্তন করেন নি।

(ঙ) لأنفسكم নিজেদের (কল্যাণের) জন্য – ل অব্যয়টি কল্যানের অর্থ নির্দেশ করছে। 'যা কিছু' এখানে ما এর মাঝে عموم এর অর্থ বিবেচনা করা হয়েছে।

'আগে পাঠাবে' বিকল্প তরজমা ঃ অগ্রবর্তী করবে, বা আখেরাতে পাঠাবে।

(চ) (কারণ) এ দ্বারা এদিকে ইঙ্গিত করা হয়েছে যে, পরবর্তী বাক্যটি পূর্ববর্তী বাক্যের জন্য হেতুবাচক।

أسئلة :

١ – ماذا تعرف عن كلمة سواء ؟

٢ – ما الفرق بين حَسَدَ و غَبَطَ ؟

٣ – عَيِّن مفعولَ ود .

٤ – ما الفرق بين إعراب ما تقدموا و بين إعراب ما تقدموه .

٥ – মনেপ্রাণে চায় – এ তরজমার ব্যাখ্যা দাও

٦ – حتى يأتي الله بأمره এর তরজমা পর্যালোচনা করো

(١٠) وَ مَن يَرغَبُ عن ملةِ ابرهيمَ اِلَّا مَنْ سَفِهَ نفسَه، و لقد اصطَفَينٰه في الدنيا ، وَ اِنه في الاٰخرة لمن الصّٰلحين * اِذ قال له ربُّه اَسْلِم، قال اسلَمْتُ لرب العٰلمين * وَ وَصّٰى بها ابرهيمُ بنيه وَ يعقوبُ، يٰبَنِيَّ اِن اللّٰهَ اصطَفٰى لكم الدينَ فلا تَموتُنَّ اِلا وَ انتم مسلِمون * ام كنتُم شُهَداءَ اِذ حضَر يعقوبَ الموتُ، اذ قال لِبَنِيه ما تعبدون مِن بعدي، قالوا نَعبد اِلٰهَكَ و اِلٰهَ اٰبائِك

ابرهيمَ و اسمٰعيلَ و اسحٰق اِلهًا واحدا ، و نحن له مسلمون *
تلك اُمَّة قد خلَتْ، لَها ما كسَبت وَ لكم ما كسَبتُم، و لا
تُسئلون عَمَّا كانوا يَعملون * وَ قالوا كونوا هُودًا أو نَصٰرى
تهتَدوا ، قل بَل مِلَّة ابرهيمَ حنيفا ، وَ ما كان مِنَ المشركين *
قولوا اٰمنا بِاللّٰهِ و ما اُنزِلَ إلينا و ما اُنزِلَ إلى ابرهيمَ و اسمٰعيل
و اسحٰق و يعقوبَ و الاسباط وَ ما اُوتيَ موسٰى و عيسٰى و
ما اُوتيَ النبيُّون من ربهم، لا نفرِّق بينَ احدٍ منهم، وَ نحن له
مسلمون * فان اٰمنوا بِمِثْلِ ما اٰمنتُم به فَقَدِ اهتَدوا ، و اِن
تَولوا فَاِنَّما هم في شِقاق، فَسَيَكفِيكَهُم اللّٰه، و هو السميع
العليم *

بيان اللغة

يرغب : (س، رَغَبًا ، رَغْبَةً)، إذا قِيلَ رغِب فيه أو إليه فمعناه حَرَصَ عليه و طَمِع فيه و مال إليه، قال تعالى : إنا إلى الله راغبون ·
و إذا قيلَ رغِب عنه فمعناه صَرَف رَغْبَتَه عنه و زَهِدَ فيه ·
و سَفِه نفسه : حَمَلها على السفَهِ (انظر ٢/١/٣)
নির্বুদ্ধিতার পরিচয় দিলো। নিজেকে নির্বোধ বানালো।
وَصّٰى : وَصَّاه بِشَيءٍ (تَوْصِية) : أمره به و فَرَضه عليه ·
তাকে কোন কিছুর আদেশ করলো।
قال تعالى : وَ وَصَّينا الإنسانَ بِوَالِدَيْهِ إحسانًا ·
وَصّٰى فلانًا و أوصاه : جَعَله وَصِيَّه، يَتصرَّف في أَمْرِه و ماله و عِياله بعدَ موته
তাকে অছী বা তত্ত্বাবধায়ক নিযুক্ত করলো
وَصِيَّةٌ و الجمع وَصايا
যা অছিয়ত করা হয়, ইচ্ছাপত্র, উপদেশ
شُهداء : جمع شَهيدٍ : مَن قُتل في سبيل اللّٰه، و الشهداء جمع شاهدٍ و شَهيد : مَن يؤدي الشهادةَ، و مَن كان حاضِرًا و مُشاهِدًا لشيءٍ

| شَهِد على كذا (س، شَهادة) أخبر به خبرًا قاطعًا সাক্ষ্য দিলো
شهد المجلسَ (س، شُهودا) حَضَرَ المجلِسَ
شَهِد شيئًا : عايَنَه و شاهَده অবলোকন করলো
حنيف : مَن يميل من الشرِّ إلى الخيرِ، و من الدين الباطل إلى الدين الحق، و الجمع حُنفاء . الدين الحنيف : المستقيم الذي لا عِوَجَ فيه، و هو الإسلام . وَ الحنفاء مَن كانوا علي دينِ إبراهيمَ في الجاهِلية
الأسباط : جمع سِبطٍ، و هم حَفَدَة يعقوبَ، أي : ذرية أبنائه . و كانوا اثنَيْ عَشَرَ سِبْطًا . خلت (انظر : ٣/١/٢)

بيان الإعراب

أم : حرف عطفٍ عُطف به على محذوف، أي : أ تَدَّعُون أم كنتم حاضرين .
إذ (انظر : ٣/١/٣) هو ظرف لـ : شهداء، و الجملة في محل جر بإضافة الظرف إليها . و إذ الثانيةُ بدل من إذ الأولى .
من بعدي : متعلق بـ : تعبدون، أو متعلق بمحذوف منصوب على أنه حال من فاعل تعبدون، أي : ما تعبدون عائشين من بعدي .
إلها واحدا : بَدَلٌ مِنْ إلٰهك، ويجوز أن يكون منصوبا على الحال، لأن الجامدَ إذا وُصِفَ أتىٰ حالا، أي : نعبد الهك متوحّدا .
قد خلت : الجملة في محل رفع صفة لـ : أمة
عما : هي مركبة من : عن و ما، ما اسم موصول، أي : عن العمل الذي كانوا يعملونه، و يجوز أن تكون ما مصدرية .
مِلةَ إبرهيمَ : مفعول به لفعل محذوف، أي : بل نتبع ملة ابراهيم، و حنيفا حال من إبراهيم
و اسمعيل و إسحق.... أسماء معطوفة بِوَاوَاتِ العطف على إبراهيم .
ما أوتي موسى : معطوفة علي ما أنزل .
سيكفيكهم : أصل الضمير الثاني إياهم، و هو مفعول به ثان
لا نفرق بين أحد منهم : النكرة الواقعة في سِيَاقِ النفي تُفيد العمومَ، و لذلك صَحَّ دخولُ بين عليها، و هي لا تكون إلا بين شيئين .

و من يرغب : الواو استئنافية، و من اسم استفهام في محل رفع مبتدأ، معناه النفي و الإنكار، أي : لا يرغب عن ملة إبراهيم إلا من سفه نفسه . إلا : أداة استثناء، و المستثنى منه محذوف .

الترجمة

আর কে বিমুখ হতে পারে ইবরাহীমের মিল্লাত থেকে, ঐ ব্যক্তি ছাড়া যে সাব্যস্ত করে নিজেকে নির্বোধ! আর আমি তো নির্বাচন করেছি তাঁকে দুনিয়াতে (রিসালাত ও নবুওতের জন্য)। আর অতিঅবশ্যই তিনি আখিরাতে পুণ্যবানদের মাঝে শামিল হবেন।

(ঐ সময়কে স্মরণ করো) যখন বললেন তাঁকে তাঁর প্রতিপালক, তুমি অনুগত হও। তিনি বললেন, অনুগত হলাম আমি রাব্বুল আলামীনের।

আর এই মিল্লাত গ্রহণেরই 'অছিয়ত' করে গিয়েছেন ইবরাহীম তাঁর পুত্রদেরকে এবং ইয়াকুব (তার পুত্রদেরকে এবং বলেছেন), হে আমার পুত্রগণ! নিঃসন্দেহে আল্লাহ নির্বাচন করেছেন তোমাদের জন্য এই দ্বীন (ইসলাম) কে। সুতরাং মৃত্যু বরণ করো না তোমরা 'মুসলিম' না হয়ে।

(তোমরা কি কোন প্রমাণের ভিত্তিতে দাবী করো যে, ইবরাহীম ও ইয়াকূব ইহুদী বা নাছারা ছিলেন) নাকি ইয়াকূবের কাছে মৃত্যু উপস্থিত হওয়ার সময় তোমরা (সেখানে) উপস্থিত ছিলে! যখন বললেন তিনি আপন পুত্রদেরকে, 'কিসের' ইবাদত করবে তোমরা আমার পরে? তারা বললো, ইবাদত করবো আমরা আপনার ইলাহের এবং আপনার পূর্বপুরুষ ইবরাহীম, ইসমাঈল ও ইসহাকের ইলাহের, অর্থাৎ (লা-শরীক) এক ইলাহের, আর আমরা (আমৃত্যু) তাঁরই অনুগত থাকবো।

এঁরা ছিলেন এক সম্প্রদায়, যারা বিগত হয়েছেন, তারা যা অর্জন করেছেন সেটাই তাদের কাজে আসবে, আর তোমরা যা অর্জন করেছো সেটাই তোমাদের কাজে আসবে। তোমাদেরকে জিজ্ঞাসাও করা হবে না তাদের কর্ম সম্পর্কে, (নসবের সুবাদে তাদের কর্ম দ্বারা তোমাদের উপকার লাভ করা দূরের কথা)।

তারা বলে, হয়ে যাও তোমরা ইহুদী বা নাছারা (তাহলে) তোমরা সৎপথপ্রাপ্ত হবে। আপনি বলুন, (তা কিছুতেই হবে না) বরং আমরা তো ইবরাহীমের মিল্লাতই অনুসরণ করবো, যিনি ছিলেন সত্যপন্থী,

আর ছিলেন না তিনি মুশরিকদের দলভুক্ত।
বলো তোমরা, ঈমান এনেছি আমরা আল্লাহর প্রতি এবং ঐ আহকামের প্রতি যা নাযিল করা হয়েছে আমাদের প্রতি এবং যা নাযিল করা হয়েছে ইবরাহীম ও ইসমাঈল ও ইসহাক ও ইয়াকূব ও 'আছবাত'-এর প্রতি এবং যা (কিতাব ও মুজিযা) দেয়া হয়েছে মূসা ও ঈসাকে এবং যা দেয়া হয়েছে অন্য নবীদেরকে তাদের প্রতিপালকের পক্ষ হতে, এমনভাবে যে, (ঈমান আনার ক্ষেত্রে) পার্থক্য করি না আমরা তাদের কারো মাঝে। আর আমরা তো তাঁরই অনুগত।
এখন তারা যদি ঐভাবে ঈমান আনে যেভাবে তোমরা ঈমান এনেছো তাহলে তো তারাও সত্যপথ প্রাপ্ত হবে, আর যদি তারা (তা থেকে) সরে যায় তাহলে তারা বিরোধিতায় লিপ্ত আছে। সুতরাং তাদের মোকাবেলায় অবশ্যই আল্লাহ আপনার জন্য যথেষ্ট হবেন। আর তিনিই সর্বশ্রোতা, সর্বজ্ঞানী।

ملاحظات حول الترجمة

(ক) ... ومن يرغب عن ملة ابراهيم الا من (আরকে বিমুখ হতে পারে ইবরাহীমের মিল্লত থেকে ঐ ব্যক্তি ছাড়া যে ...) نفي ও استثناء দ্বারা যে حصر বা সীমাবদ্ধায়নের অর্থ সৃষ্টি হয় তার ইছবাতি তরজমা এরকম- তারাই শুধু ইবরাহীমের মিল্লাত থেকে বিমুখ হতে পারে যারা .....
এটি থানবী (রহ)-এর তরজমা, আর উপরের তরজমাটি শায়খুলহিন্দ (রহ) এর।
سفه نفسه শায়খুলহিন্দ (রহ) نفسه কে سفه এর মাফউল ধরে তরজমা করেছেন। কিতাবে সেটাই অনুসরণ করে লেখা হয়েছে, নিজেকে নির্বোধ সাব্যস্ত করে।
থানবী (রহ) نصب بنزع الخافض এর ভিত্তিতে তরজমা করেছেন, যারা নিজেদের স্বভাবেই নির্বোধ।

(খ) وصى এর তরজমায় অনেকেই 'নির্দেশ' ব্যবহার করেছেন। কিতাবে অছিয়ত শব্দটি ব্যবহার করা হয়েছে। কারণ তা আলাদা গুরুত্ব বহন করে।

(গ) 'এই দ্বীনকে' এখানে ال কে বিশিষ্টতাজ্ঞাপক অর্থে গ্রহণ করা হয়েছে।

(ঘ) ما تعبدون من بعدي (কিসের ইবাদত করবে তোমরা আমার পরে?) এখানে ما হচ্ছে غير عاقل এর জন্য, থানবী (রহ) তাঁর তরজমায় এ বিষয়টি বিবেচনায় রেখেছেন, কিতাবে তাঁকে অনুসরণ করা হয়েছে। শায়খুলহিন্দ (রহ) তরজমা করেছেন, তোমরা কার ইবাদত করবে?

(ঙ) الهاء واحد এর তরজমায় অধিকাংশ মুতারজিম এটাকে স্বতন্ত্র বাক্যরূপে তরজমা করেছেন, 'তিনি এক আল্লাহ, বা এক ইলাহ'। থানবী (রহ) মূল তারকীব তথা বদলের ভিত্তিতে তরজমা করেছেন। অপ্রয়োজনীয় পরিবর্তন পরিহারের উদ্দেশ্যে কিতাবে সেটাই অনুসরণ করা হয়েছে।

(চ) (আমৃত্যু) এ সংযোজনের কারণ, এখানে ইসমিয়্যা বাক্যটি অব্যাহততার অর্থ প্রদান করছে।

(ছ) حنيفا এটিকে ملة এর ছিফাত ধরে থানবী (রঃ) তরজমা করেছেন, 'যাতে কোন বক্রতা নেই।' (বিকল্প তরজমা, যা সরল বা সত্যাভিমুখী)

(জ) 'আছবাত' দ্বারা এখানে উদ্দেশ্য হলো ইয়াকূব (আঃ)-এর বারটি বংশধারা। কিতাবের তরজমায় এর বাংলা প্রতিশব্দ ব্যবহার করা সঙ্গত মনে হয়নি।

أسئلة :

١ – اشرح كلمة حنيف .

٢ – أعرب أم

٣ – أعرب قوله تعالى : إلٰها واحدا .

٤ – علام عطف قوله تعالى : ما أوتي موسى ؟

٥ – سفه نفسه এর তরজমা পর্যালোচনা কলো

٦ – حنيفا এর তরজমা পর্যালোচনা করো

(١) سَيقول السُّفهاء مِن الناس ما وَلّٰهم عن قبلَتِهم التي كانوا عليها ، قل لِلّٰه المشرِقُ و المغرِبُ، يَهدي من يَشاء الى صراط مستقيم* وَ كذٰلك جَعلنٰكم اُمَّة وَسَطا لِتَكونوا شُهداء على الناس و يكونَ الرسولُ عليكم شَهيدا ، و ما جعلنا القِبلَةَ التي كنتَ عليها اِلّا لِنعلمَ مَن يتَّبِع الرسُول مِمَّن ينقلِب على عَقِبَيْهِ، و اِنْ كانَتْ لَكبيرةً اِلا على الذين هَدٰى اللّٰه، و ما كان الله لِيُضِيع ايمانَكم، اِنَّ اللّٰه بالناس لَرَءوف رحيم *

بيان اللغة

وَلّٰهم (تولية) : صَرَفهم (انظر ٣ / ١/ ٦) তাদেরকে ফিরিয়ে রাখলো
وَلّى الشيءُ : ذهب و أدبر و مضى
وَلّى الشيءَ/عن الشيءِ : تركه و أَعْرَض عنه، أدبر عنه و انصرف . يقال : ولى مُدبرا و ولى هارِبًا
وَلّى فلانًا الأمرَ : جعله وَالِيًا عليه
وَسَطا : الوسَط (بفتح السين) للمذكر و المؤنث و الواحد و الجمع : المعتدل (بينَ الرديءِ و الجيدِ) উত্তম ও অধমের মাঝামাঝি, মধ্যম
الخيرُ (وهو ما بين الإفراطِ و التفريطِ، كالجُودِ بينَ الإسرافِ و البُخلِ) উত্তম গুণ, উত্তম গুণের অধিকারী। ন্যায়পরায়ন
أُمَّةٌ وَسَط : خِيارٌ و عُدولٌ
وسَط الشيءِ : ما بين طَرَفيه (وسَطُ الحبل / الرأس / الدار) কোন বস্তুর মধ্যবর্তী স্থান
الوسْط (بسكون السين) : ظرفٌ بمعنى بينَ، يقال : جلس وَسْطَ القوم، أي : بينهم
شهداء : (انظر ٣/ ١ / ١٠)

ينقلب على عقبيه : يَرتَدُّ على دُبُرِه (و المراد الإعراض و الانصراف) পিছন ফিরে সোজা চলে যায়।

انقلب إلى : انصرف إلى، رجع إلى . انقلب عن : انصرف عن

قلب الشيءَ (قلبا، ض) جَعل أعلاه أَسْفَلَه أو يمينَه شِمالا أو باطنَه ظاهرًا উল্টালো-পাল্টালো (উপরকে নীচে করলো, ডানকে বামে করলো, বাহিরকে ভিতরে করলো)

قَلَبَه إلى : صرَفه إلى . قال تعالى : يعذب من يشاء و يرحم من يشاء و إليه تُقلَبون .

قَلَّب الشيءَ : مبالغةٌ في قَلَب

عقبيه : تثنيةُ عَقِبٍ في حالة الجر و النصب، و هو مُؤَخَّرُ القَدَمِ গোড়ালী و سقوط نون التثنية للإضافة .

رؤوف : (কোমল, সদয়) و الرؤوف من إسماء الله الحسنى . رؤف به (ك، رَأْفَةً، رَآفَةً) : رحمه أشدَّ الرحمةِ و عَطَفَ عليه . قال تعالى : و جعلنا في قلوب الذين اتبعوه رأفة و رحمة .

بيان الإعراب

من الناس : الجار و المجرور متعلقان بمحذوفٍ حالٌ مِنْ السفهاءِ، أي : معدودين من السفهاء، و القائلون هم اليهودُ .

ما ولهم عن قبلتهم التي كانوا عليها : ما اسم استفهام بمعنى أيُّ شيءٍ مبتدأ، و الجملة خبر ما .

الموصول في محلِّ جر صفة لـ : قبلتهم، عليها، أي : عاكفين عليها في الصلاة، و هو خبر الناقص، و المراد بهذه القبلة بيت المَقْدِس .

و كذلك جعلنكم أمة وسطا : الواو استئنافية، و المعنى : يا معشر المسلمين ! جعلناكم امة خيارًا عُدولا جَعْلاً كجعلِ الكعبة قبلتَكم بدَلَ بيتِ المقدس . فالإشارة بـ : ذلك إلى جَعْل الكَعبة قِبلة مَكان بيت المقدس، و الجار مَعَ مجروره متعلق بمصدر محذوفٍ .

و يجوز أن يكون الكاف إسمًا بمعنى مثلٍ، و هو في محل نصبٍ صِفَة للمصدر المحذوفِ .

تكونوا : منصوب بـ : أنِ المضمَرَة بعدَ لام التعليلِ، و المصدر المؤوَّل في محل جر . على الناس متعلق بـ : شُهداءُ .

القبلةَ : مفعولُ جعلنا الأوَّل، و التي اسم موصول في مَحَل نَصْب صِفة للقبلَة، أَمَّا المفعول الثاني فهو محذوف، أي : مَنسوخَة .

إلا لِنعلمَ من يَتَّبِع الرسولَ : إلا أداة حَصْر لا عَمَل لها، و لنعلم متعلق بـ : جعلنا، و الموصول وَصلته مَفعول نَعلم، وَ ممن ينقلِب على عَقِبيه، يتعلق بـ : نعلم، لأنه يَتَضمَّن معنى نُمَيِّز . و المعنى : إنما جعلنا القِبلَة التي كنتَ عليها لِنميِّز المتبعين مِنْ غير المتبعين .

و إن : الواو اعتراضِيَّة أو حالِية، و إن مخففة من الثقيلة، لا عَمَل لها، لأنها دَخلت على جملة فعلية .

كانت : اسم الناقص ضمير مستتر تقديره هي، أي : التوليةُ إلي الكعبة، و كبيرةٌ خبره، و اللام هي الفارقة بين إن النافية و إن المخففة، و هذه اللام لازمة .

إلا : أداة استثناء، و على الذين في موضع نصب على الاستثناء، و المستَثْنى منه مَحذوف، أي : و إن كانت لكبيرة على الناس إلا على الذين هداهم اللّٰه .

وَ لَك أن تجعلَ إلا أداة حصرٍ، و يَعتمِد الحصر على معنى النفي المفهومِ من السِّياق، أي : لا تَسْهُل إلا على الذين هداهم الله

و ما كان الله ليضيعَ إيمانَكم : الواو عاطفة و ما نافية .

لِيُضيعَ : اللام لام الجحود التي يجب أن تكون مسبوقَة بـ : كونٍ مَنْفِيٍّ . و يُضمَر أن بعد لام الجحود وجوبًا وَ بَعْد لام التعليل جوازًا .

و المصدر المؤول في محل جر بلام الجحود، و لام الجحود الجارَّة متعلِقَة دائمًا بخبرِ كانَ المحذوف، و أصلُ العبَارةِ : و ما كان الله مريدًا لإضاعَة إيمانكم .

إن الله ... : هذه الجملة تعليلية، لا محل لها من الإعراب .

ফায়দা ঃ নবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং ছাহাবাগণ হিজরতের পূর্বে মক্কায় এবং হিজরতের পরে মদীনায় প্রথম দিকে

বাইতুল মাকদিস অভিমুখী হয়ে ছালাত আদায় করতেন। বাইতুল মাকদিসই ছিলো ইহুদীদের এবং মুসলিমদের কিবলা। কিন্তু নবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অন্তরের আকাঙ্ক্ষা ছিলো, কা'বাতুল্লাহই যেন কিবলা হয়। আল্লাহ তা'আলা তাঁর প্রিয় নবীর আরযু পূর্ণ করে যখন تحويل القبلة বা কিবলা পরিবর্তনের আদেশ দিলেন তখন ইহুদীরা মূর্খের মত সমালোচনা শুরু করলো যে, মুহম্মদ স্বদেশের এবং স্বজাতির টানে কিবলা পরিবর্তন করেছেন, অচিরেই তিনি স্বজাতির ধর্মে ফিরে যাবেন। সে সম্পর্কে আল্লাহ আগেই আয়াত নাযিল করেছেন।

الترجمة

এখন তো অবশ্যই বলবে, (এই) নির্বোধ লোকেরা কোন্ কারণ মুসলিমদেরকে ফিরিয়ে দিলো তাদের (পূর্ববর্তী) কিবলা (বাইতুল মাকদিস) থেকে, যার উপর তারা (স্থির) ছিলো!

(উত্তরে) আপনি বলুন, মাশরিক ও মাগরিব তো আল্লাহরই। তিনি যাকে ইচ্ছা করেন (তাকে) সরল পথ প্রদর্শন করেন।

এভাবেই বানিয়েছি আমি তোমাদেরকে উত্তম উম্মত, যাতে তোমরা সাক্ষ্য দানকারী হও (নবীগণের পক্ষে এবং পূর্ববর্তী) লোকদের বিপক্ষে, আর (তোমাদের) রাসূল তোমাদের পক্ষে সাক্ষ্যদানকারী হন। আর যে কিবলার উপর আপনি (ইতিপূর্বে স্থির) ছিলেন তাকে আমি (রহিত) করেছি শুধু এজন্য যে, যারা রাসূলকে অনুসরণ করে তাদেরকে আমি পৃথকভাবে চিনে রাখবো ঐ লোকদের থেকে যারা উল্‌টো পায়ে ফিরে যায়।

আর নিঃসন্দেহে এই কিবলা পরিবর্তন (লোকদের উপর) কঠিন হয়েছে, তবে তাদের উপর নয় (যাদেরকে) আল্লাহ হিদায়াত দান করেছেন। আর আল্লাহ তোমাদের ঈমান (নামাযের ছাওয়াব) নষ্ট করার ইচ্ছুক নন। (কারণ) আল্লাহ মানুষের প্রতি অত্যন্ত দয়ালু (ও) করুণাময়।

ملاحظات حول الترجمة

(ক) سيقول (এখন তো অবশ্যই বলবে) এই س এর দু'টি অর্থ রয়েছে, অতিসত্বরতা এবং তাকীদ। থানবী (রহ) তার তরজমায় উভয় অর্থ বিবেচনায় এনেছেন। তাকীদের জন্য ضرور ব্যবহার করেছেন। 'অতিসত্বরতা' এর জন্য সাধারণ উর্দূ

শব্দ হচ্ছে عنقريب (অতিসত্বর বা অচিরেই) কিন্তু এর পরিবর্তে তিনি "اب تو" (এখন তো) ব্যবহার করেছেন। কারণ এখানে অসন্তোষের ভাব বিদ্যমান রয়েছে। আর এই শব্দটি অতিসত্বরতা যেমন বোঝায় তেমনি অসন্তোষের ভাবও প্রকাশ করে। কোন কোন উর্দূ তরজমায় عنقريب এবং বাংলা তরজমায় অচিরেই শব্দ এসেছে যা আয়াতের সঠিক ভাবপ্রকাশক নয়।

(খ) থানবী (রহ) বন্ধনীতে (এই) ব্যবহার করে বলেছেন, السفهاء এর ال হচ্ছে বিশিষ্টতাপ্রকাশক।

(গ) 'নির্বোধ লোকেরা'– কোরআনি তারকীবে من الناس হচ্ছে হাল। বাংলায় ছিফাতের তারকীব না করে উপায় নেই। কিন্তু কোন কোন মুতারজিম 'লোকেরা' বাদ দিয়ে শুধু 'নির্বোধেরা' লিখেছেন, এটা সঠিক নয়।

(ঘ) ما ولـهم عن قبلتهم (কোন্ কারণ মুসলিমদেরকে ফিরিয়ে দিলো তাদের কিবলা হতে) ما এর তরজমা শায়খুলহিন্দ (রহ) করেছেন كس چيز نے থানবী (রহ) করেছেন كس بات نے বাংলা মুতারজিমগণ লিখেছেন 'কিসে'। আসলে এখানে প্রশ্নটি 'কারণবাচক', তাই কিতাবে 'কোন্ কারণ' তরজমা করা হয়েছে। كس بات نے এটিও মূলতঃ কারণবাচক প্রশ্ন। ولـهم এবং قبلتهم – এখানে একটি যামীরের তরজমা ইসমে যাহির দ্বারা করা হয়েছে শায়খুলহিন্দের অনুকরণে।

(ঙ) التي كانوا عليها (যার উপর তারা [স্থির] ছিলো) থানবী (রহ) তরজমা করেছেন, 'যে দিকে তারা পূর্বে অভিমুখী হতো'। একটি বাংলা তরজমায় আছে– 'তারা এ যাবত যে কিবলা অনুসরণ করে আসছিলো'– এ দু'টি হচ্ছে ভাবঅনুবাদ। কিতাবে শায়খুলহিন্দ (রহ) এর অনুসরণে শব্দানুগ তরজমা করা হয়েছে এবং বন্ধনীতে كانوا এর খবরের দিকে ইংগিত করা হয়েছে।

(চ) من يشاء –এখানে 'যাকে ইচ্ছা তাকে' এর চেয়ে 'যাকে ইচ্ছা করেন তাকে' তরজমাটি অধিক যথার্থ।

لله শায়খুলহিন্দ (রহ) এর তরজমা করেছেন– الله هى كا هے (আল্লাহরই) থানবী (রহ) এর তরজমা হলো الله هي كى ملك هيں (আল্লাহরই মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন) ل অব্যয়টি

মালিকানাপ্রকাশক। থানবী (রহ) সেটা পরিষ্কার করে দিয়েছেন।

(ছ) أمة وسطا (উত্তম উম্মত) وسط এর একটি অর্থ- মধ্যপন্থী, অন্য অর্থ উত্তম ও ন্যায়পরায়ণ। অধিকাংশ তাফসীরকার দ্বিতীয়টি গ্রহণ করেছেন, কিতাবেও সেটাই গ্রহণ করা হয়েছে। থানবী (রহ) جو نہایت اعتدال پر ہے (যে উম্মত অত্যন্ত মধ্যপন্থার উপর রয়েছে) লিখেছেন, শায়খুলহিন্দ লিখেছেন امت معتدل (মধ্যপন্থী উম্মত) কিন্তু اعتدال ও معتدل এর পূর্ণ অর্থ ও মর্ম 'মধ্যপন্থা' ও 'মধ্যপন্থী' দ্বারা প্রকাশ পায় না, তাই কিতাবে এ তরজমা পরিহার করা হয়েছে।

(জ) على الناس ও عليكم এখানে প্রথম على অব্যয়টি বিপক্ষতার অর্থে এসেছে, কিন্তু দ্বিতীয়টি স্বপক্ষতাপ্রকাশক ل এর স্থানে এসেছে। উদ্দেশ্য হলো على الناس ও عليكم এর মাঝে শ্রুতিসদৃশতা রক্ষা করা, বাংলায় এই অর্থগত ভিন্নতা প্রকাশ করা উচিত।

শায়খুলহিন্দ (রহ) على এর শাব্দিক তরজমা করেছেন لوگوں پر এবং تم پر)

থানবী (রহ) উভয়ের অর্থগত পার্থক্য নির্দেশ করে লিখেছেন لوگوں کے مقابلے میں (লোকদের মোকাবেলায়) এবং تمہارے لئے (তোমাদের জন্য)

অধিকাংশ বাংলা তরজমায় উভয় ক্ষেত্রে 'জন্য' ব্যবহার করা হয়েছে, যা সঠিক নয়। কিতাবে থানবী (রহ)-এর তরজমা অনুসরণ করা হয়েছে।

و ما جعلنا القبلة التي كنت عليها إلا لنعلم من يتبع الرسول ممن ينقلب على عقبيه (আর যে কিবলার উপর আপনি [স্থির] ছিলেন তাকে আমি [রহিত] করেছি শুধু এ জন্য যে, যারা রাসূলকে অনুসরণ করে তাদেরকে আমি পৃথকভাবে চিনে রাখবো ঐ লোকদের থেকে যারা উল্টো পায়ে ফিরে যায়) কিতাবে এ আয়াতটির যথাসম্ভব শব্দানুগ তরজমা করার চেষ্টা করা হয়েছে। যথা- [ক] মাওছূল من কে অপরিবর্তিত রাখা হয়েছে।

[খ] তাযমীনের নিয়মে نعلم এর মাঝে نُمَيِّزُ এর যে অর্থ অন্তর্ভুক্ত রয়েছে তা বিবেচনায় আনা হয়েছে।

[গ] على عقبيه এর প্রতিশব্দ ব্যবহার করা হয়েছে।
এ আয়াতের সহজবোধ্য ভাবতরজমা এই- আগে আপনি যে কিবলার উপর ছিলেন, তা শুধু এ জন্য ছিলো যে, আমি জেনে নেবো, কে রাসূলের আনুগত্য করে, আর কে পিছনে হটে যায়।
এ তরজমায়- من কে استفهامية তে পরিবর্তন করা হয়েছে এবং ممن এই متعلق কে عطف এ পরিবর্তন করা হয়েছে।
কেউ কেউ ينقلب على عقبيه এর তরজমা করেছেন- 'পিঠটান দেয়' এটা শোভনীয় নয়।

أسئلة :

١ - اشرح مَعانِيَ الوسَط و الوسْط
٢ - اشرح إعراب قوله : و كذلك جعلناكم
٣ - بم يتعلق قوله : ممن ينقلب ؟
٤ - أعرب قوله تعالى : إلا على الذين هدى الله
٥ - এখানে ما এর তরজমা পর্যালোচনা করো ما ولهم
٦ - উভয় ক্ষেত্রে على এর প্রতিশব্দ পর্যালোচনা করো عليكم ও على الناسم

(٢) قَد نرىٰ تقلُّبَ وجهِك في السَّماء، فَلَنُوَلِّيَنَّك قبلةً ترضٰها، فَوَلِّ وجهَك شَطْرَ المسجدِ الحرام، وحيثُ ما كنتم فَوَلُّوا وجوهَكم شطرَه، وَ ان الذين اُوتوا الكتٰبَ لَيَعلمون اَنه الحقُّ من ربهم، و ما الله بِغافلٍ عَمَّا يَعملون * وَ لَئِنْ اتيتَ الذين اُوتوا الِكتٰب بِكُلِّ اٰيَةٍ ما تَبِعُوا قبلَتَك، و ما انتَ بِتابعٍ قبلَتَهم، و ما بعضُهم بتابعٍ قبلَةَ بَعضٍ، وَ لَئِنِ اتَّبعتَ اهواءَهم من بعدِ ما جاءَك مِنَ العلمِ انك اذا لَمِنَ الظّٰلمين *

بيان اللغة

تقلُّبَ وجهِك : أي تطلُّعَك إلى جِهَةِ السماء معَ الاضطراب .

نولينك : (অবশ্যই তোমাকে ফেরাবো) وَلّاه إلى ... কোন দিকে ফেরালো
تَرْضٰى : (তুমি পছন্দ করো) (رِضًا ، رِضْوانا ، مَرْضاةً)
رَضِيَ عنه ضِدُّ سَخِطَ عليه . قال تعالى : رضي الله عنهم و رضوا عنه
رضي شيئًا و به و عنه : اختاره و قَبِله و أحبه
قال تعالى : أرضيتم بالحيٰوة الدنيا مِنَ الآخرة .
رضي له شيئًا : اختاره له، قال تعالى : رضيت لكم الإسلام دينا
أرضاه (إرضاء) : جعله يَرْضٰى، قال تعالى : يُرضونكم بِأَفْواهِهم و تَأبٰى قلوبُهم .
تَراضَيا : رضي كلٌّ منهما بِصاحِبه
ارتضاه : رضيه، اختاره
شطر : نصفُ الشيءِ أو الجزء منه، و الجمع أَشْطُرٌ و شُطور، و الشطر مصدرٌ استُعْمِل ظرفًا بمعنى الناحيةِ . شَطرَ المسجدِ : جِهةَ المسجدِ
شَطَر شيئًا (ن، شَطْراً) : قَسَمَه، جعله نِصفين
حيثما : اسمُ شرطٍ جازمٌ محله النصبُ على الظرفيَّة المكانيَّة، و أصله حيث، وهو ظرف مكانٍ مَبني على الضَّم، يُضاف إلى الجمَل، و تتصل به ما الكافَّةُ فيتَضَمن معنى الشرطِ و يَجزِم فعلين، و في المصحف يُكتَب ما منفصلةً عن حيثُ
الحرام : (مصدر من باب فرح و كرم) حرُم عليه الأمرُ : امتنع عليه و صار حرامًا عليه . و استعمِل صفةً بمعنى الممنوعِ و المحرَّمِ و المقدَّس
تابع (اسم فاعل مِن تَبِعَ) تبعه (س، تَبَعا) مَشى خلفه، سَارَ في أثَرِه . انقادَ إليه
اِتَّبعه : تَبِعه . حَذا حَذْوَه وَ اقتَدٰى به তার অনুগমন/অনুসরণ করলো
اتبع القرآنَ و الحديثَ : عمل بهما

بيان الإعراب

قد : حرفٌ يُختَصُّ بالفعل، يُفيد التوقُّعَ مع المضارع، نحو : قد يقدَم الغائبُ اليومَ، و التقليلَ، نحو : قد يصدُق الكذوب، أي : قَلَّما يصدُق

و التحقيقَ مع الماضي، نحو : قد أفلح المؤمنون
و تقريبَ الماضي لِلحال، نحو : قد قام فلان
و هو هنا للتكثير، يَدلُّ على كثرة التقلُّب، أو هو حرف تحقيق، لأن الفعل لفظُه مضارع وَ معناه ماضٍ، أي قد رَأينا
في السماء : يتعلق بـ : تقلبَ، أو بمحذوفٍ، حال من كاف الخِطاب، أي : ناظِراً في السَّماء .
فَلَنولينَّك : الفاء للتعليل، و قبلةً مفعول به ثانٍ، و يجوز نصبها على نزع الخافض، أي : إلى قبلة، و ترضاها صفة لـ : قبلةً .
شطرَ : ظرف متعلق بـ : وَلِّ، و الحرام صفة للمسجد بمعنى المحرَّم .
و حيث ما : الواو استئنافية، و حيثُما اسم شرطٍ جازم في محل نصب على الظرفيَّة، يتعلق بجواب الشرط، و كنتم فعل تام بمعنى وجدتم، و الجملة في محل جزم شرط . وكان القياسُ أن تكونَ هذه الجملة في محل جر بالإضافة لو لا المانعُ، وهو كونُها مِن عوامِلِ الأفعال .
فولوا : الفاء رابطة، و الجملة جواب الشرط .
الفائدة : حيث ظرف مكانٍ مبنيٌّ على الضم، و مضافٌ إلى الجمل، فهو يقتضي جرَّ ما بعده، و ما يقتضي الجر لا يقتضي الجزمَ، فَلَمَّا وصلت بـ : " ما " اقتضى الجزم وَ زالَ عنها مَعنى الإضافَةِ .
و لئن : الواو استئنافية، وَ اللام مُوَطِّئَة للقسَم .
وَطَّأَ الشيءَ : هَيَّأه তাকে প্রস্তুত করলো
أي : أن هذه اللامَ تُوَطِّئُ للقَسَم
এই লামটি কসমের জন্য ক্ষেত্র প্রস্তুত করে, অর্থাৎ এ কথা বোঝায় যে, এখানে কসমের অব্যয় ও ফেয়েল উহ্য রয়েছে।
أتيت الذين : فعل و فاعل و مفعول به، وَ أوتوا الكتابَ صلة الموصولِ، و الجار مع مجروره متعلق بـ : أتيت، و الجملة شرط
ما تبعوا قبلتك : هذه الجملة لا محل لها من الإعراب، لأنها جوابُ القسَم .
وَإذا اجتمَعَ شرط و قسَمٌ فالجواب للمتقدِّم منهما ، و قد قامَ جواب القسَم مَقام جواب الشرطِ .
وَ لك أن تقولَ : جوابُ القسَم قرينةٌ تدل على جواب الشرط المحذوفِ .

و ما أنت .. و ما بعضهم ... بعض : الواو الأولى اعتراضيّة، وَ الجملة معترضَة، فلا مَحَل لها من الإعرَاب ·

وَ الواو الثانية عاطِفة عُطفتْ بها الجملة الثانيةُ على السابِقَة ·

و لئن اتبعت : الواو استئنافية أو عاطفة، عطفت بها الجملة الشرطية على سابِقَتها، و هي لئن أتيت ...

إذاً : لا محل لها من الإعراب، أداة جواب و جزاءٍ، جِيْءَ بها لتوكيد القسَم و هذه الجملة جواب القسَم، لا جواب الشرطِ، لذلك لم ترتَبِطْ بالفاء ·

الترجمة

আমি দেখছি (ব্যাকুলতার কারণে) আসমানের দিকে বারবার আপনার 'মুখফেরা'। সুতরাং অতিঅবশ্যই আমি ফিরিয়ে দেবো আপনাকে ঐ কেবলার দিকে, যা আপনি পছন্দ করেন। এখন থেকে ফেরাতে থাকুন আপনি আপনার চেহারা (নামাযে) মসজিদুল হারামের দিকে। আর তোমরা যেখানেই থাকো ফেরাতে থাকো তোমাদের চেহারা সেদিকে।

আর যাদেরকে দান করা হয়েছে কিতাব, অতিঅবশ্যই তারা জানে যে, এটাই তাদের প্রতিপালকের পক্ষ হতে (আগত) 'সত্যবিধান'। (সুতরাং এটা তাদের 'জ্ঞানপাপ') আর আল্লাহ তাদের 'আচরণ' সম্পর্কে 'মোটেই' বেখবর নন।

আর যাদেরকে দান করা হয়েছে কিতাব, যদি আপনি তাদেরকে যাবতীয় প্রমাণও প্রদান করেন তারা অনুসরণ করবে না আপনার কিবলা। আর আপনিও অনুসারী হতে পারেন না তাদের কিবলার। এমন কি তাদের একদলও অন্য দলের কিবলার অনুসারী কিছুতেই হবে না।

আর আপনার কাছে যে ইলম এসেছে তারপরও যদি আপনি তাদের 'খেয়াল খুশির' অনুসরণ করেন, তাহলে নিশ্চিতই আপনি যালিমদের অন্তর্ভুক্ত হয়ে যাবেন।

ملاحظات حول الترجمة

(ক) (ব্যাকুলতার কারণে) বাস্তব অবস্থার প্রেক্ষিতে এই বন্ধনী যুক্ত হয়েছে। তাছাড়া تقلب শব্দটিতেও ব্যাকুলতার মর্ম রয়েছে। সে হিসাবে তরজমা করা যায়– 'আকাশের দিকে বারবার

আপনার ব্যাকুল 'দৃষ্টিপাত' আমি লক্ষ্য করেছি।

قد এখানে تكثير এর জন্য এসেছে; 'বারবার' শব্দটি সে কারণেই যুক্ত হয়েছে, তবে বারংবারতা আল্লাহর رؤية এর নয়, বরং رؤية এর মাফউলের অর্থাৎ تقلب الوجه এর।

(খ) 'ফিরিয়ে দেবো'-এর পরিবর্তে 'অভিমুখী করবো' হতে পারে, প্রথমটি শায়খুলহিন্দ (রহ) এর এবং দ্বিতীয়টি থানবী (রহ)-এর তরজমা।

(গ) فول وجهك شطر المسجد الحرام (এখন থেকে ফেরাতে থাকুন আপনি আপনার চেহারা মসজিদুল হারামের দিকে) অংশকে সমগ্র অর্থে গ্রহণ করে এ তরজমা হতে পারে- আপনি নিজেকে মসজিদুল হারামের অভিমুখী করুন।

وجوهكم এর ক্ষেত্রেও একই কথা।

'এখন থেকে'- এটি হচ্ছে فَ এর ভাবতরজমা। 'ফেরাতে থাকুন'- এখানে وَلِّ এবং وَلُّوا এর মাঝে استمرار এর অর্থ রয়েছে। থানবী (রহ) তার তরজমায় এটা বিবেচনা করেছেন। আর শায়খুলহিন্দ (রহ) শব্দানুগ তরজমা করেছেন এভাবে, ফেরাও তুমি তোমার চেহারা।

(ঘ) أنه الحَقُّ (এটাই সত্য বিধান) যামীরের مرجع হচ্ছে تحويل القبلة এই বিধান, এটা বিবেচনা করে শুধু 'সত্য'-এর পরিবর্তে 'সত্য বিধান' বলা হয়েছে, কিংবা বলা যায়- 'এ বিধানই সত্য'। মোটকথা, স্পষ্টায়নের জন্য مرجع এর উল্লেখ করাই এখানে উত্তম। কোন তরজমায় এটা উল্লেখ করা হয়নি।

الحق এর ال কে كمال এর অর্থে গ্রহণ করে থানবী (রহ) তরজমা করেছেন, 'সম্পূর্ণ' সঠিক। তিনি حصر বা বিশিষ্টায়নের বিষয়টি এনেছেন পরে। তাঁর তরজমা হলো- তারা জানে যে, এটা সম্পূর্ণ সঠিক, তাদের প্রতিপালকেরই পক্ষ হতে। শায়খুলহিন্দ (রহ) শুধু حصر এর বিষয়টি লক্ষ্য রেখে তরজমা করেছেন- তারা জানে এটাই সঠিক, তাদের প্রতিপালকের পক্ষ হতে।

(ঙ) আর যাদেরকে দান করা হয়েছে কিতাব যদি আপনি তাদেরকে যাবতীয় প্রমাণও প্রদান করেন- এটা আরবী তারকীবানুগ তরজমা।

শায়খুলহিন্দ (রহ) এর তরজমা- যদি আপনি আহলে কিতাবের 'কাছে' সমস্ত 'নিদর্শন আনেন'।

থানবী (রহ)-এর তরজমা- যদি আপনি আহলে কিতাবের 'সামনে' সমস্ত 'প্রামাণ' পেশ করেন। বাংলা তরজমাগুলোতে এ দুটোই অনুসরণ করা হয়েছে। এবং তা গ্রহণযোগ্য অবশ্যই।

(চ) 'অনুসারী হতে পারেন না' ب অব্যয়টির 'তাকীদ' এর প্রেক্ষিতে এ তরজমা।

أسئلة :

١ - اشرح معاني قد

٢ - أعرب وجهك .

٣ - أعرب من ربهم في قوله تعالى : أنه الحق من ربهم

٤ - ماذا تعرف عن اجتماع القسم و الشرط ؟

٥ - আসমানের দিকে বারবার আপনার 'মুখফেরা' আমি দেখেছি - এখানে 'বারবার' শব্দটির তাৎপর্য আলোচনা করো।

٦ - ما أنت بتابع قبلتهم এর দুটি তরজমা করো এবং উভয় তরজমা পর্যালোচনা করো।

(٣) إن في خلق السمٰوٰت وَالارضِ و اختلاف الَّيل وَ النهار و الفُلْكِ التي تَجري في البَحر بِما ينفَعُ الناسَ و ما أنزل اللّٰهُ من السماء مِن مَّاءٍ فَأَحْيَا به الارضَ بعدَ موتِها وَ بَثَّ فيها من كلِّ دابَّةٍ، و تَصريف الريٰح و السَّحاب المسَخَّرِ بينَ السماءِ وَ الارضِ لَاٰيٰتٍ لِقومٍ يَعْقِلون *

بيان اللغة

اختلاف : مصدرٌ اختلف الشيئان : لم يتفقا অভিন্ন হলো না, ভিন্ন হলো

اختلف الرجلان : أخذ كلٌّ واحدٍ طريقًا غيرَ طريق الآخر في حاله أو قوله কথায় বা কাজে একে অন্য থেকে ভিন্ন পথ গ্রহণ করলো।

وَ الاختلاف بين الناس قد يقتضي التنازُعَ فاستعمِل هذا اللفظُ في

المنازَعَة وَ الجِدال، و قيل : اختلف الرجلان মতবিরোধ করলো, বিবাদ করলো।

اختلاف الليل و النهار : تَعاقُبُهما أَيْ مَجيءُ كل واحدٍ منهما خلفَ الآخر وَ عَقِبَه

الفلك : ما عَظُم مِنَ السفُنِ، يُطلَق على المفرَدِ و الجمعِ، وَ إذا كان مُفردًا فهو مُذكر، وَ إذا كانَ جمعًا فهو مؤنث، لأنه جمعٌ مكسَّرٌ، و التكسيرُ هنا مُقَدَّر، لأن ضمةَ الجمعِ كالضمةِ في أُسْد، و ضمةَ المفردِ كالضمة في قُفْل

بث : أصلُ البَثِّ التفريقُ ছড়িয়ে ফেলা

بَثَّ الريحُ الترابَ : أثارت মাটি/ধূলো উড়ালো বা ছড়িয়ে ফেললো

بث الله الخلقَ : خَلقَهم و نشَرَهم في الأرض وَ أكثَرَهم

قال تعالى : وَ بث فيهما رجالا كثيرًا و نساءً

بث الخبرَ : أذاعَه প্রচার/সম্প্রচার করলো

البَثُّ : الحالُ، أشدُّ الحزنِ الذي لا يَصْبِر عليه صاحِبُه فَيَبُثُّه .

تصريف : مصدرُ صرف الأمرَ : دَبَّره و وَجَّهَه পরিচালনা করলো

تصريف الرياح وَ السحاب : تَقليبُها و نقلُها من حالٍ إلى حالٍ বাতাস ও বায়ু পরিচালনা

بيان الإعراب

اختلاف الليل : معطوف على خَلقِ، و الفلكِ معطوف على اختلافِ (و لك أن تقولَ : معطوفٌ على خلقِ، و كلا التعبيرَينِ جائزان)

بما ينفع الناسَ : ما اسم موصول، مبنيٌّ في محل جر و الجملة بَعده صِلة، أي: بالذي ينفَع الناسَ، أو هي نكِرة موصوفَة بمعنى شَيءٍ، و الجملة بَعدها صِفة، أي : بِشَيءٍ ينفَع الناسَ .

و الجار مع مجروره يتعلق بمحذوف، هو حال من فاعلِ تَجْري، أي : مُتلبسةً بما ينفَع الناس، أو هو متعلق بـ : تجري

و ما أنزل الله : الموصول معطوف على : الفلكِ أو على : خلقِ، في محل جر، و من السماء يتعلق بـ : أنزل، و من ماء يتعلق بمحذوف هو حال من مفعولِ أنزلَ، أي : ما أنزله الله من السماء حالَ كونه ماءً

أحيـا : مـعطوف على أنزل، و كـذلك بَثَّ، و مِن كُلِّ دابَّةٍ يتـعلق بحـال من مَفـعولِ بَثَّ المحذوفِ، أي : و ما بثـه فـيهـا كائنا من كل دابـة، أو هو يتعلق بـ : بث

و تصريف : معطوف على خلق، و السحاب معطوف على خلق

المسـخر صفـة للسحاب، و بين ظرف مكان متعلق بـ : المسخر

الترجـمة

আসমানসমূহের ও যমীনের সৃষ্টিতে এবং রাত ও দিনের বিবর্তনে এবং নৌযানসমূহে, যা চলাচল করে সমুদ্রে মানুষের উপকারী দ্রব্য নিয়ে এবং পানিতে, যা আল্লাহ আসমান থেকে নামিয়েছেন, অনন্তর সজীব করেছেন তা দ্বারা ভূমিকে তার বিশুষ্কতার পর এবং 'বিস্তারিত' করেছেন তাতে সর্বপ্রকার প্রাণী এবং বিভিন্ন প্রকার বাতাসের পরিচালনে এবং আসমান ও যমীনের মাঝে নিয়ন্ত্রণকৃত মেঘমালায় (এ সকল বিষয়ে) অবশ্যই নিদর্শনাবলী রয়েছে ঐ সম্প্রদায়ের জন্য যারা আকল (বুদ্ধি) রাখে।

ملاحظات حـول التـرجمة

(ক) 'আসমানসমূহের ও যমীনের সৃষ্টিতে'– বিকল্প তরজমা, 'আকাশমণ্ডলী ও পৃথিবীর সৃষ্টিতে'।

'এবং নৌযানসমূহে যা মানুষের উপকারী দ্রব্য নিয়ে সমুদ্রে চলাচল করে'– বিকল্প তরজমা, 'এবং সমুদ্রে ভাসমান, মানুষের উপকারী দ্রব্যে বোঝাই নৌযানসমূহে'

'এবং পানিতে যা আল্লাহ আসমান থেকে নামিয়েছেন'– বিকল্প তরজমা, 'এবং বারিধারায় যা আল্লাহ আকাশ থেকে বর্ষণ করেছেন।

'অনন্তর সজীব করেছেন তা দ্বারা ভূমিকে তার বিশুষ্কতার পর'– বিকল্প তরজমা, 'তা দ্বারা বিশুষ্ক ভূমিকে সজীব করেছেন'।

(খ) একটি বাংলা তরজমায় রয়েছে 'এবং নদীতে নৌকাসমূহের চলাচলে মানুষের জন্য কল্যাণ রয়েছে' ব্যাকরণগত দিক থেকে এ তরজমা গুরুতর ভুল।

(গ) শায়খুলহিন্দ (রহ) أحيا ও مَوْتِها এর المعنى الحقيقي। অনুসারে

তরজমা করেছেন – যমীনকে তার মরে যাওয়ার পর যিন্দা করেছেন। আর থানবী (রহ) তরজমা করেছেন, المعنى المجازي অনুসারে। কিতাবে দ্বিতীয়টি অনুসরণ করা হয়েছে।

(ঘ) و تصريفِ الرياح (এবং বিভিন্ন প্রকার বাতাসের পরিচালনে) থানবী ও শায়খুলহিন্দ (রহ) উভয়ে تصريف الرياح এর তরজমা لازم রূপে করেছেন, هواوں کے بدلنے میں
কিতাবে متعدي রূপে তরজমা করা হয়েছে, (বায়ুসমূহের পরিবর্তনে)
কিতাবের তরজমায় رياح কে প্রকারগত বহুবচন ধরা হয়েছে, যেমন মৃদুমন্দ বায়ু, প্রবল বায়ু, শীতল বায়ু, গরম বায়ু ইত্যাদি।

(ঙ) (এ সকল বিষয়ে) এ অংশটি সংযোজন করা প্রয়োজন إن এর খবরের দীর্ঘতার কারণে, শায়খুলহিন্দ (রহ) এটা বন্ধনী ছাড়া এনেছেন, কিতাবে এটাকে বন্ধনীতে আনা হয়েছে, থানবী (রহ) এটা সংযোজন করেন নি।

(চ) يعقلون এর তরজমা শায়খুলহিন্দ (রহ) করেছেন, عقلمندوالوں کیلئے অর্থাৎ তিনি মুফরাদ প্রতিশব্দ ব্যবহার করেছেন। থানবী (রঃ) বাক্যের তরজমা বাক্য দ্বারা করেছেন, কিতাবে সেটাকেই অনুসরণ করা হয়েছে।

(ছ) المسَخَّر। শায়খুলহিন্দ (রহ) তরজমা করেছেন جوکہ تابعدار ہے اسکے حکم کا (যা তার হুকুমের অনুগত) অর্থাৎ المسخر। এর পর لحكم الله এ অংশটি তিনি উহ্য ধরেছেন। থানবী (রহ) তা করেননি। কারণ এর তেমন কোন প্রয়োজনীয়তা নেই। এখানে শুধু এ কথা বোঝানো হয়েছে যে, মেঘমালাকে শূন্যে ঝুলন্ত রাখা হয়েছে।

(জ) السحاب। হচ্ছে ইসমে জিনস। কিতাবে বহুবচনরূপে তরজমা করা হয়েছে। 'মেঘের মাঝে' এ তরজমাও হতে পারে।

أسئلة :

١ – اشرح كلمةَ الفُلْكِ

٢ – أعرب قوله : بما ينفع الناس

٣ – أعرب قوله : من كل دابة

٤ – ما هو اسم إن ؟

৫ – تصريفِ الرياح এর তরজমা পর্যালোচনা করো
৬ – তা দ্বারা ভূমিকে তার বিশুষ্কতার পর সজীব করেছেন– এর বিকল্প তরজমা বলো

(٤) وَ مِنَ الناس مَن يتخذُ مِن دُون اللّٰه انداداً يُحبونهم كَحُبِّ اللّٰه، و الذين اٰمنوا اَشَدُّ حُبًّا لِلّٰه، وَ لو يَرَى الذين ظَلَموا اذ يَرونَ العذابَ، اَنَّ القوةَ لِلّٰه جَميعا، وَ اَنَّ اللّٰه شديدُ العَذابِ * اذ تَبَرَّاَ الذين اُتُّبِعوا مِنَ الذين اتَّبَعوا وَ رَاَوُا العذابَ و تقطَّعَتْ بهم الاسبابُ * وَقال الذين اتَّبعوا لو اَنَّ لنا كَرَّةً فَنَتَبَرَّاَ منهم كما تَبَرَّءُوا منا، كذلك يُريهم الله اعمالَهم حَسَرٰتٍ عليهم، و ما هم بخرجين من النار *

بيان اللغة

تَبَرَّأ منه : تَخَلص منه، تَخلَّى عنه، قَطَع معه العَلاقَة তা থেকে/তার থেকে মুক্ত হলো, তার সাথে নিঃসম্পর্কতা ঘোষণা করলো।

بَرَّأَه من .... : خَلَّصه من ...

بَرَّأَه مِنَ العَيبِ أو الذنبِ أو التُّهمَة : قَضٰى بِبَراءَته منه দোষ থেকে বা পাপ থেকে বা অভিযোগ থেকে তাকে মুক্ত ঘোষণা করলো।

الأسباب : جمعُ سَبَبٍ، و أصلُه الحَبْلُ، وَ المراد به ما يَكون بينَ الناسِ مِنْ رَوابِطَ، كالنسَب و الصداقَة، أوِ المراد منه كلُّ شيءٍ يُتوَصَّلُ به إلى غيره যা কিছুর সাহায্যে অন্য কিছুতে উপনীত হওয়া যায়, উপায়, ওছিলা

تَقَطَّعَتْ بهم الأسبابُ : عَجَزوا وَ انقطَعَتْ سُبُلُهم، أَوِ انقطَعَت بينَهم الروابِطُ و زالَتِ المودَّةُ ·

كرة : رَجعة و عَودة إلى الحالة التي كان فيها

حَسَراتٍ : جمع حسرَةٍ و هي أشدُّ الندَم على شيءٍ فَائتٍ হারানো জিনিসের উপর ভীষণ আফসোস।

بيان الإعراب

و من الناس : الواو استئنافية، و الجملة مستأنفَة مَسُوقَة لِبَيَانِ أَنَّ بعضَ الناس لم يعتَقِدِ الوحدانيةَ بعد أن ثبتت بالدليل القاطع ·

من يتخذ من دون الله أندادا : من اسم موصولٍ أو نكرة موصوفةٌ في محل رفع مبتدأ مؤخَّر، و يتخذ صلةُ مَنْ أو صفة لها، و من دون الله يتعلق بـ : يتخذ أو بحال مقدَّمَةٍ، أي : يتخذ الأندادَ معدودةً من دون الله .

كحب الله : الكاف نائب مفعول مطلقٍ، أي : يُحبونهم حُبًّا كحبِّ اللّٰه، أو مثلَ حب اللّٰه، و المصدر مضاف إلىٰ مفعوله .

أشدُّ حبا لله : لله يتعلق بـ : حبا، و هو تمييز من النسبة القائمة بين أَفْعَلَ و فاعِلِه .

إذ : إذ هنا ظرفٌ للزمن المستقبَل، اُستعِيرَ من الماضي، متعلق بـ : يرى، مضاف إلى الجملة بعده .

أن القوةَ لِلّٰه : أي : ثبوتَ القوة للّٰه، و هذا المصدر المؤول قائِمٌ مقام مفعولَيْ يَرىٰ، لأنه من رؤيَة القلب لا البَصَرِ، و جميعا حال من الضمير المستتر في خبر أن المحذوف، و جواب الشرط محذوف، أي : لَا ْستَعْظَمُوا مَا حَلَّ بِهِمْ .

إذ تبرأ : ظرف يتعلق بفعل محذوف، و هو : يعلمون شِدةَ العذاب

وَ رَأوا العذابَ : الواو حالية، و الجملة في محل نصب حال من فاعل تبرأ، بتقدير قد، أو هي معطوفة على جملة تبرأ .

و تقطعت بهم الأسباب : الجملة معطوفة على ما تقدم، و الباء سببية، أي : بسبب كفرهم، أو هي بمعنى عن .

لو أن لنا كرة : لو هنا قائم مقام فعل التمني، أي : نتمنى، و المصدر المؤول مفعول هذا الفعل المفهوم من لو، أي : نتمنى ثبوت كرة لنا

أو هو حرفُ شرطٍ يَحمِل معنَى التمني، و المصدر المؤول فاعلٌ لفعلٍ محذوف، أي : لو ثَبتَ وجودُ الكرةِ لنا .

فنتبرأ : المضارع منصوب بـ : أن المضمرة وجوبا بعد فاء السببية المسبوقة بالتمني، و جواب الشرط محذوف، أي : لَتَبَرَّأْنا منهم .

كذلك يُريهم الله اعمالهم : الكاف اسم بمعنى مثلٍ، مضافٌ، في محل نصبٍ نائبٌ عن مفعولٍ مطلق، لأنه صفة لمصدرٍ محذوف، أو هو حرف جر و تشبيهٍ متعلقٌ بالمصدر المحذوفِ . و الإشارة بـ : ذا إلى الإراء المفهوم من كلام سابق .

و التقدير : يُريهم إراءةً مثلَ ذلك الإراء، و أعمالَهم مفعول به ثانٍ، و حسراتٍ حال من المفعول الثاني و عليهم متعلق بالحال ·

الترجمة

আর মানুষের মাঝে একদল এমনও রয়েছে যারা গ্রহণ করে আল্লাহর পরিবর্তে অন্যান্য সমকক্ষ। তারা ভালোবাসে (কথিত) সমকক্ষদেরকে আল্লাহর প্রতি (মুমিনদের) মুহব্বতের মত। আর যারা ঈমান এনেছে, আল্লাহর প্রতি মুহব্বতের ক্ষেত্রে তারা (মুশরিকদের চেয়ে) অধিক প্রবল।

যারা যুলম করেছে, হায় তারা যদি (দুনিয়াতে) কোন আযাব দেখার সময় এটা বুঝতো যে, সমস্ত ক্ষমতা আল্লাহর জন্য এবং (এটাও বুঝতো যে,) আল্লাহ ভীষণ আযাবদানকারী।

(আযাবের ভীষণতা তারা বুঝতে পারবে) যখন যাদের অনুসরণ করা হয়েছে তারা দায়মুক্ত হয়ে যাবে, তাদের থেকে, যারা অনুসরণ করেছিলো এমন অবস্থায় যে, তারা আযাব প্রত্যক্ষ করবে এবং তাদের কুফুরির কারণে কর্তিত হয়ে যাবে সমস্ত উপায়-অবলম্বন।

আর যারা অনুসরণ করেছিলো তারা বলবে, কোনভাবে যদি আমাদের জন্য শুধু একবার ফেরা সম্ভব হতো যাতে আমরাও সম্পর্কমুক্ত হতে পারি তাদের থেকে, যেমন (আজ) তারা সম্পর্কমুক্ত হয়ে গেছে আমাদের থেকে।

এভাবেই আল্লাহ তাদেরকে তাদের (বদ) আমলগুলো দেখাবেন তাদের জন্য অনুতাপের বিষয়রূপে। আর তারা কিছুতেই বের হতে পারবে না জাহান্নাম থেকে।

ملاحظات حول الترجمة

(ক) كحب الله (আল্লাহর প্রতি [মুমিনদের] মুহব্বতের মত) এখানে حب এর ফায়েল উল্লেখ করা হয়েছে। আর এ উপমা হচ্ছে বাহ্যত, অন্যথায় আল্লাহর প্রতি মুমিনদের মুহব্বত তথাকথিত সমকক্ষদের প্রতি মুশরিকদের ভালোবাসার চেয়ে বহুগুণ প্রবল। (এ তরজমা করা হয়েছে صفوة التفاسير অবলম্বনে)

থানবী (রহ) লিখেছেন, তারা তাদের প্রতি এমন ভালোবাসা

পোষণ করে যেমন ভালোবাসা আল্লাহর প্রতি পোষণ করা কর্তব্য।

(খ) থানবী (রহ) أَشَدُّ কে তুলনামূলক গুণের পরিবর্তে অতিশয়তার অর্থে গ্রহণ করে লিখেছেন- আর যারা মুমিন, তাদের (শুধু) আল্লাহর প্রতি অত্যন্ত সুদৃঢ় ভালোবাসা রয়েছে।

(গ) لو يرى এখানে থানবী (রহ) অত্যন্ত সুন্দর তরজমা করেছেন। আল্লাহ তাঁর দরজা বুলন্দ করুন, আমীন। তিনি لو কে শুধু আকাঙ্ক্ষাবাচক অর্থে গ্রহণ করে বলেছেন, لو এর কোন জওয়াব উহ্য ধরার প্রয়োজন নেই, তাছাড়া তিনি يرون العذاب এর পরে في الدنيا উহ্য ধরেছেন, ফলে আয়াতের মর্ম সুস্পষ্ট হয়ে গেছে। (কিতাবের তরজমায় তাকেই অনুসরণ করা হয়েছে।

إذ تبرأ এটিকে তিনি উহ্য يعلمون شدة العذاب এর ظرف ধরে তরজমা করেছেন; ফলে তারজমা হয়েছে সহজবোধ্য। অধিকাংশ বাংলা তরজমায় মর্মগত অস্পষ্টতা এবং ভুল রয়েছে।

أسئلة :

١ - اشرح كلمةَ الأسبابِ

٢ - أعرب قوله : أن القوة لله

٣ - أعرب : لو أن لنا كرة

٤ - بم يتعلق قوله إذ تبرأ

৫ كحب الله এর তরজমা পর্যালোচনা করো

৬ أشد حبا لله এর তরজমা পর্যালোচনা করো

(٥) وَ مِن الناس مَن يعجبك قولُه في الحيوة الدنيا ويُشهد اللهَ على ما في قلبه، وَ هو ألدُّ الخِصام * وَ اذا تَولّى سعى في الارضِ لِيُفسد فيها وَ يُهلكَ الحرثَ و النسلَ، و الله لا يحب الفساد * و اذا قيل له اتّقِ اللّٰه اخذَتْه العِزّة بِالْاِثم فَحَسْبُه جَهَنَّم، وَ لَبِئْسَ المهاد * وَ من الناس مَن يشري نفسَه ابتغاءَ مرضاتِ اللّٰه، و اللّٰه

رَءوف بالعباد * يٰاَيُّها الذين اٰمنوا ادخُلوا في السِّلْم كافَّةً، و لا تَتبعوا خُطُوٰت الشيطٰن، انه لكم عدو مبين * فان زَلَلْتم مِن بعد ما جاءتكم البينٰت فاعلَموا ان الله عزيزٌ حكيم *

بيان اللغة

يُشهد (সাক্ষী রাখে) أشهَده على كذا : جَعله يَشْهَد عليه

أَلَدُّ : لَدَّ يَلَدُّ (س، لَدَدًا) : اشتدت خصومتُه فهو ألد و هي لَدَّاءُ

ঘোরতর (শত্রু বা বিবাদকারী)

الخِصام : جمعُ خَصْمٍ، كصَعْبٍ وَ صِعاب (বিবাদকারী, প্রতিপক্ষ)

خَصَمه (ض، خَصْما، خِصامًا، خُصومَةً) : غَلَبه في الخِصام

বিবাদে তাকে পরাস্ত করলো।

خَصِم (س، خَصَمًا و خِصاما) : أَحْكَمَ الخصومَةَ و هو خَصِمٌ

জোরদার বিবাদ করলো

خاصَمه (مخاصمة، خِصاما) جادلَه و نازَعه، فهو مُخاصِم و خَصيم

اختصم القومُ و تَخاصموا : خاصَم بعضُهم بعضًا

الحرث : إلقاء البَذر في الأرض، و يُسَمَّى المحروثُ حَرْثًا

و روي : أُحرث في دنياك لآخرتك

حَرَثَ الأرضَ (ن، حَرْثًا) شَقَّها بالمحراث لِيَزْرَعَها

النَّسْلُ : الانفصال عَنِ الشيء، نَسَل الشيءُ (ن، نُسولًا) : انفصَلَ عن غيره و سقَط، نَسل الثوبُ عن الإنسان .

و نَسَل الماشِي (ض، نسلا) : أسرَعَ، قال تعالى : وَهم من كُلِّ حَدَبٍ يَنْسِلون، أي : مِنْ كُلِّ أرضٍ . نَسَلَ الولدَ : وَلَدَه

و النسل : الولد، لكونه ناسلا عن أبيه أو لأنه ينسُل، أي : يسقط من بطن أمه بسرعة

العزة : الحمِيَّة و الأَنَفَة (আত্মমর্যাদা, জাত্যাভিমান)

العزة بالإثم (গোনাহের প্রতি একরোখা টান)

المهاد : المكان المُمَهَّد و المُوَطَّأ، و قيل الفِراشُ المهيَّأ للنوم، و المَهْدُ في معناه

يَشْرِي : يَبِيع (ض، شِراءً، شِرىً) باع - اشترى
السلم : بكسر السين بمعنى الإسلام، و بفتحها بمعنى الصلح، و أصله من الاستسلام ، قال الإمام الراغب : السلام و السِّلم و السَّلم : الصلح، و قال في المصباح : السِّلم و السَّلم : الصلح، يذكر و يؤنث
حَسْبُه : اسمٌ بمعنى كافٍ، و اسمُ فعلٍ، يقال : حسبك هذا، أي : اكتَفِ به، و حسبُك مِنْ شَرٍّ سَماعُه، أي يَكفيك أن تسمَعَه لِتَبتعدَ عنه
و الحسَب : القَدْرُ، يقال الأجرُ بِحَسَبِ العمل
زللتم : زَلَّت قَدَمُه (ض، زَلاًّ، زَلَلا) زَلَقَت তার পা ফসকে গেলো, তার পদস্খলন হলো।
الزلَل : الإعراض عن الطريق المستقيم، و أصلُه في القدم، ثم استعمِل في الأمور المعنَوية

بيان الإعراب

في الحيوة : يتعلق بـ : قولُه، أو بـ : يُعجبك، فَعلى الأول يكون القولُ صادرًا في الحياة الدنيا ، و على الثاني يكون الإعجابُ صادرا فيها .
يُشهد: هذه الجملة معطوفة على يعجبك، أو هي مستأنفة
و هو ألد الخصام : الواو حالية، و الجملة بعدها حال من فاعلِ يُشهد
و إذا قيل له : الجار مع مجروره يتعلق بالفعل، و جملة اتق الله في محل رفعٍ نائبُ فاعلٍ للفعل .
بالإثم : متعلق بمحذوف، و هو حال من الفاعل أو المفعول، أي : متلبسةً أو متلبسًا بالإثم، و الباء لِلمُصاحَبة، أو الجار مع مجروره متعلق بالفعل، وَ الباء للسبَبِيَّة .
حسبُه : خبر مقدم، و جهنم مبتدأ مؤخر، و الفاء فصيحة، و هي ما تُفصح عن شرطٍ مقدَّر، أي : إذا كان هذا شأنُه فحسبُه جهنم
و لبئس المهاد : اللام واقعة في جواب القسم المحذوف، أي : أقسم و الله .
و جملة بئس المهاد خبر مقدم، و المخصوص بالذم محذوف للقرينة السابقة، مبتدأ مؤخر، أي : جهنم .
ابتغاءَ : مفعول لأجله، و المصدر مضاف إلى مفعوله .

كافة : حال من واو الجماعة، أي : مجتمعين
إنه لكم عدو : الجار مع مجروره متعلق بـ : عدو

الترجمة

আর মানুষের মাঝে একজন এমনও আছে যার দুনিয়াবি উদ্দেশ্যের 'কথাবার্তা' মুগ্ধ করে আপনাকে, আর তার অন্তরে যা আছে সে বিষয়ে সাক্ষী রাখে সে আল্লাহকে, অথচ সে (আপনার) ঘোর বিরোধী। আর যখন সে (আপনার কাছ থেকে) ফিরে যায় (তখন) সে 'দৌড়ঝাঁপ' করে এলাকায়, ফাসাদ (ও গোলযোগ) করার জন্য সেখানে এবং বরবাদ করার জন্য ফসল ও 'নসল'। আল্লাহ কিন্তু পছন্দ করেন না ফাসাদ। আর যখন বলা হয় তাকে, ভয় করো আল্লাহকে, তখন পাপের কারণে 'শ্লাঘা' তাকে পেয়ে বসে। তো জাহান্নামই তার জন্য যথেষ্ট। আর নিঃসন্দেহে তা কত না মন্দ ঠিকানা! পক্ষান্তরে মানুষের মাঝে একজন এমনও আছে যে নিজের জান পর্যন্ত 'খরচ' করে ফেলে আল্লাহর সন্তুষ্টির সন্ধানে। আর আল্লাহ (এমন) বান্দাদের প্রতি অতি দয়ালু।

হে ঐ লোকেরা যারা ঈমান এনেছো দাখেল হয়ে যাও তোমরা ইসলামে পরিপূর্ণরূপে। আর শয়তানের 'কদম কদম' অনুসরণ করো না। (কারণ) সে তো তোমাদের খোলা দুশমন। তো যদি তোমরা 'পদস্খলিত' হও তোমাদের কাছে সুস্পষ্ট প্রমাণাদি আসার পরও তাহলে জেনে রেখো যে, আল্লাহ মহাপরাক্রমশালী, মহাপ্রজ্ঞাময়।

ملاحظات حول الترجمة

(ক) 'আর মানুষের মাঝে একজন' من শব্দগতভাবে যেমন মুফরাদ, তেমনি এখানে অর্থগত ক্ষেত্রেও তা মুফরাদের জন্য এসেছে। কারণ প্রথম ক্ষেত্রে উদ্দেশ্য হলো আখনাস বিন শোরায়ক নামক এক ব্যক্তি, আর দ্বিতীয় ক্ষেত্রে উদ্দেশ্য হলেন হযরত ছোহায়ব রূমী। তাই من এর তরজমায় 'একদল' এর পরিবর্তে 'একজন' করা হয়েছে। (অন্যান্য তরজমায় বিষয়টি বিবেচনা করা হয়নি।)

(খ) দুনিয়াবি উদ্দেশ্যের 'কথাবার্তা'- এটি থানবী (রহ)-এর তরজমা, তিনি (রহ) লিখেছেন, লোকটি ঈমানের দাবী করে যা কিছু বলতো তা দুনিয়াবি উদ্দেশ্য লাভের জন্যই বলতো।

তিনি রূহুল মাআনির হাওয়ালা দিয়ে লিখেছেন, القول في كذا অর্থ হচ্ছে, 'কথার উদ্দেশ্য এই'–
في الحيوة الدنيا কে يعجبك এর সাথে متعلق ধরলে তরজমা হবে, পার্থিব জীবনে তো তাদের কথা আপনাকে মুগ্ধ করে, (কিন্তু আখেরাতে তা কোন কাজে আসবে না।)
কথা ও 'কথাবার্তা' দুটোই গ্রহণযোগ্য। শায়খুলহিন্দ (রহ) প্রথমটি এবং থানবী (রহ) দ্বিতীয়টি ব্যবহার করেছেন।

(গ) سعى শব্দের অর্থ চেষ্টা করেছে, আর سعى في الأرض এর মাঝে অতিশয়তা আছে, শায়খুলহিন্দ ও থানবী (রহ) অতিশয়তার বিষয়টি বিবেচনায় রেখে دوڑ دهوپ তরজমা করেছেন। কিতাবে তাদের অনুসরণে 'দৌড়ঝাপ' তরজমা করা হয়েছে। বাংলা তরজমাগুলোতে বিষয়টি বিবেচনা করা হয়নি।
একটি তরজমায় আছে, "তখন সে পৃথিবীতে ফাসাদ সৃষ্টি করে, আর শস্যক্ষেত্র ও জীবজন্তুর বংশ ধ্বংস করার চেষ্টা করে।" এ তরজমায় ব্যাকরণগত বিচ্যুতি রয়েছে।

(ঘ) আয়াতটি মদীনার এক লোক সম্পর্কে নাযিল হয়েছে, সুতরাং الأرض এর অর্থ 'পৃথিবী' হতে পারে না। থানবী (রহ) বলেছেন, এখানে ال অব্যয়টি বিশিষ্টতাজ্ঞাপক, অর্থাৎ বিশেষ ভূখণ্ড, অর্থাৎ মদীনা উদ্দেশ্য। এ জন্য কিতাবে তরজমা করা হয়েছে। 'এলাকায়'। থানবী (রহ) এর তরজমা হলো, 'শহরে'।

(ঙ) শ্রুতিসৌন্দর্যের জন্য ফসল-এর সঙ্গে 'নসল' ব্যবহার করা হয়েছে। এখানে নসল দ্বারা মানববংশ উদ্দেশ্য নয়, গবাদিপশু উদ্দেশ্য। থানবী (রহ) তরজমা করেছেন, كهيت اور مواشي

إن كنتم صادقين : و هنا حذف، أي : في أَنَّ الأصنامَ تنفعكم، و جواب الشرط محذوف، أي فادعوها

لولا ... : تكون على ثلاثة أوجه :

(١) حرف شرطٍ يدل على امتناعِ الجوَابِ لِوُجود الشرطِ : تقول لولا علي لهلك عمر ٠

و يكون الشرط جملة اسمية خبرها محذوف وجوبا ٠

و يَكثُر اللام في جَوابها، و إذا كان الجواب منفيا بـ : لم امتنع دخول اللام فيه ٠

(٢) حرف تحضيض، فَتختَصُّ بالمضارع، و لو كانَ حُكمًا ٠ تقول : لولا تستغفرون الله، و لولا أخرتني إلى أجل قريب ٠

(٣) حرف توبيخ، فَتختص بالماضي كما ترى في هذه الاية ٠

إذ جاءهم بأسنا يتعلق بـ : تضرعوا ٠

الترجمة

ভূমিতে বিচরণকারী সকল (শ্রেণীর) প্রাণী এবং দু' ডানায় উড়ন্ত

সকল (শ্রেণীর) পক্ষী তোমাদেরই মত বিভিন্ন সম্প্রদায় মাত্র। আমি কোন কিছু (লাওহে মাহফূয) কিতাবে (লেখা) ছেড়ে দেইনি। তারপর তাদের প্রতিপালকের(খ) নিকট একত্র করা হবে তাদের (সকল)-কে। যারা মিথ্যা বলে আমার আয়াতসমূহকে তারা (যেন) বধির ও মুক, তারা বিভিন্ন অন্ধকারে (ডুবে) রয়েছে।

আল্লাহ যাকে ইচ্ছা করেন তাকে বিপথগামী করেন, আর যাকে ইচ্ছা করেন তাকে সরল পথে স্থাপন করেন।

আপনি বলুন, বলো তো দেখি, যদি এসে পড়ে তোমাদের উপর আল্লাহর আযাব, কিংবা এসে পড়ে তোমাদের উপর কিয়ামত (তাহলে) তোমরা কি গায়রুল্লাহকে ডাকবে? যদি তোমরা (তোমাদের শিরকী দাবীতে) সত্যবাদী হও (তাহলে উপাস্যদেরকেই ডাকো। তা তো করো না) বরং তাঁকেই তোমরা ডাকো, অনন্তর যে বিপদের জন্য তোমরা (তাঁকে) ডাকো তিনি তা দূর করে দেন, যদি ইচ্ছা করেন। আর তোমরা তো ভুলে যাও ঐ উপাস্যকে যাদেরকে তোমরা শরীক করে থাকো।

আর অতিঅবশ্যই আমি (রাসূল) প্রেরণ করেছি বিভিন্ন উম্মতের উদ্দেশ্যে আপনার পূর্বে। আমি পাকড়াও করেছি অনন্তর তাদেরকে, অনটন ও কষ্ট দ্বারা, যাতে তারা কাতরতা প্রকাশ করে। তো যখন এসে পড়লো তাদের উপর আমার পরাক্রম তখন কেন তারা কাতরতা প্রকাশ করলো না! বরং কঠিন হয়ে গেলো তাদের অন্তর, আর শয়তান তাদের জন্য শোভনীয় রূপ দিতে থাকলো তাদের অব্যাহত কৃতকর্মকে।

ملاحظات حول الترجمة

(ক) و ما من دابة বন্ধনীতে 'শ্রেণী' শব্দটি যোগ করে বোঝানো হয়েছে যে, এখানে প্রতিটি فرد উদ্দেশ্য নয়, প্রতিটি শ্রেণী উদ্দেশ্য; পরবর্তী أمم শব্দটি তা প্রমাণ করে, কেননা শ্রেণীকেই أمة বলা যাবে, ফরদকে নয়।

(খ) সম্প্রদায় মাত্র – মাত্র শব্দটি 'হাছরনির্দেশক'। অর্থাৎ তোমাদেরই মত বিভিন্ন সম্প্রদায় ছাড়া আর কিছু নয়।

(গ) صم و بكم তারা (যেন) বধির ও মুক – বন্ধনীর 'যেন' শব্দটি দ্বারা থানবী (রহ) আয়াতে বিদ্যমান তাশবীহের দিকে ইঙ্গিত করেছেন। অবশ্য এটা না করলেও চলে।

(ঘ) يجعل স্থাপন করেন – এটি আক্ষরিক প্রতিশব্দ, 'পরিচালিত করেন' এটি ভাবপ্রতিশব্দ।

(ঙ) أرسلنا إلى أمم من قبلك ([রাসূল] প্রেরণ করেছি বিভিন্ন উম্মতের উদ্দেশ্যে আপনার পূর্বে) এখানে من قبلك কে أرسلنا এর متعلق ধরে তরজমা করা হয়েছে। ভিন্ন তারকীব অনুসারে তরজমা হতে পারে– আপনার পূর্বে বিগত বিভিন্ন উম্মতের কাছে প্রেরণ করেছি।

(চ) و لا طائرٍ يَطير একটি তরজমায় আছে– 'অথবা নিজ ডানার সাহায্যে এমন কোন পাখী উড়ে না, কিন্তু তারা ....

বাংলা বাক্যটি শুদ্ধ নয়, কারণ 'এমন'-এর পর স্বাভাবিকভাবে 'যা' আসার কথা।

তাছাড়া 'এবং'-এর পরিবর্তে 'অথবা'-এর ব্যবহার সঙ্গত নয়। একটি তরজমায় আছে– 'উড়ে বেড়ায়' – এখানে বেড়ায় শব্দটির সংযোজন সুন্দর নয়।

(ছ) لعلهم يتضرعون (যাতে তারা কাতরতা প্রকাশ করে) কোন কোন বাংলা তরজমায় আছে– বিনীত হয়/কাকুতি মিনতি করে। কিতাবে তরজমা করা হয়েছে শায়খুলহিন্দের অনুকরণে। থানবী (রহ) লিখেছেন, যাতে তারা নরম হয়ে যায়।

زيـن (শোভনীয় রূপ দিতে থাকলো) এটি থানবী (রহ) এর তরজমা। তিনি অব্যাহততার দিকটি বিবেচনায় এনেছেন।

ما كانوا يعملون (তাদের অব্যাহত কৃতকর্মকে) মাযী ইসতিমরারের তরজমারূপে 'অব্যাহত' শব্দটি যুক্ত হয়েছে।

أسئلة :

١ – اشرح كلمةَ دابَّةٍ .

٢ – ماذا تعرف عن لولا ؟

٣ – أعرب قوله : في الظُّلُمات .

٤ – ماذا تعرف عن أرأيتَ و أرأيتَك ؟

٥ – طائرٍ و دابةٍ এর তরজমায় 'শ্রেণী' শব্দটি যোগ করার উদ্দেশ্য বলো

٦ – و لقد أرسلنا إلى أمم من قبلك এ বাক্যটির দুই তারকীব অনুসারে তরজমা করো।

(٨) فَلما نَسوا ما ذُكروا به فَتحنا عليهم أبواب كلّ شيءٍ حتى إذا فَرِحوا بما أُوتوا أخذنٰهم بغتَةً فاذا هم مُبلِسون * فَقُطِعَ دابرُ القومِ الذين ظلَموا، و الحمدُ لله رَبِّ العٰلمين * قل ارءيتُم إن أخذ اللّٰه سَمْعَكم وَ أبْصارَكم و ختَم على قُلوبكم مَنْ الٰهٌ غيرُالله يَاتيكم به، اُنظر كيفَ نصرِّف الأيٰت ثم هم يَصدِفون * قل ارءيتَكم إن اتٰكم عذاب الله بغتَةً او جَهْرَةً هل يُهلَك إلا القومُ الظّٰلِمون * و ما نُرسِل المرسَلين إلّا مبشرين و منذرين، فَمن امَنَ و اصلَح فَلا خوف عليهم وَ لا هم يحزَنون * وَ الذين كذَّبوا بِايٰتنا يَمَسُّهم العذابُ بما كانوا يفسُقون *

بيان اللغة

أبلَسَ في أمرِه : تحيَّر، و لم يَدر ماذا يفعَل .

صَدَف عن ... (ض، صَدْفًا) : أعرَض، و صدَفَه : صرَفه

دابِر : الدابر التابِع و المتأخِّر، و يكون هذا مَكانًا و زمانًا و مَرتَبَةً .

و قُطِع دابرُ القومِ : أُهلِكُوا جميعًا .

بيان الإعراب

حتى إذا فرحوا : حتى هذه ابتدائية

فإذا هم : هذه إذا الفُجائِيَّةُ، و هي ما يُفيد أَنَّ المضمونَ حدَث فَجْأَةً، و إذا الفُجائِيَّة لا عمَل لها و لا مَحَل لها مِنَ الإعراب .

إِنْ أخذَ الله : هذا شرط و أداة شرطٍ، و جواب الشرط محذوف، أي : فمن يَأتيكم به، وَ الاستفهام يدل على هذا الجواب، و لا يجوز أن يكون هذا الاستفهام جوابًا .

من إله غير الله يأتيكم به : من اسم استفهام في موضع رفع على الابتداء، و إله خبره، و غير الله صفة الخبر، و جملة يأتيكم به صفة ثانية للخبر أو خبر ثان للمبتدأ .

و الهاء في به تعود على السَّمْعِ، لأنه المذكورُ أوَّلاً، أو تعودُ على السمعِ و الأبصارِ بمعنَى المأخوذِ، فجازَ إفراد الضمير ·
كيف نصرف : كيف حال من المفعول و العامل فيها نُصَرف ·
ثم : هذا حرف استئنافٍ، أو هو حرف عطفٍ عُطف به على أُنظر ·
إن أتاكم : جواب الشرط محذوف، دل عليه الاستفهام ·

الترجمة

অনন্তর যখন ভুলে গেলো তারা ঐ বাণী যা দ্বারা তাদেরকে উপদেশ দেয়া হয়েছিলো তখন খুলে দিলাম আমি তাদের উপর (তাদের জন্য) সকল কিছুর দরজা। এমন কি যখন উল্লসিত হলো তারা ঐ সকল নেয়ামতের কারণে যা তাদেরকে দেয়া হয়েছিলো তখন পাকড়াও করলাম আমি তাদেরকে আচানক। তখন হঠাৎ দেখা গেলো যে, তারা স্তব্ধ। এভাবে কেটে দেয়া হলো ঐ সম্প্রদায়ের শিকড় যারা অবিচার করেছিলো, (হরণ করে) নিয়ে যান আর সকল প্রশংসা আল্লাহ্ রাব্বুল আলামীনের।
আপনি বলুন, বলো দেখি, যদি (হরণ করে) নিয়ে যান আল্লাহ্ তোমাদের কর্ণ ও চক্ষুসমূহ এবং মোহর এঁটে দেন তোমাদের অন্তরসমূহের উপর তাহলে কে আছে আল্লাহ্ ছাড়া এমন উপাস্য, যে এনে দেবে তোমাদেরকে তা। দেখো কিভাবে আমি নিদর্শনাবলী বিভিন্নভাবে বর্ণনা করি, তারপরো তারা বিমুখ হয়।
আপনি বলুন, বলো তো দেখি, যদি এসে পড়ে তোমাদের উপর আল্লাহ্র আযাব আচমকা কিংবা প্রকাশ্যে (তাহলে তো জালিম কাওম ছাড়া অন্য কাউকে হালাক করা হবে না, কারণ) যালিম কাওম ছাড়া অন্য কাউকে হালাক করা হয় না।
আর প্রেরণ করিনি আমি রাসূলদেরকে, কিন্তু সুসংবাদদানকারী ও সতর্ককারীরূপে। সুতরাং যারা ঈমান আনবে এবং (নিজেদের আকীদা-আমলকে) সংশোধন করবে তাদের কোন আশংকা নেই এবং তারা দুশ্চিন্তাগ্রস্তও হবে না।
আর যারা মিথ্যা আরোপ করবে আমার আয়াতসমূহের প্রতি, পাকড়াও করবে তাদেরকে আযাব তাদের অব্যাহত নাফরমানির কারণে।

ملاحظات حول الترجمة

(ক) فلما نسوا ما ذكروا به (যখন ভুলে গেলো তারা ঐ বাণী যা দ্বারা তাদেরকে উপদেশ দেয়া হয়েছিলো) এখানে ما এর স্থানীয় অর্থ এবং به এর প্রতিশব্দ উল্লেখ করা হয়েছে।
একটি তরজমায় আছে– তাদেরকে যে উপদেশ দেয়া হয়েছিলো যখন তারা তা বিস্মৃত হলো।
অন্য তরজমায় আছে– তারা যখন ঐ উপদেশ ভুলে গেলো যা তাদেরকে দেয়া হয়েছিলো।
এ ধরনের তরজমা গ্রহণযোগ্য তবে পূর্ণ মূলানুগ নয়।

(খ) مبلسون এর তরজমা থানবী (রহ) করেছেন حيرت زده (হতবাক বা স্তব্ধ) আর শায়খুলহিন্দ (রহ) করেছেন– نا أميد (হতাশ, নিরাশ)।

(গ) فقطع دابر القوم الذين ظلموا (এভাবে কেটে দেয়া হলো ঐ সম্প্রদায়ের শিকড় যারা অবিচার করেছিলো) এর বিকল্প তরজমা– এভাবে জালিম কাউমকে সম্পূর্ণ নির্মূল করা হলো।

(ঘ) يصدفون এর তরজমা কেউ কেউ করেছেন, মুখ ফিরিয়ে নেয়। শব্দটি عن অব্যয়যোগে ব্যবহৃত হয়। সুতরাং এরূপ তরজমা হতে পারে– (সত্য থেকে) সরে যায়।

(ঙ) هل يهلك إلا القوم الظلمون যালিম কাউম ছাড়া অন্য কাউকে হালাক করা হয় না এখানে هل অব্যয়টি نفي এর অর্থে এসেছে। সুতরাং মূলরূপ হবে لا يهلك إلا আর لا إلا যেহেতু أداة حصر সেহেতু এমন তরজমা হতে পারে– জালিম কাওমকেই শুধু ধ্বংস করা হবে।

(চ) أرأيتكم ও أرأيتم এর তরজমায় যে পার্থক্য করা হয়েছে তা লক্ষ্য করো।

أسئلة :

١ – اذكر معنى أبلَسَ ·
٢ – أعرب قوله : بغتةً أو جهرةً ·
٣ – أعرب قوله : فإذا هم مُبلسون ·
٤ – أعرب قوله : فلا خوف عليهم ·

৫ – তাদেরকে যে উপদেশ দেয়া হয়েছিলো যখন তারা তা ভুলে গেলো–
এ তরজমায় মূল থেকে ভিন্নতা এসেছে কীভাবে ?

৬ – مبلسون এর তরজমা কে কী করেছেন এবং কোন তরজমাটি শব্দানুগ

(٩) قل إني نُهيت أنْ اعبُدَ الذين تَدعون مِن دون اللّٰه، قل لا أتّبِعُ أهواءَكم، قد ضَلَلْتُ إذًا و ما أنا مِنَ المهتَدين * قل إني على بَيِّنةٍ من ربي وَ كذبتم به، ما عِندي ما تَستعجِلون به، إنِ الحكمُ إلَّا لله، يقُص الحقَّ و هو خَير الفٰصِلين * قل لو أنَّ عندي ما تَستعجلون به لَقُضِيَ الامرُ بيني و بينَكم، و الله أعْلَم بالظّٰلِمين *

بيان اللغة

أهواءَكم : الهَوٰى يَأتي لثلاثَةِ مَعانٍ : (١) ميلُ النفسِ إلى الشهوَةِ، (٢) النفسُ المائِلَةُ إلى الشهوة (٣) شهوةُ النفس، و الجمع أَهْواءٌ .

استعجَله : استَحَثَّه و طلَب منه أن يعجَل .
استعجَل الرجلُ : عَجِل
عجل (س، عَجَلًا و عَجَلَةً) : أسرَع

خير الفاصلين : فَصَل بينَ الخَصْمَينِ (ض، فَصْلًا) : قضى
فَصَل شيئًا : قَطَعَه
فَصَل عن غيره : أبعَدَه
فَصَلَ بين شيئَين : فرَّق بينَهما، و أبانَ أحدَهما عن الآخَر .
فصل القومُ عن البَلدِ (ن، فُصولًا) خرجوا .
جاء في القرآن : و لما فصَلَتِ العِيرُ قال أبوهم : إني لأجد ريحَ يوسف .

بيان الإعراب

أن أعبد : المصدر المؤول منصوب بنزع الخافض .
و من دون الله متعلق بمحذوف، هو حال من مفعول تدعون المحذوف .

إذًا : حرف جواب و جزاءٍ، لا مَحَل له مِن الإعراب، و فيه مَعنى الشرطِ، و المعنى : إنِ اتبعتُ أهواءَكم ضللت و ما اهتديتُ، فهو في قوة شرط و جوابٍ ·

على بينة : يتعلق بخبر إنَّ المحذوفِ، و مِن ربي يتعلق بنَعت لـ : بينَةٍ

و كذبتم به : يجوز أن يكون مستأنَفا، و أن يكونَ حالا، بتقدير قَدْ و الهاء في : به تعود على ربي، و يجوز أن تعود على معنى البَينةِ، أي : البُرهان ·

ما عندي ما تستعجلون به : ما الأولى نافِية لا عَمَل لها، و الثانِيةُ مَوصولة، و الموصولة في مَحَل رفع مُبتدأ مؤَخر، و عندى ظرف متعلق بخبر مقدَّم ·

لو أن عندي : لو شرطية، و المصدر المؤول في مَحَل رفع فاعِلٌ لفعل محذوف، عندي ظرف متعلق بخبر أنَّ المقدَّم ·

و المعنى : لو ثَبتَ وجودُ ما تستعجلون به عندي ·

لقضي : اللام واقعة في جواب لو ·

الترجمة

আপনি বলুন, আমাকে তো নিষেধ করা হয়েছে ঐ উপাস্যদের উপাসনা করতে যাদেরকে ডাকো তোমরা আল্লাহকে ছাড়া। আপনি বলে দিন, অনুসরণ করবো না আমি তোমাদের প্রবৃত্তিসমূহের, তাহলে তো অবশ্যই পথভ্রষ্ট হবো আমি এবং থাকবো না পথপ্রাপ্তদের অন্তর্ভুক্ত।

আপনি বলে দিন, নিঃসন্দেহে আমি (অবিচল) রয়েছি আমার প্রতিপালকের পক্ষ হতে আগত প্রমাণের উপর, অথচ তোমরা মিথ্যা আরোপ করেছো তার প্রতি।

কর্তৃত্ব তো আল্লাহ ছাড়া কারো জন্য নয়। তিনি বর্ণনা করেন সত্য বিষয়, আর তিনি ফায়সালাকারীদের সর্বোত্তম।

আপনি বলে দিন, যদি আমার কাছে হতো ঐ আযাব যা তোমরা শীঘ্র দাবী করছো তাহলে তো (কবেই) ফায়সালা হয়ে যেতো আমার মাঝে এবং তোমাদের মাঝে (বিদ্যমান) বিষয়টি। আর আল্লাহ পূর্ণ অবহিত জালিমদের সম্পর্কে।

ملاحظات حول الترجمة

(ক) إني نهيت – থানবী (রহ) এর তরজমা– আমাকে নিষেধ করা হয়েছে যে, আমি তাদের ইবাদত করবো যাদের তোমরা ইবাদত করছো ...... অর্থাৎ তিনি أعبد এবং تدعون উভয়ের অভিন্ন তরজমা করেছেন।

মূলানুগতার কারণে কিতাবের তরজমায় শায়খুলহিন্দ (রহ)-এর তরজমা অনুসরণ করা হয়েছে।

(খ) لا اتبع أهواءكم (অনুসরণ করবো না আমি তোমাদের প্রবৃত্তিসমূহের।)– আমি তোমাদের খুশীমত চলবো না – এ তরজমা সঠিক নয়, কারণ আয়াতে أهواء শব্দটি বহুবচনরূপে এসেছে।

আমি তোমাদের খেয়ালখুশির অনুসরণ করবো না – এ তরজমা গ্রহণযোগ্য, যেমন কেউ কেউ করেছেন।

থানবী (রহ)-এর তরজমা এই–

(আকীদার ক্ষেত্রে) আমি তোমাদের (বাতিল) ধ্যান-ধারণার অনুসরণ করবো না।

বিষয়বস্তুর দিক থেকে এ তরজমাই অধিকতর সঙ্গত। কারণ এখানে আকীদা সংক্রান্ত আলোচনাই চলছে।

তবে أهواء এর প্রকৃত প্রতিশব্দ হচ্ছে 'প্রবৃত্তিসমূহ'।

(গ) إني على بينة من ربي (নিঃসন্দেহে আমি [অবিচল] রয়েছি আমার প্রতিপালকের পক্ষ হতে আগত প্রমাণের উপর) 'আমার কাছে একটি প্রমাণ রয়েছে আমার প্রতিপালকের পক্ষ হতে'।

থানবী (রহ) উপরোক্ত তরজমা করে লিখেছেন, এটি ভাবতরজমা, আমার পূর্বে শাহ আব্দুল কাদির (রহ)ও ভাবতরজমা করেছেন।

তারকীব-অনুগামী তরজমায় যেহেতু কোন সমস্যা নেই সেহেতু কিতাবে তা গ্রহণ করা হয়েছে।

(ঘ) ما عندي ما تستعجلون به (আমার কাছে তো নেই ঐ আযাব যা তোমরা শীঘ্র দাবী করছো) কিতাবে ما الموصولة এর স্থানীয় অর্থটি উল্লেখ করে তরজমা করা হয়েছে; অন্যরা ما এর সাধারণ তরজমা করেছেন, আর থানবী (রহ) ما এর

স্থানীয় অর্থটি বন্ধনীতে এনেছেন।

عندي এর উদ্দেশ্যকে বিবেচনায় এনে 'আমার নিয়ন্ত্রণে' তরজমা করা যায়।

(ঙ) لقضي الأمر بيني و بينكم (তাহলে তো [কবেই] ফায়ছালা হয়ে যেতো আমার মাঝে এবং তোমাদের মাঝে [বিদ্যমান] বিষয়টি) 'আমার ও তোমাদের পারস্পরিক বিবাদের'/ বিরোধের তো মীমাংশাই হয়ে যেতো – এ তরজমা গ্রহণযোগ্য, তবে মূলানুগ নয়।

শায়খুলহিন্দ (রহ) بيني و بينكم এর মূলানুগ তরজমা করেছেন, তবে তিনি الأمر এর প্রতিশব্দ ব্যবহার করেছেন 'ঝগড়া'।

(চ) و الله أعلم بالظلمين এর তরজমায় থানবী (রহ) এভাবে বন্ধনী যুক্ত করেছেন– আর আল্লাহ (তোমাদের) যালিমদের সম্পর্কে খুব জানেন।

তিনি বলেন, এ দ্বারা এদিকে ইঙ্গিত করা হয়েছে যে, এটি مقول এর অন্তর্ভুক্ত। এবং এখানে ضمير এর পরিবর্তে اسم ظاهر ব্যবহার করা হয়েছে, তাদের যুলুম ও অনাচারের প্রতি ইঙ্গিত করার জন্য। মূলরূপ হবে– و الله أعلم بكم

শায়খুলহিন্দ (রহ)-এর তরজমা মতে এটি স্বতন্ত্র বাক্য এবং সকল যালিম সম্পর্কে একটি মৌলিক সতর্কবাণী।

শায়খায়ন أعلم কে তুলনামূলক অর্থে নয়, বরং অতিশয়তার অর্থে গ্রহণ করেছেন।

أسئلة :

١ – اشرح كلمة هَوًى ·

٢ – اشرح مرجع الضمير في قوله : كذبتم به ·

٣ – اشرح إعراب قوله : لو أن عندي ما تستعجلون به ·

٤ – أعرب قوله : بيني و بينكم ·

٥ – لا أتبع أهواءكم এর তরজমা পর্যালোচনা করো

٦ – عندي এর উদ্দেশ্য বিবেচনা করে কী তরজমা করা যায়?

(١٠) وَ من اظلَم مِمَّنِ افْتَرى على الله كَذِبًا او قال أُوحِيَ اِلَيَّ و لم يُوحَ اليه شَيْءٌ و من قال سَأُنزِلُ مثلَ ما انزل الله، و لو ترى اذ

الظّٰلمون في غَمَرٰت الموتِ وَ الملٰئِكةُ باسِطوا اَيديهم، اَخرِجُوا انفسَكم، اليومَ تُجزَون عذابَ الهُون بما كنتم تقولون على الله غيرَ الحق و كنتم عن اٰيٰته تَستكبِرون * و لَقَدْ جِئتُمونا فُرادٰى كما خلقنٰكم اَوَّلَ مرَّةٍ و تركتم ما خَوَّلنٰكم وراءَ ظُهوركم، و ما نَرٰى معكم شُفعاءَكم الذين زعَمْتُم انهم فيكم شُرَكٰؤا، لقد تَقطَّعَ بينكم و ضل عنكم ما كنتم تزعمون *

بيان اللغة

غَمَراتِ الموت : شَدائده، و الغَمَراتُ جمعُ غَمْرَةٍ و الغُمَر أيضا جمعُ غمرةٍ : الشدَّةُ .

غَمَرَه الماء (ن، غَمْرًا) : عَلاه و غَطَّاه পানি তাকে ডুবিয়ে দিলো

غَمَر فلانًا بِفَضْلِه : بالغَ في الإحسان إليه

الهُون : الذل . هانَ عليه الأمرُ (ن، هَوْنًا) : لان و سَهُل

هانَ الرجل (هُوْنًا، و هَوَانًا، و مَهانَة) : ذَلَّ و حقُر، ضعُف

فرادى : الفَرْد (جمعه أفراد و فُرادٰى) واحد من جماعة

ব্যক্তিসমূহের বা বস্তুসমূহের একটি ।

خَوَّلَه شيئًا : أعطاه إيَّاه، مَلَّكَه إيَّاه .

بيان الإعراب

من أظلم : مَنْ اسم استفهام، يُفيد هنا معنى النفي، أي : لا أحدٌ أظلَمَ مِنَ المفترِي على الله .

وَ كَذِبًا مفعول به لـ : افترٰى، أو مفعول مطلَق، لأنه في معنَى افتراءٍ، أو هو مصدر في موضع الحال

من قال سَأنزِلُ مثلَ ما أنزَلَ الله : هذا معطوف علي مَنِ افترى .

و مثلَ مفعول به، و ما اسم موصول في محل جر بالإضافة، و يجوز أن يكون نعتًا لمصدر محذوفٍ، و ما مصدرية، أي : سأنزل إنزالاً مثلَ إنزال الله .

و لو ترى : مفعولُ ترى محذوف، أي : الظالمين، و إذ ظرف لـ : ترى، و الجملة الإسمية في محل جر بالإضافة

و أصل العبارة : و لو ترى الظالمين حينَ وجودِهم في غمَرات الموت

و جواب لو محذوف، أي لَرأيتَ أمرا عظيما

و الملئكة : الواو حالية، و أيديهم مضاف إليه لفظًا، مفعول به معنًى ٠

أخرجوا أنفسَكم : أي : يقولون أخرجوا أنفسَكم، و المحذوف حال من الضمير في باسِطوا ٠

اليوم ظرف لـ : أخرجوا، فَيَتِمُّ الوقفُ عليه، و يجوز أن يكونَ ظرفًا لـ : تُجزون، فيتم الوقف على : أنفسِكم ٠

عذابَ الهون : مفعول به ثان لتجزون ٠

بما كنتم تقولون على الله غيرَ الحق : ما مصدرية، و الباء للسببية ٠

غيرَ الحق مفعولُ تقولون، و يجوز أن يكون نعتًا لمصدر محذوف، أي : تقولون قولا غيرَ الحق ٠

فُرادى : حال من ضمير الفاعل ٠

كما خلقناكم : الكاف بمعنى مثلٍ، و هو مضاف، و المصدر المؤول مضاف إليه، و هو صفة لمصدر محذوف، أي : جِئتُمونا مجيئًا مثلَ مَجيئِكم يومَ خلقناكم ٠

أولَّ مرةٍ : ظرف زمان متعلق بـ : خلقناكم

و تركتم ما خَوَّلناكم : الواو استئنافية أو حالية، فالجملة في مَحَل نصب حال من فاعلِ جاءَ بِتَقدير قَدْ

و ما الموصولة مفعول به لـ : تركتم، و وراءَ ظرف لـ : تركتم ٠

لقد تقطَّع : فاعله ضمير يعود علي الاتصال الذي يُفهَم من شركاءُ، أي لقد تقطَّع الاتصالُ بينَكم ٠

ما كنتم تزعُمون : أي ما كنتم تزعُمونهم شفعاءَ، و هو فاعلُ ضل ٠

الترجمة

আর কে তার চেয়ে বড় যলিম যে রটনা করে, আল্লাহ্ সম্পর্কে মিথ্যা কিংবা বলে, অহী পাঠানো হয়েছে আমার কাছে, অথচ অহী

পাঠানো হয় নি তার কাছে কোন কিছু। আর (কে তার চেয়ে বড় যালিম) যে বলে, অবশ্যই নাযিল করবো আমি, আল্লাহ যা নাযিল করেছেন তার অনুরূপ। আর আপনি যদি দেখতেন, যখন যালিমরা মৃত্যুযন্ত্রণায় (লিপ্ত) থাকবে, আর ফিরেশতারা তাদের হাত বাড়িয়ে দেবে, (এবং বলবে) বের করো তোমরা তোমাদের প্রাণ, আজ প্রতিদান দেয়া হবে তোমাদেরকে লাঞ্ছনার আযাব আল্লাহ সম্পর্কে তোমাদের অন্যায় কথা বলতে থাকার কারণে এবং তাঁর আয়াত সম্পর্কে অহংকার করতে থাকার কারণে।

আর (কেয়ামতের দিন তাদেরকে আল্লাহ বলবেন) তোমরা তো এসেপড়েছো আমার কাছে একা একা যেমন সৃষ্টি করেছিলাম আমি তোমাদেরকে প্রথমবার।

আর তোমাদেরকে যা দান করেছিলাম ফেলে এসেছো তোমরা তা তোমাদের পিছনে। আর আমি তো দেখছি না তোমাদের সাথে তোমাদের সুফারিশকারীদেরকে, যাদের সম্পর্কে তোমরা দাবী করতে যে, তারা তোমাদের বিষয়ে (আমার সাথে) শরীকদার। তোমাদের মাঝে সম্পর্ক তো অবশ্যই ছিন্ন হয়ে গেছে, আর উধাও হয়ে গেছে তোমাদের থেকে তোমাদের বারবার কৃত দাবী।

ملاحظات حول الترجمة

(ক) و من أظلم ممن افترى على الله كذبا (আর কে তার চেয়ে বড় যালিম যে রটনা করে আল্লাহ সম্পর্কে মিথ্যা) বিকল্প তরজমা– যে আল্লাহর নামে মিথ্যা অপবাদ আরোপ করে।

(খ) أوحي إلي (অহী পাঠানো হয়েছে আমার কাছে) আমার নিকট অহী হয়/ আমার নিকট অহী আসে।

এ সকল তরজমা সঠিক নয়, কারণ মাজহূল ফেয়েলের মাঝে অহী প্রেরণকারী সত্তার প্রতি যে প্রচ্ছন্ন ইঙ্গিত রয়েছে তা এখানে অনুপস্থিত।

(গ) و لم يوح إليه شيء (অথচ অহী পাঠানো হয়নি তার কাছে কোন কিছু) এর তরজমা কেউ কেউ করেছেন– যদিও তার প্রতি অহী নাযিল হয় না/যদিও তার প্রতি প্রত্যাদেশ হয় না।

و لم يوح إليه شيء এ বাক্যটি হাল হয়েছে, সুতরাং واو এর তরজমা 'যদিও' এর পরিবর্তে 'অথচ' হওয়া দরকার, যেমন থানবী (রহ) করেছেন।

তাছাড়া উপরোক্ত তরজমায় شيء অংশটি বাদ পড়েছে এবং বিনা প্রয়োজনে ماضي কে مضارع করা হয়েছে।

(ঘ) ومن قال এবং (কে তার চেয়ে বড় যালিম) যে বলে– যেহেতু و من قال হচ্ছে من افترى এর উপর মা'তূফ সেহেতু স্পষ্টায়নের জন্য এখানে বন্ধনীতে و من أظلم অংশটিকে পুনরুক্ত করা হয়েছে।

(ঙ) عذاب الهون (লাঞ্ছনার আযাব) এর তরজমা 'অবমাননাকর শাস্তি' করা হলে দু'দিক থেকে ভুল হয়, প্রথমতঃ هون হচ্ছে লাযিম, আর অবমাননাকর হচ্ছে মুতাআদ্দী, যার প্রতিশব্দ হচ্ছে مهين দ্বিতীয়তঃ মূলের তারকীবে ইযাফীকে অপ্রয়োজনে তারকীবে তাওছীফীতে পরিবর্তন করা হয়েছে।

(চ) فرادى (একা একা) এর তরজমা কেউ কেউ করেছেন, 'নিঃসঙ্গ অবস্থায়' এটা গ্রহণযোগ্য।

أسئلة :

١ – اشرح غَمَرَ و غَمْرَةٌ .

٢ – أعرب قوله : كَذِبًا .

٣ – بم يتعلق اليومَ في قوله تعالى : اليوم تُجزون عذاب الهون ؟

٤ – ما إعراب قوله : غير الحق ؟

٥ – أوحي إلى এর তরজমা যদি করা হয়, 'আমার নিকট অহী আসে' তাহলে কী ত্রুটি দেখা দেয় ?

٦ – عذاب الهون এর তরজমা 'অবমাননাকর শাস্তি' এর সম্পর্কে পর্যালোচনা করো।

(١) وَ لو اَنَّنا نَزَّلنا اليهم الملٰئِكةَ و كلَّمهم الموتٰي و حَشَرنا عليهم كلَّ شيءٍ قُبُلا ما كانوا لِيُؤمنوا اِلا اَنْ يشاءَ الله و'لكنَّ اكثرَهم يجهَلون * و كذلك جَعلنا لِكُلِّ نبيٍّ عدوًّا شيٰطينَ الاِنْسِ وَ الجِنِّ يوحي بعضُهم الى بَعضٍ زُخرفَ القول غرورًا، و لو شاءَ ربك ما فَعلوه فَذَرْهم وَ ما يفتَرون * و لِتَصْغٰي اليه اَفئِدَةُ الذين لا يؤمنون بالاٰخرَة و لِيَرْضَوه و لِيَقْتَرِفوا ما هم مقتَرفون * اَ فَغيرَ الله اَبْتَغِي حَكَما و هو الذي اَنْزَلَ اليكم الكتٰب مفصَّلا، و الذين اٰتينٰهم الكتٰب يعلَمون انه منَزَّل من ربك بِالحقِّ فلا تَكونَنَّ من الممتَرين * و تَمَّت كَلِمَتُ ربك صِدقًا و عَدْلا، لا مبدِّل لِكَلِمٰته، و هو السميع العليم * وَ اِنْ تُطع اكثرَ مَنْ في الاَرضِ يُضِلوك عن سبيل الله، اِن يتَّبِعون اِلا الظَّنَّ وَ اِن هم اِلَّا يخرُصون * اِنَّ ربك هو اَعلمُ مَنْ يَضِل عن سَبيله، و هو اَعلم بالمهتَدين *

بيان اللغة

قُبُلا : جمع قَبيلٍ، جماعَة، أَتباع

و القُبُل : مقدَّم شيءٍ (وهو في هذا المعنى مُفرد لا جَمعٌ)

কোন কিছুর সম্মুখ ভাগ

قُبلًا أو من قُبلٍ : من جِهَةِ الأمام

و في قُبل الصيفِ أو الشتاءِ : في أوَّله

رأيته قُبلا : أي عِيانًا — তাকে প্রকাশ্যে দেখেছি

يجهَلون : قال الإمام الراغب : الجَهْلُ على ثَلاثة أضرُبٍ، الأول : خُلُوُّ

النفسِ منَ العلمِ، الثاني : اعتقادُ الشيءِ بخلاف أصلِه، الثالث : فعلُ ما لا يَحسُن أو تركُ ما يحسُن ·

و الجَهل مذموم، كما قال تعالى : اعوذ بالله أن أكون من الجاهلين، و غيرُ مذمومٍ، كما قال : يحسَبهم الجاهِلُ اغنياءَ من التعفُّف، أي : مَنْ لا يعرِفُ حالَهم ·

جَهِل (س، جَهْلًا و جَهالَةً) حَمُق و جَفا و غَلُظ

جَهِل عليه : جفا عليه

جَهِل شيئًا / بِشَيْءٍ ضِدُّ عَلِم، لم يَعرِفه

الجاهِلِيَّة : حالة العرَبِ قبلَ الإسلام مِنَ الجهالَة و الضلالَة ·

زُخرفٌ : الزينَة، و الجمع زَخارِفُ ·

قال أبو عبيدةَ : كلُّما حَسَّنْتَه و زينتَه و هو باطل فهو زُخرفٌ ·

زُخرُفُ القولِ : الكلام المزيَّن بالكَذِب، أو حُسن الكلامِ الباطل الكذِب و زينتُه ·

زَخرفَ القولَ : حسَّنه و زينه بالكَذِب ·

غَر فلانا (ن، غَرًّا، و غُرورًا) : خدَعه و أطمَعه بالباطِلِ

غَره الشيطانُ فهو غَرور، و غرته الدنيا فهي غَرور، و الرجل مَغرور - قال تعالى : يا أيها الإنسان ما غَرَّك بربك الكريم، أي : ما جَرَّأَك عليه، و كيف اجترَأْتَ عليه، اِغتَرَّ بكذا : خدَع به

تَصْغى : صَغِيَ (س، صَغًى) وصَغا (ن، صَغْوًا) مال ·

أصغى إلى فلانٍ : أحسنَ الاستماع إليه ·

তার কথা উত্তম মনোযোগের সাথে শুনলো।

لِيقتَرفوا : اقترَفَ لِعِياله : اكتسَبَ لهم ·

اقترَفَ ذَنْبًا : ارتكَبَه، فَعَله (و أكثرُ استعمالِه في الشرِّ)

مُمترين : امترى في ... (امتراءً) : شَكَّ [مري]

يخرُصون : خَرَصَ (ن، خَرْصًا) : كذب أو قال عن ظن

خَرَصَ شيئًا : قَدَّره بالظن — ধারণা ও অনুমান দ্বারা কোন কিছুর পরিমাণ নির্ধারণ করলো।

بيـان الإعراب

وَ لو أنَّنا نَزلنا إليهم الملٰئِكةَ : المصدر المؤول فاعل لفعل محذوف، أي : لو ثَبت تنزيلُنا إليهم الملٰئِكةَ و ....، و يجري هذا الإعراب في كلِّ لو بعدَها مصدر مؤول .

كلمهم الموتٰى عطفٌ على نزلنا، و حَشَرنا عطفٌ على : كلَّم، أو على نزلنا، كما يقول بعضُ المعربين .

قُبلا : حال، أي : فَوْجًا فَوْجًا، أو ظرفٌ مكانٍ، أي : من أمامهم .

ما كانوا ليؤمنوا إلا أن يشاء الله : اللام لام الجحود، و المصدر المؤول في مَحَل جر بحَرف الجر، و هو متعلق بخبَر الناقص المحذوف، أي : ما كانوا أَهْلاً للإيمان، و الجملة جواب لو .

إلا : أداة استثناء، و المعنى : ما كانوا لِيؤمنوا في حالٍ إلا في حالِ مَشيئَةِ الله، فالمصدر المؤول في مَحل نصبٍ على الحال، و الاستثناء مِنْ عُموم الأَحوالِ .

أو معناه : ما كانوا لِيؤمنوا في زَمنٍ إلا في زَمنِ مشيَئةِ الله، فالمصدر المؤول في مَحل نصب على الظرفية الزمانية، و الاستثناء مِن عموم الزَّمان .

و كذلك : الإشارة إلى جَعْلِ مشركي مكةَ أعداءً لرسول الله، و الكاف بمعنٰى مثلٍ، نائبُ مفعولٍ مطلق، صفةٌ له، أي : جعلنا لِكلِّ نبيٍّ عَدوًّا جعلاً مِثلَ ذلك (أي : مثلَ جعلِ أهلِ مكةَ أعداءً لك)

أو الكاف حرف جر و تشبيهٍ، فيتعلق بالمصدر المحذوف .

لكل نبيٍّ : متعلق بـ : جعلنا، أو صفة لـ : عَدوًّا، قُدِّمت فصارَتْ حالاً، و عَدوًّا مفعول به ثانٍ مقدَّمٌ لـ : جعلنا، و شَياطينَ مفعول به أوَّلُ، (و جَعَل يَتَعَدّٰى إلي مفعولَين)

يوحي بعضُهم إلى بعض زخرفَ القول غرورًا : الجملة مستأنفة لِبَيانِ حالِ العَدُوِّ، أو هي حال من عدوًّا .

و غرورًا مفعول لأَجْلِه، أي لِغرورهم، أو مصدر في موضِع نصبٍ

على الحال، أي غَارِّين، و يجوز أن يكون مفعولا مطلَقا لفعلٍ مَحذوف، أي : يَغُرونَهم غُرورًا .

ما فعَلوه : الهاء يعود على العِداءِ المفهوم من السابِق .

فذَرْهم و ما يفترون : الفاء هي الفصيحة، أي : إذا عرفتَ هذا فذَرهم . و ما موصولة أو مصدرية، في موضِع نصبٍ عطفٌ على مفعولِ ذر، و يجوز أن يكون الواو بمعنى مع .

لِتصغى إليه .. : هذا مَعطوف على معنى غُرورًا، إن كان مفعولًا لأجلِه، أي لِيَغُرّوا و لِتصغى، و كذلك لِيَرْضَوه و ليَقترفوا، و إلا فهو متعلق بفعل محذوف .

ما هم مقترفون : ما اسم موصول قُصِد منه الإثمُ، مفعول به لـ : يقتَرفون، و الجملة صلة الموصول، و العائد محذوف .

أ فغيرَ الله أبتغِي حَكَمًا : الهمزة للإنكار، أي : لن أبتغيَ، و الفاء زائدة للتزيين، و غيرَ الله مفعول به مقدم لـ : ابتغي، و حكَمًا حال أو تمييز .

مفصلا : حال من الكتاب .

من ربك : يتعلق بـ : منزل، و بالحق يتعلق بحال محذوفة من الضمير المرفوع في منزل .

صِدْقًا و عَدْلاً : مصدَران في موضِع الحال، و هما حالَين مِنْ : كَلِمَةِ ربك، أو من : ربك . و يجوز أن يكونا تمييزَين من النسبَةِ .

أعلَمُ مَن يضِلُّ : الموصول في مَحَل نصب بنزع الخافض، أي : أعلَم بمن يَضِل

الترجمة

আর যদি আমি অবতারণ করতাম তাদের প্রতি ফিরেশতাদেরকে, এবং কথা বলতো তাদের সাথে মৃতরা এবং আমি একত্র করতাম তাদের সামনে সকল (সৃষ্টি) বস্তুকে দলে দলে তবু তারা ঈমান আনবার নয়, তবে যদি আল্লাহ চান। কিন্তু তাদের অধিকাংশ মূর্খসুলভ কথা বলে।

আর এভাবেই আমি প্রত্যেক নবীর জন্য শত্রু বানিয়েছি মানবের ও

জিনের শয়তানদেরকে। তাদের কতিপয় [১] অন্য কতিপয়ের প্রতি [২] চাকচিক্যপূর্ণ কথা প্রক্ষেপণ করে, তাদেরকে ধোঁকা দেয়ার জন্য। আর যদি ইচ্ছা করতেন আপনার প্রতিপালক তাহলে তারা শত্রুতা করতে পারতো না। সুতরাং ছাড়ুন আপনি তাদেরকে এবং তাদের মিথ্যা রটনাকে।

(শয়তানেরা কাফিরদের অন্তরে চাকচিক্যপূর্ণ কথা প্রক্ষেপণ করে যেন তাদেরকে ধোকা দিতে পারে) এবং যেন আকৃষ্ট হয় ঐ চাকচিক্যপূর্ণ কথার প্রতি তাদের অন্তর যারা ঈমান আনে না আখেরাতের প্রতি এবং যেন পছন্দ করে নেয় তারা তা এবং যেন তারা ঐ সকল পাপ করতে থাকে যা তারা করছে।

(আপনি তাদেরকে বলুন) তবে কি গায়রুল্লাহকে সন্ধান করবো আমি ফায়সালাকারীরূপে, অথচ তিনিই ঐ সত্তা যিনি নাযিল করেছেন তোমাদের প্রতি, কিতাব বিশদবর্ণিত অবস্থায়।

আর যাদেরকে দান করেছি আমি কিতাব তারা নিশ্চিতই জানে যে, তা অবতারিত আপনার প্রতিপালকের পক্ষ হতে সত্যসহ। সুতরাং আপনি যেন সংশয়গ্রস্তদের থেকে না হন।

আর পূর্ণতা লাভ করেছে আপনার প্রতিপালকের বাণী সত্য ও ন্যায়ানুগ হওয়ার দিক থেকে। আপনার প্রতিপালকের বাণীসমূহের কোন পরিবর্তনকারী নেই। আর তিনিই সর্বশ্রোতা, সর্বজ্ঞানী।

আর যদি আপনি আনুগত্য করেন, পৃথিবীতে যারা আছে তাদের অধিকাংশের, তাহলে বিচ্যুত করে ছাড়বে তারা আপনাকে আল্লাহর পথ থেকে। তারা তো অনুসরণ করে শুধু ধারণার এবং তারা তো শুধু অনুমাননির্ভর কথা বলে।

নিঃসন্দেহে আপনার প্রতিপালক তাদের বিষয়ে অধিক অবহিত যারা বিপথগামী হয়ে থাকে এবং তিনিই সুপথপ্রাপ্তদের বিষয়ে অধিক অবহিত।

ملاحظات حول الترجمة

(ক) و لوأننا نزلنا إليهم الملئكة (আর যদি আমি অবতারণ করতাম তাদের প্রতি ফিরেশতাদেরকে) এর তরজমা থানবী (রহ) করেছেন, 'যদি আমি তাদের কাছে ফিরেশতাদেরকে

১. অর্থাৎ জিনশয়তানেরা
২. অর্থাৎ মানবশয়তান তথা কফিরদের প্রতি

পাঠিয়ে দিতাম'।

তিনি এখানে তাযমীনের ভিত্তিতে نزلنا কে إلى এর উপযোগী أرسلنا এর অর্থে গ্রহণ করেছেন। পক্ষান্তরে শায়খুলহিন্দ (রহ) إلى কে أنزلنا এর উপযোগী على এর অর্থে গ্রহণ করে লিখেছেন- 'তাদের উপর নাযিল করতাম।

(খ) وحشرنا عليهم كل شيء قبلا (এবং একত্র করতাম তাদের সামনে সকল বস্তুকে দলে দলে) থানবী (রহ) عليهم এর তরজমা করেছেন, 'তাদের নিকটে' এবং قبلا এর তরজমা করেছেন, 'তাদের চোখের সামনে'।

শায়খুলহিন্দ (রহ) তরজমা করেছেন, যদি আমি প্রতিটি বস্তুকে তাদের সামনে জীবিত করে দেই।

এখানে একটি শব্দের তরজমা রয়ে গেছে। আর তিনি حشرنا এর ভাবতরজমা করেছেন। তাছাড়া لو কে তিনি مستقبل এর অর্থে গ্রহণ করেছেন।

'তাদের চোখের সামনে' এটাও قبلا এর শাব্দিক তরজমা নয়।

কিতাবে قبلاকে قبيل এর বহুবচন ধরে حال রূপে তরজমা করা হয়েছে।

কিন্তু তাদের অধিকাংশ মূর্খসুলভ কথা বলে- এটি থানবী (রহ)-এর তরজমা। 'মূর্খতা প্রকাশ করে' এ তরজমাও হতে পারে। একটি তরজমায় রয়েছে, তাদের অধিকাংশই অজ্ঞ। এখানে يجهلون ফেয়েল ব্যবহারের সার্থকতা প্রকাশ পায়নি, তা ছাড়া অজ্ঞতা ও মূর্খতা এক নয়। নিন্দার ক্ষেত্রে 'মূর্খতা' অধিকতর উপযুক্ত শব্দ।

(গ) جعلنا لكل نبي عدوا شيطين الإنس و الجن (আমি প্রত্যেক নবীর জন্য শত্রু বানিয়েছি মানবের ও জিনের শয়তানদেরকে) এখানে جعلنا কে দুই মাফঊলবিশিষ্ট ফেয়েল ধরে তরজমা করা হয়েছে, এবং মাফঊল দ্বয়ের কোরআনী তারতীবও রক্ষা করা হয়েছে।

এমন তরজমাও হতে পারে- প্রত্যেক নবীর জন্য মানবের ও জিনের শয়তানদেরকে আমি শত্রু বানিয়েছি (এখানে لكل نبي হচ্ছে جعلنا এর সাথে متعلق)

কিংবা- মানবের ও জিনের শয়তানদেরকে প্রত্যেক নবীর জন্য

শত্রু বানিয়েছি (এখানে لكل نبي হচ্ছে عدوا থেকে অগ্রবর্তী হাল)

থানবী (রহ) جعلنا কে خلقنا এর অর্থে এক মফঊলবিশিষ্ট ফেয়েল ধরেছেন। আর شيطين কে عدوا থেকে বদল ধরেছেন। তাঁর তরজমা হলো– 'আমি প্রত্যেক নবীর জন্য শত্রু, বহু শয়তান সৃষ্টি করেছিলাম; কিছু মানুষ, আর কিছু জ্বিন।

অর্থাৎ তিনি مضاف إليه কে مضاف এর বয়ান বা ব্যাখ্যা ধরেছেন।

একটি তরজমায় আছে– আমি প্রত্যেক নবীর জন্য শত্রু করেছি শয়তান, মানব ও জিনকে।

এতে তিন শ্রেণীর শত্রু বোঝা যায়। অথচ প্রকৃত বিষয় এই যে, মানুষের মাঝে এবং জ্বিনদের মাঝে যারা দুষ্ট পৃকৃতির তাদেরকেই شياطين الإنس و الجن বলা হয়েছে।

(ঘ) زخرف القول (চাকচিক্যপূর্ণ কথা) এর তরজমা কেউ কেউ করেছেন, 'কারুকার্যখচিত কথা'। কথার সঙ্গে 'কারুকার্যখতি' শব্দের ব্যবহার ঠিক নয়।

(ঙ) وهو الذي أنزل إليكم الكتب مفصلا (অথচ তিনিই ঐ সত্তা যিনি নাযিল করেছেন তোমাদের প্রতি কিতাব)– ইসমে মাওছূলের জন্য এরূপ তরজমা করা হয়েছে।

এমন তরজমাও হতে পারে– অথচ তিনিই তোমাদের প্রতি কিতাব নাযিল করেছেন।

(চ) مفصلا এর তারকীবগত দিক লক্ষ্য করে তরজমা করা হয়েছে 'বিশদবর্ণিত অবস্থায়'। 'বিশদরূপে'– এ তরজমাও হতে পারে।

কেউ কেউ তরজমা করেছেন 'সুস্পষ্ট কিতাব' এবং 'বিস্তারিত গ্রন্থ'।

থানবী (রহ) সম্প্রসারিত তরজমা করেছেন এভাবে– তার অবস্থা এই যে, তার বিষয়বস্তুগুলো অত্যন্ত স্পষ্টরূপে বর্ণনা করা হয়েছে।

(ছ) منزل من ربك بالحق (আপনার প্রতিপালকের পক্ষ হতে সত্যসহ অবতারিত) منزل এর তরজমা 'অবতীর্ণ' বা 'অবতীর্ণ হয়েছে' করা সঙ্গত নয়।

(জ) كلمة ربك এবং كلماته দু'টোরই অভিন্ন তরজমা করা সঙ্গত নয়, যেমন কেউ কেউ করেছেন।

أسئلة :

١ – اشرح كلمةَ زُخرفٍ ·

٢ – إعرب قوله : قُبلًا ·

٣ – أعرب قوله : غُرورًا ·

٤ – أعرب قوله : صدقا و عدلا ·

٥ – حشرنا عليهم قبلا এর তরজমা পর্যালোচনা করো

٦ – منزل এর তরজমা 'অবতীর্ণ' করা ঠিক নয় কেন ?

(٢) سَيقول الذين اَشركوا لو شاءَ اللّٰهُ ما اَشْركنا وَ لا اٰباؤُنا و لا حَرَّمنا مِنْ شيءٍ، كَذلك كذَّب الذين مِن قَبلِهم حتّٰى ذاقُوا بَأْسَنا، قل هل عندكم مِنْ عِلمٍ فتُخرجوه لَنا، اِنْ تَتَّبِعون اِلَّا الظَّنَّ وَ اِن اَنتُم اِلا تخرُصون * قل فَلِلّٰهِ الحجَّة البالِغَة، فلَوْ شاءَ لَهَدٰكم اَجمعين * قل هَلُمَّ شُهداءَكم الذين يشهَدون اَنَّ اللّٰه حرَّم هذا، فَاِنْ شَهِدوا فلا تَشْهَد معَهم، و لا تَتَّبِع اَهواءَ الذين كذَّبوا بِاٰيٰتِنا وَ الذين لا يُؤمنون بالاٰخرة و هم بِربهم يَعْدِلون * قل تَعالَوا اَتْلُ ما حَرَّم ربكم عليكم اَلَّا تُشركوا به شيئًا و بالوالدَين اِحسانًا، و لا تقتلوا اولادَكم مِنْ اِملاقٍ، نحن نرزُقكم و اِيَّاهم، و لا تقرَبوا الفَواحِش ما ظَهَر منها و ما بَطَن، و لا تقتُلوا النفسَ التي حرَّم الله اِلَّا بالحقِّ، ذٰلِكم وصّٰكم به لعلكم تعقلون *

بيان اللغة

هلم : اسم فعلِ أمرٍ بمعنى تعال، (للواحد و الاثنين و الجماعة و الذكر و الأُنثٰى) و هو لازم، و يستعمَل متعديا بمعنى أَحْضِر كما في الأٰيةِ ·

و يقولون أيضا : هَلُمَّ، هلُمَّا، هلُمِّي، هَلُمُّوا، هَلْمُمْنَ .

يَعدِلون : (يُشركون) عَدَل بِربه (عَدْلاً، عُدولاً، ض) : أشرَك بربه و سَوَّى به غيرَه

عَدَل عَنِ الطريق : حادَ و مال . عَدَل إليه : رجَع

عَدَله عن/إلى (عَدْلاً، ض) : صرَفه

عَدَل في أمرِه (عَدْلاً، عَدالَةً) : استقامَ

عَدَل في حُكمِه : حَكَمَ بالعَدْلِ، أنصف

بَطَن شيءٌ (بُطونًا، ن) : خَفِيَ

بَطَنَ الأمرَ (ن، بَطْنًا) : عرف باطِنَه

وَصَّاكم به (أمَرَكم به)

بيان الإعراب

ولا آباؤُنا : عطفٌ على الضمير المرفوع المتصل، بدون توكيدِه بضميرٍ مرفوع منفصل، و جاز ذلك لِوُجود لا .

و لا حَرَّمنا من شيءٍ : عطف على : ما أَشْركنا، و شيءٍ منصوب محلا .

كذلك كذب الذين مِن قَبلهم : أي : كذَّب الذين من قبلِهم تَكذيبًا كذلك التكذيبِ أو مثلَ ذلك التكذيبِ

هل عندكم من علم فتخرجوه لنا : من زائدة على مبتَدأٍ، و عند كم متعلق بخبر مقدم محذوفٍ، و تُخرجوه مضارع منصوب بِأَنْ مُضمَرَةٌ بعدَ فاءِ السببيَّة التي أتت بعدَ الاستفهامِ .

شُهداءَكم : مفعول به لـ : هلم، و الموصول نعت لـ : شهداءَ، و المصدر المؤول في محل نصب بنزع الخافض .

و الذين لا يؤمنون : عطف على الموصول المتقدم .

اتل : مضارع مجزوم، لأنه جواب الطلب، والموصول مع صلته في محل نصب مفعول به لـ : اتل .

ألا تشركو : أن هذه تفسيرية أَتَتْ بعدَ معنَى القولِ، و لا ناهية . و الجملة المفسِّرة لا محل لها من الإعراب .

و بالوالدين إحسانا : يتعلق بمحذوف، أي : و أَحْسِنوا بالوالدَينِ إحسانًا .

ما ظَهَرَ منها و ما بَطَن : في محل نصب بَدَل مِنْ الفَواحِشَ، و هو بدلُ اشتمالٍ، لأن الظهورَ و البُطونَ من أحوال الفَواحِشِ، و ما بَطن عطف على ماظَهَر ·

إلا بالحق : إلا أداة استثناء، و المستثنى منه هو مصدرٌ لا تقتلوا، و بالحق متعلق بنعت محذوف لمصدر محذوف، و هذا المصدر هو المستثنى، أي : لا تقتلوا إلا قتلاً متلبسا بالحق ·

الترجمة

অবশ্যই বলবে তারা যারা শিরক করেছে, যদি ইচ্ছা করতেন আল্লাহ্ তাহলে তো না আমরা শিরক করতাম, আর না আমাদের পূর্বপুরুষরা, আর না হারাম সাব্যস্ত করতাম আমরা কোন কিছুকে। এভাবেই মিথ্যা আরোপ করেছে (ঐ লোকেরা) যারা তাদের পূর্বে (বিগত হয়েছে)। শেষ পর্যন্ত আস্বাদন করেছে তারা আমার শাস্তি।

আপনি বলুন, আছে কি তোমাদের কাছে (এর স্বপক্ষে) কোন ইলম (প্রমাণ), যাতে পেশ করতে পারো তোমরা তা আমার সামনে! তোমরা তো অনুসরণ করো, শুধু ধারণা এবং (তোমরা তো) শুধু অনুমান নির্ভর কথা বলো।

আপনি বলুন, (যেহেতু তোমাদের কাছে কোন ইলম নেই) সুতরাং চূড়ান্ত প্রমাণ আল্লাহরই জন্য (সাব্যস্ত) হলো। অনন্তর তিনি যদি ইচ্ছা করতেন তাহলে হেদায়াত দান করতেন তোমাদেরকে, সকলকে।

আপনি বলুন, হাজির করো তোমরা তোমাদের সাক্ষীদেরকে, যারা সাক্ষ্য দেবে যে, আল্লাহ্ হারাম করেছেন (উপরে তোমাদের কথিত) এগুলোকে। যদি তারা (অমূলক) সাক্ষ্য দেয়(ও) তাহলে আপনি সাক্ষ্য দেবেন না তাদের সাথে এবং অনুসরণ করবেন না তাদের খেয়ালখুশির যারা মিথ্যা সাব্যস্ত করেছে আমার আয়াতসমূহকে এবং যারা ঈমান রাখে না আখেরাতের প্রতি, বরং তারা আপন প্রতিপালকেরই সমকক্ষ সাব্যস্ত করে।

আপনি বলুন, এসো তোমরা, আমি শোনাই (তোমাদেরকে) যা নিষিদ্ধ করেছেন তোমাদের প্রতিপালক তোমাদের উপর, (অর্থাৎ এই) যে, শরীক করো না তোমরা তাঁর সাথে কোন কিছুকে এবং মা-বাবার সাথে অবশ্যই সদাচার করো।

আর হত্যা করো না তোমরা তোমাদের সন্তানদেরকে দারিদ্র্যের কারণে। আমরাই রিযিক দান করি তোমাদেরকে এবং তাদেরকে। আর কাছেও ঘেঁষো না তোমরা যাবতীয় অশ্লীল বিষয়ের; তা থেকে যা প্রকাশ পেয়েছে তারও, এবং যা লুকায়িত আছে তারও। আর যে প্রাণকে (হত্যা করা) আল্লাহ নিষিদ্ধ করেছেন তাকে তোমরা হত্যা করো না, তবে ন্যায়ভাবে (হত্যা করা যাবে)। আল্লাহ জোর আদেশ করেছেন তোমাদেরকে এ বিষয়ে যাতে তোমরা (তা) বোঝো (এবং আমল করো)।

ملاحظات حول الترجمة

(ক) ما أشْرَكْنا و لا أباؤُنا (না শিরক করতাম আমরা, আর না আমাদের পূর্বপুরুষরা) অতিরিক্ত لا দ্বারা তাকীদ করা হয়েছে। তাই তরজমায়ও তাকীদের শৈলী গ্রহণ করা হয়েছে।

কোন কোন তরজমায় আছে- তবে আমরা ও আমাদের পূর্বপুরুষরা শিরক করতাম না। এখানে তাকীদের মর্ম রক্ষিত হয়নি।

(খ) حتى ذاقوا بأسَنا (শেষ পর্যন্ত আস্বাদন করেছে তারা আমার শাস্তি) শেষ পর্যন্ত- এটি حتى الابتدائية এর তরজমা। 'অবশেষে/ এমন কি' -এ দুটি তরজমাও হতে পারে।

ذاقوا এর মাঝে কটাক্ষ রয়েছে, তাই 'শাস্তি ভোগ করা' -এর পরিবর্তে 'শাস্তি আস্বাদন করা' তরজমা করা হয়েছে।

(গ) فتُخرجوه لنا (যাতে পেশ করতে পারো তোমরা তা আমাদের সামনে)

আরো শাব্দিকতা রক্ষা করে বলা যায়, যাতে বের করতে পারো তোমরা তা আমাদের সামনে। (তবে তা সুপ্রচলিত নয়)

'যাতে' শব্দটি فاء السبَبِ এর তরজমা।

কেউ কেউ তরজমা করেছেন, থাকলে আমার নিকট তা পেশ করো- এ তরজমা মূলানুগ নয়।

'যা আমাদেরকে দেখাতে পারো'- এখানেও فاء السبب এর তরজমা আসেনি।

(ঘ) هل عندكم من علمٍ (আছে কি তোমাদের কাছে কোন প্রমাণ) এখানে নিছক প্রশ্ন উদ্দেশ্য নয়, চ্যালেঞ্জ উদ্দেশ্য, সুতরাং

'তোমাদের কাছে কি কোন যুক্তি/প্রমাণ আছে'- এর পরিবর্তে উপরোক্ত তরজমা করা হয়েছে।

(ঙ) لا تشهد معهم (আপনি সাক্ষ্য দেবেন না তাদের সাথে) এর তরজমা শায়খায়ন করেছেন, 'আপনি তাদের সাক্ষ্য গ্রহণ করবেন না। আয়াতের ভাব ও উদ্দেশ্যের দিকে লক্ষ্য করে এ তরজমা করা হয়েছে, কেননা এর উদ্দেশ্য হলো فلا تقبل شهادته

থানবী (রহ) বলেছেন, إن شهدوا এর সঙ্গে সদৃশতা রক্ষা করার জন্য فلا تشهد বলা হয়েছে।

কিতাবের তরজমায় সদৃশতার দিকটি রক্ষা করা হয়েছে।

(চ) الذين كذبوا بآيتنا (যারা মিথ্যা সাব্যস্ত করেছে আমার আয়াত সমূহকে) যারা আমার আয়াতসমূহকে প্রত্যাখ্যান করেছে/যারা আমার আয়াতসমূহের প্রতি মিথ্যা আরোপ করেছে- এ তরজমাও করা যায়।

(ছ) لا تقربوا الفواحش ما ظهر منها و ما بطن (কাছেও ঘেঁষো না তোমরা যাবতীয় অশ্লীল বিষয়ের; তা থেকে যা প্রকাশ পেয়েছে তারও এবং যা লুকায়িত আছে তারও) এখানে মূল তারকীবের অনুগামী তরজমা করা হয়েছে। 'যাবতীয়' শব্দটি হচ্ছে ال এর বিপরীতে।

الفواحش এর শাব্দিক অর্থ হচ্ছে অশ্লীল কথা ও কাজ – এর প্রতিশব্দরূপে অশ্লীলতা শব্দটি অবশ্য ব্যবহার করা যায়।

বিকল্প তরজমা- তোমরা যাবতীয় প্রকাশ্য ও অপ্রকাশ্য অশ্লীলতার কাছেও যেয়ো না।

أسئلة :

١ – اشرح كلمة هَلُمَّ .

٢ – اشرح عطف قوله : ولا أباؤنا على الضمير المرفوع المتصل .

٣ – بم يتعلق قوله : بربهم ؟

٤ – أعرب قوله : و بالوالدين إحسانا .

٥ – ذاقوا بأسنا এর তরজমা পর্যালোচনা করো

٦ – هل عندكم من علم (তোমাদের নিকট কি কোন প্রমাণ আছে?) এ তরজমায় ত্রুটি কী ?

(٣) هل ينظُرون إلاَّ أنْ تاتِيَهم الملٰئِكةُ او ياتيَ ربُّك أَو ياتيَ بعضُ
اٰيٰت ربك، يومَ ياتي بعضُ اٰيٰت ربك لا ينفَع نفسًا ايمانُها لم
تكن اٰمَنَتْ مِن قبلُ او كسَبَتْ في إيمانها خيرًا ، قُلِ انتَظِروا
إِنَّا منتَظِرون * إنَّ الذين فَرَّقوا دينَهم وكانوا شِيَعًا لستَ منهم
في شيءٍ، إنَّما أمرُهم الى الله ثم يُنَبِّئُهم بما كانوا يَفعَلون *
مَنْ جاءَ بالحَسَنَةِ فَله عَشْرُ أمْثالِها ، و مَن جاء بالسَّيئَةِ فلا
يُجزٰى إلا مِثْلَها و هم لا يُظلمون * قل إنَّني هَدٰني ربي إلى
صراطٍ مستقيمٍ * دينًا قِيَما ملَّةَ ابرهيم حنيفًا ، و ما كان مِنَ
المشركين * .

بيان اللغة

شِيْعَةُ (و الجمع شِيَعٌ و أَشْياعٌ) فِرقَةٌ، جماعَة، شِيعَةُ فلانٍ : أتباعُه و أنصارُه . وَ الشيعَة : فِرقة كبيرة من المسلمين ضَالَّة، اجتمَعُوا على حُبِّ عليٍّ و آلِه، و بُغضِ أبي بكرٍ و عمرَ و عثمانَ و عامَّةِ الصحابة، رضوان الله عليهم، و الواحد شِيعِيٌّ .

أَمثال : جمعُ مثلٍ و مَثَلٍ، و المِثْلُ : الشِّبهُ و النظير و المماثِلُ
সদৃশ, অনুরূপ, তুল্য

ليس كَمِثْلِه شيءٌ (الكاف زائدة)

و المَثَل : المِثْلُ . المِثالُ — مِثْل এর সমার্থক। উদাহরণ

و المثَل : قولٌ سائرٌ، وَرَد في موضِعٍ فيُنْقَل إلى موضِعٍ آخرَ لِشَبَهٍ بينَهما ، و المطلوب منه العِظَةُ و العِبْرَةُ .

بيان الإعراب

هل ينظرون إلا أن تأتيَهم : إلا أداة حصر، و المصدر المؤول في محل نصبٍ مفعول به، و ينظرون بمعنى ينتَظرون .

يومَ : ظرف متعلق بـ : لا ينفَع، و هو مضاف إلى الجملة التي بعدَها .

لم تَكن آمنَتْ : الجملة صفة لـ : نَفْسًا، و جاز الفصلُ بين الموصوف و صفتِه، لأن الفاعل ليس بِأَجنبيٍّ، و جملة كسبَت عطف على : آمنت بـ : أو ·

و كانوا شِيَعًا : عطف على صلة الموصول ·

لستَ منهم في شيءٍ : الجملة خبر إن ·

و في شيءٍ متعلق بخبر ليس المحذوف، و منهم متعلق بمحذوف، و هو حال، لأنه كان في الأصل نعتًا لـ: شيءٍ فلما تقدَّم عليه صار حالا، و أصل العبارة : لستَ مستقِرًّا في شيءٍ كائنٍ منهم ·

عَشْرُ أمثالِها : ذُكِّرَ العدَد، لأن المعدودَ مضاف إلى مؤنث، فاكتسَب المذكَّرُ التأنيثَ ·

و يجوز أن تقول : كان في الأصل : فَلَه عَشْرُ حَسَناتٍ أمثالها، ثم حُذف الموصوف، و أقيم صفتُه مقامَه، و تُرك العددُ على حاله ·

دِينًا : نَصبٌ على البَدَلِ من مَحَلٍّ إلى صراطٍ، لأن معناه هداني صراطًا، و هَدٰى يتعدَّى تارةً بـ : إلى، و تارة بِنَفسِه، كما في قوله تعالى : ويَهدِيَكم صراطاً مستقيمًا ·

ملةَ إبراهيم : هذا بدل من دينًا، أو منصوب على أضمار أعني ·

الترجمة

(মনে হয়) তারা শুধু অপেক্ষা করছে যে, আসবে তাদের কাছে ফিরেশতা, কিংবা আসবেন আপনার প্রতিপালক কিংবা আসবে আপনার প্রতিপালকের বড় কোন নিদর্শন।

যে দিন এসে যাবে আপনার প্রতিপালকের (এই) বড় নিদর্শন সেদিন এমন কোন ব্যক্তির ঈমান আনয়ন তাকে কোন ফল দেবে না, যে পূর্ব থেকে ঈমান এনেছিলো না, কিংবা (ঈমান তো এনেছিলো, কিন্তু) সে অর্জন করেনি তার ঈমানের অবস্থায় কোন নেক আমল।

আপনি বলে দিন, তোমরা (এগুলোর) অপেক্ষায় থাকো, আমরাও অপেক্ষায় থাকছি। যারা (বিভিন্ন মতে) বিভক্ত করেছে তাদের দ্বীনকে এবং বিভিন্ন দলে বিভক্ত হয়েছে, নিঃসন্দেহে নেই আপনি তাদের কোন কিছুতে। তাদের বিষয় আল্লাহর নিকট (সোপর্দ),

তারপর তিনি খবর দিয়ে দেবেন তাদেরকে তাদের অব্যাহত কৃতকর্ম সম্পর্কে।

(কেয়ামতের দিন) যে ব্যক্তি নিয়ে আসবে একটি নেক তার জন্য সাব্যস্ত হবে ঐ নেক আমলের দশগুণ (প্রতিদান), আর যে ব্যক্তি নিয়ে আসবে একটি বদআমল তাকে শুধু ঐ বদআমলের অনুরূপ প্রতিদান দেয়া হবে, আর তাদের প্রতি অবিচার করা হবে না।

আপনি বলুন, নিঃসন্দেহে আমি, আমার প্রতিপালক আমাকে পরিচালিত করেছেন সরল পথের দিকে; এক বিশুদ্ধ দ্বীনের দিকে, অর্থাৎ একনিষ্ঠ ইবরাহীমের তরীকা। আর ছিলেন না তিনি মুশরিকদের অন্তর্ভুক্ত।

ملاحظات حول الترجمة

(ক) هل ينظرون (মনে হয়) তারা শুধু অপেক্ষা করছে– প্রকৃতপক্ষে তারা এ ধরনের কোন অপেক্ষায় ছিলো না, তবে সুপ্রমাণিত সত্যকে গ্রহণ না করার কারণে তাদেরকে অনুরূপ অপেক্ষাকারীর অন্তর্ভুক্ত করা হয়েছে; এ বিষয়টির প্রতি ইঙ্গিত করার জন্য থানবী (রহ) তাঁর তরজমায় এই বন্ধনী যোগ করেছেন এবং কিতাবের তরজমায় তা অনুসরণ করা হয়েছে।
শায়খুলহিন্দ (রহ)-এর তরজমা– লোকেরা এ ছাড়া আর কিসের পথ দেখছে যে, তাদের কাছে ...

(খ) بعضُ آيات ربك (আপনার প্রতিপালকের বড় কোন নিদর্শন) থানবী (রহ) 'বড়' শব্দটি যোগ করেছেন তাফসীরে রূহুল মাআনীর হাওয়ালা দিয়ে। তাতে আছে যে, بعض দ্বারা নিদর্শনটির বড়ত্ব ও ভয়াবহতা বোঝানো হয়েছে।
অন্যদের তরজমা, 'তোমার প্রতিপালকের কোন নিদর্শন'।

(গ) في إيمانها (তার ঈমানের অবস্থায়) এর তরজমা কেউ করেছেন 'আপন বিশ্বাস অনুযায়ী', কেউ করেছেন, 'ঈমানের মাধ্যমে' এ তরজমা মূলানুগ নয়।
শায়খায়ন তরজমা করেছেন, اپنے ایمان میں (নিজের ঈমানের মধ্যে) মোটামুটি এই আলোকে কিতাবের তরজমাটি লেখা হয়েছে।
لم تكن آمنت من قبل (পূর্ব থেকে ঈমান এনেছিলো না) এর তরজমা শায়খুলহিন্দ (রহ) করেছেন– پہلے سے ایمان نہ لایا تھا

কিতাবের তরজমায় তাঁর অনুসরণ করা হয়েছে।
'ঈমান আনেনি' এর চেয়ে এটি অধিকতর মূলানুগ।

(ঘ) انتظروا (তোমরা [এগুলোর] অপেক্ষায় থাকো) একটি বাংলা তরজমায় আছে, তোমরা পথের দিকে চেয়ে থাকো। শায়খুলহিন্দ (রহ)-এর তরজমায় আছে, تم راه ديكهو উর্দু বাগধারায় এর অর্থ হলো, 'তোমরা অপেক্ষায় থাকো'।
সম্ভবত এটা দেখেই উপরের তরজমা করা হয়েছে, কিন্তু এ তরজমা ঠিক নয়।
থানবী (রহ) একটি বন্ধনী যোগ করে অপেক্ষার বিষয়বস্তুটি পরিষ্কার করে দিয়েছেন।

(ঙ) لستَ منهم في شيءٍ (নিঃসন্দেহে নেই আপনি তাদের কোন কিছুতে) এর অন্য তরজমা হতে পারে–
(ক) তাদের সাথে আপনার কোন সম্পর্ক নেই।
(খ) তাদের কোন দায়িত্ব আপনার নয়।
তবে কিতাবের তরজমাটি অধিকতর মূলানুগ।

(চ) من جاء بالحسنة فله عَشْرُ أمثالها (যে ব্যক্তি নিয়ে আসবে একটি নেক তার জন্য সাব্যস্ত হবে ঐ নেক আমলের দশগুণ) এটি শায়খুলহিন্দ (রহ) এর তরজমা।
থানবী (রহ) লিখেছেন, যে ব্যক্তি একটি নেক আমল করবে। সে তার দশগুণ পাবে।
جاء শব্দটি দ্বারা বোঝা যায় যে, কেয়ামতের দিন নেক আমল নিয়ে হাজির হওয়ার কথাই এখানে বলা হয়েছে। কিন্তু থানবী (রহ) এটিকে عمل এর অর্থে গ্রহণ করেছেন।

(ছ) ملّة ابراهيم حنيفا (একনিষ্ঠ ইবরাহীমের তরীকা) এখানে মূল তারকীব থেকে সরে গিয়ে حنيفا কে ইবরাহীমের ছিফাতরূপে তরজমা করা হয়েছে। থানবী (রহ) حنيفا শব্দটিকে ملّة থেকে হাল ধরে তরজমা করেছেন, 'ইবরাহীমের তরীকা যাতে সামান্য বক্রতাও নেই'।
এ তরজমাটি এমনও হতে পারে, 'যা পূর্ণ বক্রতামুক্ত / সরলসোজা'

أسئلة :

١ – اشرح كلمةَ شيعةٍ

٢ – أعرب قوله : لستَ منهم في شيءٍ

٣ - كيف ذُكِّر العددُ مع تذكير المعدود في قوله : عَشْرُ أمثالِها ؟

٤ - أعرب قوله : حنيفا

٥ - هل ينظرون এর তরজমার শুরুতে (মনে হয়) যোগ করার উদ্দেশ্য ব্যাখ্যা করো।

٦ - في إيمانها এর তরজমা পর্যালোচনা করো

(٤) المص * كِتٰبٌ اُنزِل اليك فلا يَكُنْ في صَدرك حَرَجٌ منه لِتُنذرَ به و ذِكْرٰى للمؤمنين * اِتَّبِعوا ما اُنزِل اليكم مِن ربكم وَ لا تَتَّبِعوا مِن دُونه اَولياءَ، قليلا ما تَذَكَّرون * وَ كم من قَرْيةٍ اَهْلكنٰها فَجاءها بَاسُنا بَياتًا او هم قائِلون * فَما كان دَعْوٰهم اِذ جاءَهم باسُنا اِلَّا اَنْ قالوا اِنَّا كنا ظٰلمين * فَلَنَسْئَلَنَّ الذين اُرسِل اليهم وَ لنسئَلَنَّ المرسَلين * فَلَنقُصَّن عليهم بعلمٍ و ما كنا غائبين * .

بيان اللغة

حَرَج : إثم، ذَنب، ضِيق، عَدَمُ ارتياحٍ . حَرج الرجلُ (س، حَرَجًا) أذنَبَ .
حَرِج الصدرُ : ضاقَ، فَقَدَ ارتياحَه و رِضاه
أحرَجه : أوقَعه في حَرَجٍ، أي : إثمٍ
أحرَجه : أوقَعه في حَرَجٍ، أي : ضِيقٍ
أحرَج فُلانًا إلى ... ألجَأه إلى ...

بَياتًا (ليلا) بَاتَ فلان (بَيْتًا و بَياتًا و مَبيتا و بَيْتوتَةً، ض) أدركَه الليلُ، نامَ أو لم يَنَمْ . بات في مكانٍ كذا : أقامَ به الليلَ

قائِلون (نائمون في الظَّهيرة)
قال (قَيْلاً و قَيلولة، ض) نام في القائِلة، أي : الظهيرَة، و القَيلولة هي استراحَةٌ نصفِ النهار مَع النوم أو بلا نومٍ .

بيان الإعراب

كتاب أنزل إليك : أي : هذا كتاب، و الجملة صفة لـ : كتاب .

فلا يَكُنْ : الفاء تَعليلية، و النهي لِلْحَرَجِ لفظًا و للمخاطَب معنًى ، أي : لا تَحْرَجْ به .

و في صدرك متعلق بمحذوف، خبر الناقص المقدم، و حرج اسم الناقص المؤخر، و من سببية، تتعلق بمحذوف صفة لـ : حرج

و أصل العبارة : لا يكن حرَج كائن من الكتاب موجودًا في صدرك

و يجوز أن يتعلق مِنْ بِـ : حَرَجٌ، أي : لا يكن حَرَجٌ من إنكارِ الكُفار الكتابَ .

لِتُنذِرَ : متعلق بـ : أنزل

ذِكْرٰى : خبر مبتدأٍ محذوف، و للمؤمنين متعلق بنعتٍ محذوف لـ : ذكرٰى، أي : هو ذِكرٰى نافعةٌ للمؤمنين .

من دونه أولياءَ : من دونه متعلق بمحذوف، هو حال من مفعولِ لا تتبعوا، و هو في الأصل نعت تقدَّم على منعوته .

قليلا ما تذكرون : قليلًا نعتٌ نائب عن المفعول المطلق، أي : تَذَكَّرون تذكُّراً قليلا، أو هو نعت لظرف محذوفٍ، أي : تذكرون زمانًا قليلا . و ما زائدة لِتوكيد القِلَّة .

و تذكرون أصله تتذكرون، حذفت إحدٰى التاءين تَخفيفًا

و كم من قريةٍ أهلكناها : الواو استئنافية، و كم خبرية تدل على كَثرةٍ، في محَل رفع مبتدأ، و من زائدة، و قريةٍ مجرور لفظًا منصوب محلا، لأنه تمييز كم، و جملة أهلكناها خبر كم .

فجاءها بأسنا : الفاء للترتيب، و هو يقتضي مجيءَ البأسِ بعدَ الإهلاك، و هو خلاف الواقِع، فمعنٰى أهلكناها أردنا إهلاكَها؛ و لا شك أن إرادةَ الإهلاك قبلَ مجيءِ البأس، فَيَصِحُّ الترتيب .

و قال قوم هو على القَلْبِ، أي : جاءها بأسُنا فأهلَكْناها .

بَياتا : هذا مصدر يجوز أن يكون ظرفًا باعتبار المعنى، و أن يكون في موضع الحال بمعنى بائتين .

هم قائلون : عَطفٌ بـ : أو على : بياتًا، فالجملة حالية، أو هو ظرف بمعنى وقتَ قيلولتِهم .

فما كان دعواهم إذ جاءهم بأسُنا إلا أَنْ قالوا : إذ ظرف متعلق بـ : دَعْوٰى، و هو اسم كان، و إلا أداة حصر، و المصدر المؤول خبر كان .

بِعلْمٍ : هذا في موضِع الحال بمعنىٰ عالمين، أو هو متعلق بمحذوف هو حال من فاعل نَقُصَّ، أي : متلبسين بعلِم (بِأَحوالِهم) .

غائبين : أي : عنهم، و الجملة حالية .

الترجمة

আলিফ, লাম, মীম, ছোয়াদ। (এ) সেই কিতাব যা নাযিল করা হয়েছে, আপনার প্রতি যাতে সতর্ক করেন আপনি (মানুষকে) তা দ্বারা, সুতরাং যেন না থাকে আপনার অন্তরে কোন অপ্রসন্নতা, (কাফিরদের) তা (না মানা)র কারণে। আর (এটি বিশেষভাবে) মুমিনদের জন্য উপদেশ।

(হে মুমিনগণ) অনুসরণ করো তোমরা ঐ কিতাব যা (রাসূলের মাধ্যমে) নাযিল করা হয়েছে তোমাদের প্রতি তোমাদের প্রতিপালকের পক্ষ হতে। আর অনুসরণ করো না তোমরা আল্লাহর পরিবর্তে অন্য বন্ধুদেরকে। (কিন্তু) অতি অল্পই উপদেশ গ্রহণ করে থাকো তোমরা।

আর কত জনপদ, ধ্বংস করেছি আমি সেগুলোকে এবং এসেছে সেখানে আমার আযাব, (তাদের) রাত্রিযাপনের অবস্থায়, কিংবা এমন অবস্থায় যে তারা মধ্যাহ্নবিশ্রাম করছিলো। তো যখন এলো তাদের কাছে আমার আযাব তখন তাদের চিৎকার ছিলো শুধু এ কথা বলা যে, অবশ্যই আমরা ছিলাম যালিম।

যাক, অতি অবশ্যই জিজ্ঞাসা করবো আমি তাদেরকে যাদের নিকট প্রেরণ করা হয়েছে এবং অতি অবশ্যই জিজ্ঞাসা করবো প্রেরিতদেরকে। অনন্তর অতি অবশ্যই শোনাবো আমি তাদেরকে (তাদের অবস্থা) পূর্ণ জ্ঞানের সাথে। আর আমি তো ছিলাম না অনুপস্থিত।

ملاحظات حول الترجمة

(ক) كتاب أنزل إليك (পুরো আয়াতের তরজমাটি পড়ো তারপর সামনের তরজমাটি দেখো) তোমার নিকট কিতাব অবতীর্ণ হয়েছে– তোমার মনে যেন এর সম্পর্কে কোন সংকোচ না থাকে এর দ্বারা সতর্কীকরণের ব্যাপারে।

এ তরজমার বড় ত্রুটি এই যে, তা মূল থেকে বেশ বিচ্যুত। যেমন–

(ক) তোমার নিকট কিতাব অবতীর্ণ হয়েছে– এটি মূলত نزل إليك الكتب এর তরজমা।

(খ) ف অব্যয়টির অর্থ এই যে, যেহেতু এটি আল্লাহর পক্ষ হতে অবতীর্ণ কিতাব সেহেতু মানুষের কাছে তা পৌঁছানোর ক্ষেত্রে (কিংবা কাফিরদের তা না মানার কারণে) আপনার মনে কোন সংকোচ না থাকা উচিত। ف এর তরজমা বাদ যাওয়ার কারণে এই ভাব ও মর্মটি ক্ষুণ্ন হয়েছে।

(গ) এ তরজমা দ্বারা বোঝা যায়, সতর্কীকরণের বিষয়ে সংকোচ করতে নিষেধ করা হয়েছে। অথচ لتنذر এর لام হচ্ছে হেতুবাচক এবং তার সম্পর্ক হচ্ছে أنزل এর সাথে।

حرج এর তরজমা সংকোচ হতে পারে, কিন্তু এর চেয়ে উত্তম তরজমা হলো 'অপ্রসন্নতা'– অর্থাৎ তারা যদি কিতাবের তাবলীগকে প্রত্যাখ্যান করে তাহলে আপনার মনক্ষুণ্ন হওয়ার কিছু নেই।

একটি তরজমায় حرج এর প্রতিশব্দ ব্যবহার করা হয়েছে 'সংকীর্ণতা'– বাংলায় এটি উদারতার বিপরীত শব্দ। সুতরাং এটি এখানে সঙ্গত নয়।

(খ) فجاءها بأسنا কিতাবে ف কে এখানে و এর সমার্থক ধরে তরজমা করা হয়েছে, যাতে শুধু এ কথা বোঝা যায় যে, ধ্বংস করা এবং আযাব আসা দুটোই ঘটেছিলো। ف কে তারতীবের অর্থে গ্রহণে বাস্তব সমস্যা রয়েছে।

ف কে তারতীবের অর্থে গ্রহণ করলে أهلكنا এর তরজমা হবে, ধ্বংসের ইচ্ছা করেছি (তারপর আযাব এসেছে)।

(গ) بياتا হচ্ছে মুফরাদ হাল, আর هم قائلون হচ্ছে জুমলা হাল, তরজমায় সে পার্থক্য বিবেচনায় আনা হয়েছে।

(ঘ) فما كان دعوىهم إذ جاءهم بأسنا إلا أن قالوا (তো যখন এলো তাদের কাছে আমার আযাব তখন তাদের চিৎকার ছিলো শুধু এ কথা বলা যে, অবশ্যই আমরা ছিলাম যালিম।

বিকল্প তরজমা– তো যখন তাদের কাছে আমার আযাব এলো, তখন তারা শুধু চিৎকার করে বলছিলো, আমরা তো জালিম ছিলাম।

'তখন তাদের মুখ থেকে এ ছাড়া আর কোন কথা বের হচ্ছিল না যে, ...' এখানে বিনা প্রয়োজনে মূল থেকে সরে যাওয়া হয়েছে।

أسئلة :

١ - اشرح كلمةَ قائِلونَ شَرْحاً بسيطًا .

٢ - أعرب قولَه : ذِكْرٰى للمؤمنين .

٣ - أعرب قوله : قليلا .

٤ - بم يتعلق إذ في قوله : إذ جاءهم بأسنا ؟

٥ - তাদের কাছে আমার আযাব এসেছে রাত্রে/রাত্রিবেলায়, অথবা মধ্যাহ্ন বিশ্রামের অবস্থায়। – এ তরজমায় মূলের সাথে অসঙ্গতি আলোচনা করো।

٦ - (ক) যখন তাদের কাছে আমার আযাব উপস্থিত হয় তখন তাদের কথা এই ছিলো যে, তারা বললো ....

(খ) যখন আমার শাস্তি তাদের উপর আপতিত হয়েছিলো তখন তাদের কথা শুধু এই ছিলো যে, নিশ্চয় আমরা যালিম ছিলাম।

উপরের দু'টি তরজমা পর্যালোচনা করো।

(٥) قل اَمَر ربي بِالقِسْطِ، و اَقِيموا وُجوهَكم عِندَ كلِّ مسجدٍ و ادعُوه مخلِصين له الدينَ، كما بَدَاَكم تعودون * فَريقًا هَدٰى وَ فريقًا حَقَّ عليهم الضَّلٰلَةُ، اِنهم اتخذوا الشَّيٰطِينَ اولياءَ مِن دون اللّٰه و يحسَبون اَنَّهم مهتَدون * يٰبَني اٰدمَ خذوا زينَتَكم عندَ كلِّ مسجِدٍ و كُلوا و اشرَبوا و لا تُسرِفوا، اِنه لا يُحب المسرِفين * قل مَنْ حَرَّم زينةَ الله التي اَخْرَجَ لِعباده و الطيِّبٰت منَ الرزقِ، قل هي لِلذين اٰمَنوا في الحَيٰوة الدنيا خالِصةً يومَ القيٰمةِ، كذلك نُفصِّل الآيٰت لِقوم يعلَمون * قل اِنما حرَّم ربي الفَواحِشَ ما ظَهَر منها و ما بَطَن و الاِثمَ و

البَغْيَ بغَيرِ الحق وَ أن تُشركوا بالله ما لم يُنزِّل به سُلطُنا و
أَنْ تقولوا على الله ما لا تَعلمون * وَ لِكلِّ امَّةٍ اَجَلٌ، فَاذا
جاءَ اجَلُهم لا يَستاخِرون ساعَةً و لا يستقدِمون *

بيان اللغة

القِسط : انظر ٣/٦/٣ حَقَّ عليه : وَجَبَ عليه و لَزِمه (ض، حَقًّا)

زينة : الزينة ما يُزَيِّن الإنسانَ، و الزينة ثلاث : زينةٌ نفسيَّة كالعلم و الإيمان و مَكارِمِ الآخلاق، و زينة بَدنِيَّةٌ، كالقوَّة و اعتدالِ الخَلْقِ و جمالِ الوَجه، و زينة خارجيَّة كالمال و الجاه و جَمالِ اللباس .

عندَ كل مسجد : عند كل سُجود، هو مصدر ميمي على غير قياس . أو هو اسم مكانٍ على غير قياسٍ أيضا، فالقياسُ أن تكون العينُ مفتوحةً، لأن عينَ المضارع مضمومة .

أقيموا وجوهَكم : تَوَجَّهوا إلى العبادة مستقيمين .

بَدَأَ : أنشَأ و أوجَدَ (ف، بَدْأً) بَدَأ العمَلَ : شرع، و بَدأ به : شرع به، فَعَله قبل غيره، و بَدأ بفلان : قَدَّمه على غيره .

بَدأَ شيءٌ : حَدَث و نَشَأ

بَدأ يفعل : أخذ و شرع يفعل .

أبدأ الله الخلقَ : أوجدَه من العدَم، فهو المُبْدِئُ

بيان الإعراب

أقيموا ... : معطوفة على جملة أمر ربي بالقسط، و هي خَبرية لفظًا إنشائية معنًى، فالمعنى : أقسِطوا و أقيموا، فَصَحَّ عطفُ الإنشاء على الإنشاء، و عطف الإنشاء علي الخبر ضعيف .

كما بَدأكم تعودون : الكاف متعلق بمصدر محذوف، أو نعتٌ له، و ما حرف مصدر . أي : تعودون عودًا كبدئِكم/أو مثلَ بدئِكم .

فريقا : مفعول به مقدم لـ : هَدٰى، و فريقا الثاني مفعول به لفعل محذوف، أي أَضَلَّ، و قد دل عليه الفعل الآتي .

و جملة حق عليهم الضلالةُ صفة لـ : فريقا

من حرم زينة الله : من اسم استفهامٍ للإنكار، في مَحَل رفع مبتدأ، و جملة حرم خبرُ مَنْ . و الطيباتِ عطف على زينةً، و من الرزق متعلق بمحذوف حال، أي : معدودةً من الرزق .

هي للذين امنوا في الحيوة الدنيا : أي : هي مخلوقةٌ في الحيوة الدنيا للذين اٰمَنوا، أو هي مخلوقة للذين آمنوا في الحيواة الدينا .

خالصةً : حال من الضمير المستتر في الخبر المحذوف، و يومَ القيمة ظرف لـ : خالصةً

أي : هي مخلوقة في الحيوة الدنيا للمؤمنين (و إن شاركهم الكفارُ فيها) حالةَ كونِها خالصةً يومَ القيمة (للمؤمنين لا يشاركهم الكفارُ فيها)

كذلك نفصل الآيت : أي نُفصلها تفصيلًا كذلك أو مثلَ ذلك التفصيلِ

بغير الحق : يتعلق بـ : البغيَ، لأنه مصدر، أو متعلق بحال محذوفة، أي : البغيَ متلبسًا بغير الحق .

و أن تُشركوا : المصدر المؤول معطوف على : البغيَ، أو هو مفعول به لفعل محذوف، أي : و حَرَّم ربي أن تشركوا ... فيكون عطفُ الجملة على الجملة .

و أن تقولوا : معطوف على المصدر المؤول السابق .

الترجمة

আপনি বলুন, আদেশ করেছেন আমার প্রতিপালক ন্যায় বিচারের। (সুতরাং তোমরা ন্যায় বিচার করো) এবং (আল্লাহর অভিমুখে) সোজা রাখো তোমরা নিজেদেরকে প্রত্যেক সিজদার সময় এবং ডাকো আল্লাহকে আনুগত্যকে তাঁরই প্রতি একনিষ্ঠ রেখে। ফিরে আসবে তোমরা, যেমন তিনি প্রথমে সৃষ্টি করেছেন তোমাদেরকে।

এক দলকে তিনি হিদায়াত দান করেছেন, আর (গোমরাহ করেছেন) এমন একটি দলকে, যাদের উপর অবধারিত হয়ে গেছে গোমরাহি। নিঃসন্দেহে এরা (জ্বিন ও মানব) শয়তানদেরকে অভিভাবক বানিয়েছে, আল্লাহকে ছেড়ে; আর তারা মনে করে যে, তারা হিদায়াতপ্রাপ্ত।

হে বানী আদম, পোশাক গ্রহণ তোমরা তোমাদের সুন্দর করো

প্রত্যেক নামাযের সময় এবং আহার করো ও পান করো, তবে অপচয় করো না। (কারণ) মোটেই তিনি পছন্দ করেন না অপচয়কারী- দেরকে।

আপনি বলুন, কে হারাম করেছে আল্লাহর (দেয়া পোশাক) সজ্জাকে যা সৃষ্টি করেছেন তিনি আপন বান্দাদের জন্য এবং উত্তম খাদ্য সমূহকে (কে হারাম করেছে)।

আপনি বলুন, এসব নেয়ামত পার্থিব জীবনে তাদের জন্য, যারা ঈমান এনেছে, আর কিয়ামতের দিন তা (মুমিনদের জন্য) বিশিষ্ট। এভাবে বিশদভাবে বর্ণনা করি আমি সমস্ত আয়াতকে এমন সম্প্রদায়ের জন্য যারা বোধ রাখে।

আপনি বলুন, আমার প্রতিপালক তো হারাম করেছেন শুধু অশ্লীল বিষয়সমূহকে, তা থেকে যা প্রকাশ পেয়েছে এবং যা গোপন রয়েছে (সবগুলোকে) এবং যাবতীয় পাপ এবং (কারো উপর) অন্যায়ভাবে বাড়াবাড়ি করা এবং (হারাম করেছেন এ বিষয় যে,) তোমরা আল্লাহর সাথে শরীক করবে এমন কিছুকে যার স্বপক্ষে অবতীর্ণ করেন নি তিনি কোন প্রমাণ এবং তোমরা বলবে আল্লাহ্ সম্পর্কে এমন কিছু যা তোমরা জানো না।

আর প্রত্যেক সম্প্রদায়ের (প্রত্যেক ব্যক্তির) জন্য রয়েছে নির্ধারিত সময়। সুতরাং যখন এসে যাবে তাদের নির্ধারিত সময় তখন তারা মুহূর্তকাল পিছোতেও পারবে না, (এবং) এগুতেও পারবে না।

ملاحظات حول الترجمة

(ক) و اقيموا وجوهكم এর পূর্বে (তোমরা ন্যায় বিচার করো) এ বন্ধনী সংযোজন করা হয়েছে ব্যাকরণগত প্রয়োজনে।

و ليس الظرف متضمِّنا معنى الشرط، لأن الفعلَ ماض لفظًا و معنىً . و قال البعض : بل الظرف متضمِّن معنى الشرط لأن الماضيَ أريد به المضارع .

من الاخرة : متعلق بمحذوف حال من : الحياة الدنيا، أي : بديلا من الآخرة .

في الآخرة : متعلق بـ : قليل . و يجوز أن يكون متعلقا بمحذوف حال من متاع، أي : محسوبا في جَنْبِ الآخرة .

غيرَكم : صفة لـ : قوما .

إلا تنصروه فقد نصره الله : إلا مكونة من إن الشرطية و لا النافيةِ، و تنصروه شرط . و جواب الشرط محذوف، أي : لا يضره عدمُ

نصركم، و الفاء تعليلية .

إذ أخرجه الذين كفروا ثانيَ اثنين : إذ ظرف يتعلق بـ : نَصَرَ، و ثانيَ اثنين حال من مفعول أخرج .

إذ هما في الغار إذ يقول لصاحبه لا تحزن : إذ الثانية و الثالثة بَدَل من إذ الأولى . و هو بَدَلُ بعضٍ من كلٍّ، فإن زمَنَ الإخراج يمتدُّ أثرًا إلي زمَنِ استقرارهما في الغار و إلى زمَنِ القول المذكور . فهذان الزمَنان بعضٌ من ذلك الزمَن الممتدّ .

السفلى : مفعول به ثان لـ : جعل .

الترجمة

হে ঐ লোকেরা যারা ঈমান এনেছো, তোমাদের হলো কী যে, যখন বলা হয় তোমাদেরকে, অভিযান করো আল্লাহর পথে তখন তোমরা একেবারে লেগে যাও মাটিতে! তোমরা কি তুষ্ট হয়ে গেছো আখেরাতের পরিবর্তে পার্থিব জীবন নিয়েই? কিন্তু পার্থিব জীবনের ভোগ-উপকরণ তো আখেরাতের হিসাবে অতি সামান্য।

যদি তোমরা অভিযান না করো তাহলে আযাব দেবেন তিনি তোমাদেরকে যন্ত্রণাদায়ক আযাব এবং বদলরূপে আনবেন তোমাদের ভিন্ন কাওমকে। আর তোমরা কোনই ক্ষতি করতে পারবে না আল্লাহর। আর আল্লাহ সর্ববিষয়ে সর্বশক্তিমান।

যদি সাহায্য না করো তোমরা তাঁকে (তাহলে কোন ক্ষতি নেই) কারণ অবশ্যই তাঁকে সাহায্য করেছেন আল্লাহ যখন কাফিররা বের করে দিয়েছিলো তাকে দু'জনের একজন অবস্থায়, যখন তারা দু'জন গুহায় ছিলেন, যখন তিনি বলছিলেন তাঁর সঙ্গীকে, বিষণ্ণ হয়ো না, আল্লাহ তো রয়েছেন আমাদের সঙ্গে। তখন নাযিল করলেন আল্লাহ আপন সাকীনা তাঁর উপর এবং শক্তি যোগালেন তাঁকে এমন সকল বাহিনী দ্বারা যা তোমরা দেখোনি, আর যারা কুফুরি করেছে করে দিলেন তাদের কথাকে 'সর্বনীচু', আর আল্লাহর কথাই সর্বদা সর্বোচ্চ। আর আল্লাহ মহাপরাক্রমশালী, মহাপ্রজ্ঞাময়।

অভিযান তোমরা করো হালকা অবস্থায় এবং ভারী অবস্থায়, আর জিহাদ করো তোমাদের জান দ্বারা এবং তোমাদের মাল দ্বারা আল্লাহর রাস্তায়, সেটাই তোমাদের জন্য উত্তম, যদি তোমরা বিশ্বাস করো (তাহলে তা করো।)

ملاحظات حول الترجمة

(ক) ما لكم (তোমাদের হলো কী) তিরস্কারের ভাবটুকু প্রকাশ করার জন্য, 'কী হলো' এর পরিবর্তে 'হলো কী' বলা হয়েছে।
اثاقلتم إلى الأرض (একেবারে মাটিতে লেগে যাও) শব্দের মূল ধাতু বিবেচনা করে তরজমা করা যায়– তোমরা ভারী হয়ে মাটিতে পড়ে যাও।
কেউ কেউ তরজমা করেছেন, তোমরা মাটি জড়িয়ে ধরো– এটা গ্রহণযোগ্য নয়, কারণ মাটি জড়িয়ে ধরার যোগ্য নয়।
কেউ কেউ তরজমা করেছেন– তোমরা ভারাক্রান্ত হয়ে ভূতলে ঝুঁকে পড়ো। ('লুটিয়ে পড়ো', হলে ভালো হয়)
এ তরজমা গ্রহণযোগ্য, তবে প্রথমটি সুসংক্ষিপ্ত এবং সুস্পষ্ট।
আয়াতের বর্ণনায় অতিশয়তার ভাব রয়েছে। তাই 'একেবারে' শব্দটি যোগ করা হয়েছে।

(খ) متاع الحياة (পার্থিব জীবনের ভোগ-উপকরণ) শায়খায়ন متاع কে মাছদার ধরে তরজমা করেছেন– পার্থিব জীবনের ভোগ।
কিতাবের তরজমায় متاع কে ما يُتَمَتَّع به অর্থে গ্রহণ করা হয়েছে।
في الآخرة (আখেরাতের হিসাবে) এখানে উহ্য شبه الفعل উল্লেখ করে তরজমা করা হয়েছে। অর্থাৎ محسوبا في الآخرة
'আখেরাতের তুলনায়' হতে পারে।

(গ) قوما غيرَكم (অপর জাতিকে/তোমাদের ভিন্ন জাতিকে) দ্বিতীয় তরজমাটি শব্দানুগ।

(ঘ) ثاني اثنَيْنِ বা ثالثُ ثلاثَةٍ এ ধরনের বাগ্‌ধারায় দু'জনের দ্বিতীয় বা তিনজনের তৃতীয় বোঝানো উদ্দেশ্য হয় না। বরং দুজনের বা তিনজনের একজন বোঝানো উদ্দেশ্য হয়। থানবী (রহ) সে হিসাবেই তরজমা করেছেন। আর শায়খুলহিন্দ (রহ) শব্দানুগ তরজমা করছেন – এমন অবস্থায় যে, তিনি ছিলেন দু'জনের দ্বিতীয়জন।
'এবং তিনি ছিলেন দুজনের দ্বিতীয়জন'– এ তরজমা মূল তারকীব অনুগামী নয়, তবে গ্রহণযোগ্য।

(ঙ) و أيده بجنود لم تروها (এবং শক্তি যোগালেন তাঁকে এমন সকল বাহিনী দ্বারা যা তোমরা দেখো নি) এমন এক

সৈন্যবাহিনী দ্বারা – جند মানে সৈন্যবাহিনী جنود হলো তার বহুবচন। এ তরজমায় বহুবচনত্ব প্রকাশ পায়নি।

শায়খুলহিন্দ (রহ) লিখেছেন– তাঁর সাহায্যে এমন সকল ফউজ পাঠিয়েছেন।

এ তরজমা মূলানুগ নয়, কারণ মূল ফেয়েলটি أرسل নয়, বরং أيد এবং جنود শব্দটি مفعول به নয়, বরং ب এর مجرور.

(চ) 'সাকীনা' শব্দের নিজস্ব আবেদন ও শ্রুতিমধুরতা রয়েছে তাই তরজমায় মূল শব্দটি ব্যবহার করা হয়েছে, এর অর্থ প্রশান্তি।

أسـئـلـة :

١ – اشـرح كلمةَ اِثّاقلتم ·

٢ – أعـرب قـوله : من الآخرة و في الآخرة ·

٣ – أعـرب قـوله : ثانِيَ اثنيـنِ ·

٤ – اذكـر أصـل العبـارة في قوله : إذ هما في الغار ·

٥ – متاع الحياة الدنيا এর তরজমা পর্যালোচনা করো

٦ – ثاني اثنين এর দুটি তরজমা পর্যালোচনা করো

(٧) لَقَـدِ ابتغَـوُا الـفـتـنةَ من قـبـلُ و قـلَّبـوا لك الامـورَ حـتى جـاء الحقُّ و ظـهـر امـرُ الله و هم كٰرِهون * و منهم من يـقـول ائـذَن لّي و لا تَفـتِني، الا في الفـتنَـةِ سـقـطُـوا، و اِن جـهـنَّـمَ لَمحـيـطـة بالكٰفرين * اِن تُصـبك حسَـنة تسـؤهم، و اِن تُصبك مـصـيـبَـةٌ يقـولوا قَـدْ اخَذنا امرَنا مِن قـبـل و يتـولّـوا و هم فَـرِحـون * قل لن يُّـصـيـبَنا اِلّا مـــا كـتَـبَ الله لَنا، هو مـولٰنا، و على الله فَلْيتَـوكَّلِ المؤمنون * قل هل تَـربَّـصون بِنا اِلا اِحدَى الحسنَيين، و نحن نـتـربَّـص بكم اَن يُّـصـيـبَكم الله بِعَـذابٍ من عـنـدِه او بِـاَيديـنا، فـتربَّـصوا اِنَّا مـعكم مُّتربصون * قل اَنفِـقـوا طوعًا او كَرْهًا لن يُّتـقـبَّلَ منكم، اِنَّكم كنتم قـومًا فٰسقين * و ما منَعهم

أَنْ تُقبَلَ منهم نفقتُهم إِلَّا أَنَّهم كفَروا بالله و برسوله و لا

يأتون الصلوٰةَ إِلا وهم كُسالى و لا يُنفِقون إِلا وهم كرهون *

بيان اللغة

قَلَبَ شيئًا (ض، قَلْبًا) صرَفه من وجهٍ إلى وجهٍ (من الأعلىٰ إلى الأسفَلِ أو من اليَمين إلى الشِّمال أو من الباطن إلى الظاهر) .

قَلَّبه : قَلَبه (و شُدِّد للمبالغة أو للتكثير)

قَلَّبَ الأمور : دَبَّرها و أدارَها

قَلَّب له الأمرَ : كادَ له كيدًا .

أصبح يُقَلِّب كفَّيْهِ : أي أصْبَح يتَنَدَّم .

الحسنىٰ : مؤنث الأحسَن . و أيضًا : العاقِبَة الحَسَنة، و المراد هنا بالحُسْنَيين الظفَر و الشهادَة .

بيان الإعراب

من قبل : متعلق بـ : ابتغوا ، بُنيت على الضم لقَطْعِها عن الإضافَة لفظًا لا معنًى، أي : مِن قَبلِ غزوَةِ تبوكٍ .

حتى جاء الحق : حتى حرف جر و غايةٍ يتعلق بـ : قَلَّبوا، أو هي ابتدائية .

منهم من يقول : منهم متعلق بخبر مقدم، و الموصول مبتدأ مؤخر، أي : من يقول ائذن لي معدود منهم، أي : من المنافقين .

سقطوا : فعل و فاعل، و جمع الضمير و القائل واحد مراعاةً للمعنى

و هم فرحون : حال من الضمير في يقولوا و يتولوا، لا من الأخير فقط، لأن فَرَحَهم كان حالَ القول و التولي معا .

هل : حرف استفهام في معنى النفي، و تربصون مضارع حذف منه إحدى تاءَيْهِ .

أن يصيبكم الله : المصدر المؤول مفعول به لـ : نتربص . و من عنده : متعلق بنعت محذوف لـ : عذاب .

أو بأيدينا عطف على : من عنده، متعلق بنعت العذاب .

الترجمة

তারা তো চেয়েই আসছে ফেতনা পূর্ব থেকে এবং আপনার জন্য বিভিন্ন চক্রান্ত নাড়াচাড়া করেই আসছে। অবশেষে এসে গেলো সত্য এবং জয়ী হলো আল্লাহর ফায়ছালা, এমন অবস্থায় যে তারা (ছিলো) নাখোশ।

আর তাদের মাঝে রয়েছে এমন ব্যক্তি যে বলে, অনুমতি দিন আমাকে (যুদ্ধে না যাওয়ার), আর পরীক্ষায় ফেলবেন না আমাকে। শোনো, পরীক্ষায় তারা তো পড়েই গেছে। আর নিঃসন্দেহে জাহান্নাম ঘিরে ফেলবে কাফিরদেরকে।

যদি স্পর্শ করে আপনাকে কোন কল্যাণ তবে তা তাদেরকে পীড়া দেয়, আর যদি আক্রান্ত করে আপনাকে কোন বিপদ, তবে তারা বলে ওঠে, আমরা তো সামলে নিয়েছিলাম আমাদের বিষয় আগেই। আর তারা ফিরে যায় উল্লসিত হয়ে।

আপনি বলুন, কিছুতেই আক্রান্ত করতে পারে না (কোন কিছু) আমাদেরকে, কিন্তু যা আল্লাহ লিখে রেখেছেন আমাদের জন্য। তিনি আমাদের অভিভাবক। আর আল্লাহরই উপর যেন ভরসা করে মুমিনরা।

আপনি বলুন, তোমরা তো আমাদের বিষয়ে দু'টি কল্যাণের একটিরই অপেক্ষা করছো, আর আমরা তোমাদের বিষয়ে অপেক্ষা করছি যে, আল্লাহ তোমাদেরকে পাকড়াও করবেন আযাব দ্বারা, তাঁর নিজের পক্ষ হতে, কিংবা আমাদের হাতে। তো অপেক্ষা করো তোমরা, আমরাও তোমাদের সাথে অপেক্ষা করছি।

আপনি বলুন, খরচ করো তোমরা খুশিতে কিংবা নাখুশিতে, কিছুতেই কবুল করা হবে না তোমাদের পক্ষ হতে। নিঃসন্দেহে তোমরা তো পাপাচারী।

ملاحظات حول الترجمة

(ক) قلبوا لك الأمور (আপনার জন্য বিভিন্ন চক্রান্ত নাড়াচাড়া করেই আসছে)

الأمور এর শাব্দিক অর্থ বিভিন্ন বিষয়। এখানে উদ্দেশ্য বিভিন্ন চক্রান্ত। উদ্দেশ্যের দিক থেকে তরজমা করা হয়েছে।

আপনার বিরুদ্ধে বিভিন্ন চক্রান্ত করেই আসছে– এরকম তরজমা হতে পারে।

তারা আপনার বহু কর্ম উলটপালট করে আসছিলো– এ তরজমা قلب له الأمور বাক্যের ব্যবহারিক অর্থের সাথে সংগতিপূর্ণ নয়।

(খ) جاء الحق و ظهر أمر الله و هم كرهون (এসে গেলো সত্য এবং জয়ী হলো, আল্লাহ্র ফায়ছালা, এমন অবস্থায় যে তারা নাখোশ ছিলো) তাদের ইচ্ছার বিরুদ্ধে সত্য এসে গেলো এবং .... এ তরজমা তারকীবানুগ নয়, তবে গ্রহণযোগ্য।
এমন অবস্থায় যে, তারা নাখোশ ছিলো– এর পরিবর্তে বলা যায়– অথচ তারা (তা) অপছন্দ করছিলো।

(গ) لا تفتني (আমাকে পরীক্ষায় ফেলবেন না/ লিপ্ত করবেন না/ নিক্ষেপ করবেন না) থানবী (রহ) এর তরজমা– আমাকে অনিষ্টে লিপ্ত করবেন না।
শায়খুলহিন্দ (রহ) এর তরজমা– আমাকে ভ্রষ্টতায় লিপ্ত করবেন না। (ফিতনা শব্দটি অনিষ্ট, ভ্রষ্টতা ও পরীক্ষা– তিনটি অর্থকেই অন্তর্ভুক্ত করে)

(ঘ) لمحيطة ঘিরে ফেলবে/ঘিরেই রয়েছে/ঘিরে ধরেছে।
ঘিরে ধরা বা ঘিরে ফেলা শব্দটিতে যে ভীতিকর পরিস্থিতির প্রতি ইঙ্গিত রয়েছে 'বেষ্টন করা' শব্দটিতে তা নেই। সুতরাং জাহান্নাম তাদেরকে বেষ্টন করেই রয়েছে– এ তরজমা সুন্দর নয়।

(ঙ) أخذنا أمرنا من قبل (আমরা তো সামলে নিয়েছিলাম আমাদের বিষয় আগেই) এমন তরজমা হতে পারে– আমরা তো আগেই আমাদের সর্তকতা অবলম্বন করেছিলাম।
আমরা তো আমাদের ব্যাপারে সতর্কতা গ্রহণ করেছিলাম– এ তরজমা সুন্দর নয়।
আমরা তো আগেই আমাদের প্রস্তুতি নিয়ে রেখেছিলাম– এ তরজমা গ্রহণযোগ্য।

(চ) يعذبكم الله এবং يصيبكم الله بعذاب বাক্যদু'টি একই মর্ম বহন করে না। দ্বিতীয়টিতে অর্থের ভিন্ন একটি মাত্রা রয়েছে। তরজমায় সেটার প্রকাশ ঘটা উচিত। আল্লাহ তোমাদেরকে আযাব দ্বারা পাকড়াও করবেন– এ তরজমায় সেই ভিন্ন মাত্রাটুকু রক্ষিত হয়েছে। সুতরাং 'আল্লাহ তোমাদেরকে আযাব দেবেন' এ তরজমা বিশুদ্ধ নয়।

أسئلة :

١ - اشرح معاني قَلَّبَ .

٢ - ما إعراب قوله : من عنده ؟

٣ - أعرب قوله : طوعًا أو كرهًا .

٤ - علام يعود الضمير المستتر في : لن يتقبل ؟

٥ - تسؤهم তারা পীড়িত হয়- এ তরজমা সম্পর্কে মন্তব্য করো

٦ - يصيبكم الله بعذاب এর তরজমা পর্যালোচনা করো

(٨) وَ منهم الذين يُؤذونَ النبيَّ و يقولون هو أُذُنٌ، (١) قل أُذُنُ خيرٍ لكم يؤمِن باللّٰه و يؤمِنُ للمؤمنين و رَحْمَةٌ للذين اٰمَنوا مِنكم، و الذين يُؤذون رَسولَ اللّٰه لهم عَذابٌ اليم * يَحلِفُون بالله لكم لِيُرضوكم، وَ الله و رَسوله اَحقُّ ان يُرضوه اِن كانوا مؤمنين * اَلَمْ يعلَموا اَنَّه مَن يُحادِدِ اللّٰه و رَسُولَه فَاَنَّ له نارَ جهنم خالدًا فيها ، ذلك الخِزْيُ العظيم * يحذَر المنٰفقون اَنْ تنزَّلَ عليهم سُورة تنبِّئُهم بما في قلوبهم، قُلِ استهزِءوا ، اِن اللّٰه مُخرج ما تحذَرون * و لَئِنْ سَألتَهم لَيقولُنَّ إنما كنا نَخوض و نلعَبُ، قُلْ اَ بِاللّٰه و اٰيٰتِه و رَسوله كنتم تَستهزِءون * لا تَعتذروا قَد كفرتُم بعدَ اِيمانكم، اِن نعفُ عَنْ طائفَةٍ منكم نُعذِّبْ طائفةً بانهم كانوا مجرمين *

بيان اللغة

أذن : عُضْوُ السَّماعِ، مونثة، و الجمع : آذان .

و رَجلٌ أذنٌ : مَن يسمَع مَقالَ كلِّ أحدٍ، أو مَن يُصدِّق كلَّ ما

---

١ - و المعنى : يقول المنافقون : هو يُصَدق بكل خبرٍ يسمَعه، و رَدَّ الله عليهم : هو أذنُ خيرٍ لكم، لا أذنُ شرٍّ، يسمَع الخيرَ فيعمَل به، و لا يعمَل بالشرِّ حينما يسمَعه .

يسمَع و يقبَل قولَ كل أحدٍ · يستَوي فيه الواحد و الجمع ·

خِزيٌ : الهَوان و الذُّل লাঞ্ছনা, অপদস্থতা

خَزِيَ (س، خَزًى، و خِزْيَةً) ذل و هان ·

خَزى فلانًا (ض، خِزْياً) أوقَعه في الخِزْيِ ·

أخزاه : أوقَعه في الخزي

حَادَّه : عادَاه و غاضَبه

نخوض (نَهْزِل কৌতুক করছিলাম)

و أصل الخوض النزول في الماء، ثم استعمل في الأمور و الكلام ·

خاضَ في أمرٍ : اشتغَل به لَهْوًا و بِلاغَرضٍ طيِّبٍ

بيان الإعراب

و منهم الذين يؤذون النبي : الموصول مبتدأ مؤخر، و منهم متعلق بمحذوف، و هو خبر مقدم · و يقولون معطوف على يؤذون ·

أذنٌ خيرٍ لكم : (أي هو أذنٌ خيرٍ نافِعٌ لكم) المبتدأ محذوف، و أذن منعوت و (نافع) لكم نعت مرفوع · (١)

يؤمن للمؤمنين : تَعدَّى الفعل باللام لتضَمُّنه معنى الانقياد ·

و قال أهل اللغة : الإيمان المقابِل للكُفرِ يُعدَّى بالباء، و الإيمان بمعنى التصديق يُعدَّى باللام لِلتفرِقَة بينَهما، و إن كان حقُّه أن يُعدَّى بِنَفسِه كالتصديقِ ·

وقد جاء في القرآن : و ما أنت بمؤمن لنا ·

و جاء أيضا : أ فتطمَعون أن يؤمنوا لكم ·

و رحمة : معطوفة على أذنٌ، و للذين متعلق بـ : رحمة ·

و الله و رسوله أحق : الواو للحال · و لفظ الجلالة مبتدأ و رسوله معطوف على المبتدأ · و أحق خبر، و المصدر المؤول في محل جر بالباء المقدرة، أي : أحق بأن يرضوه ·

و وحّد الضمير، لأنه لا فرق بين إرضاء الله و إضاء رسوله، فإرضاء الله إرضاء لرسوله ·

ألم يعلموا أنـه من يحـادد الله و رسـوله : الهاء ضمير الشـأن، اسم أن و من اسم شـرط جازم، و يحـادد شـرط مجزوم، و الجملة الشـرطية خـبر أن و هذا المصدر المؤول مفعول لم يعلموا ٠

فأن له نار جهـنم : الفـاء رابطـة لجواب الشرط، و المصـدر المؤول في محل رفـع خبر لمبتـدأ محذوف، أو هو مبتـدأ و الخبر محذوف ٠

و أصـل العـبارة في الوجه الأول : فأمره كون نار جهـنم له ٠

و في الوجه الثاني : فكـون نار جهنم له أمر حق ٠

ذلك الخزي العظيم : ذلك مبتـدأ، و الإشـارة إلى العـذاب، و الخـزي خـبر ٠

يحـذر المنـفـقون أن تـنزل عليهم ... : المصدر المؤول مفعول به لـ : يحـذر، و الفـعل يحـذَر لازم عـند المُبَرِّد ، فـالمصـدر المـؤول مـجـرور بـ : مِنِ المقـدَّرةِ، أي : يحـذر المنافـقون مِنْ أن تنَزَّلَ عليـهم ٠

و ضـمـيـر الجـمع الأول و الثـاني يعـود إلى المؤمنين، و الثـالث إلى المنافقـين ٠

التـرجـمة

তাদের মাঝে রয়েছে তারা যারা কষ্ট দেয় নবীকে এবং বলে, তিনি তো 'কান-পড়া' (যা কানে পড়ে তাই বিশ্বাস করেন)। আপনি বলুন, (কিন্তু তিনি) তোমাদের জন্য 'কল্যাণ-কর্ণ'।[১] তিনি ঈমান রাখেন আল্লাহর প্রতি এবং বিশ্বাস রাখেন মুমিনদের প্রতি। আর (তিনি) রহমত তোমাদের মধ্য হতে তাদের জন্য যারা ঈমান এনেছে। আর যারা কষ্ট দেয় আল্লাহর রাসূলকে তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক আযাব।

তারা শপথ করে আল্লাহর নামে তোমাদের কাছে, তোমাদেরকে খুশী করার জন্য, অথচ আল্লাহ এবং তাঁর রাসূল অধিক হকদার (এ বিষয়ে) যে, তারা তাঁকে সন্তুষ্ট করবে, যদি তারা হয়ে থাকে মুমিন।
তারা কি জানে না যে, যে ব্যক্তি বিরুদ্ধাচরণ করবে আল্লাহ ও তাঁর রাসূলের তার জন্য চিরকালের জাহান্নামী হওয়া অবধারিত। সেটাই চরম লাঞ্ছনা।

মুনাফিকরা আশংকা করে যে, মুমিনদের উপর না আবার নাযিল

১. তোমাদের কল্যাণের কথাই শুধু শোনেন।

করা হয় কোন সূরা, যা জানিয়ে দেবে তাদেরকে মুনাফিকদের মনের কথা।

আপনি বলুন, করতে থাকো তোমরা উপহাস, আল্লাহ অবশ্যই প্রকাশ করে ছাড়বেন যা তোমরা আশংকা করো।

আর যদি আপনি জিজ্ঞাসা করেন তাদেরকে (উপহাসের কারণ) তাহলে অতি অবশ্যই তারা বলবে, আমরা তো শুধু 'কথারকথা' বলছিলাম এবং খেলা করছিলাম।

আপনি বলুন, তোমরা কি উপহাস করছিলে আল্লাহর (সাথে) এবং তাঁর আয়াতের (সাথে) এবং তাঁর রাসূলের সাথে! (এখন আর) তোমরা ওযর পেশ করো না। তোমরা তো তোমাদের ঈমান আনার (দাবী করার) পরে কুফুরি করেছো।

যদি মাফ করেও দেই তোমাদের একদলকে (তাওবা করার কারণে) তবু অবশ্যই আযাব দেবো একটি দলকে, এ কারণে যে তারা অপরাধী ছিলো।

ملاحظات حول الترجمة

(ক) يؤذون النبي (কষ্ট দেয় নবীকে) এটি থানবী (রহ)-এর তরজমা। শায়খুলহিন্দ (রহ) লিখেছেন, নবীকে খারাপ কথা বলে।

থানবী (রহ) শাব্দিক তরজমা করেছেন। আর শায়খুলহিন্দ (রহ) ঘটনাভিত্তিক তরজমা করেছেন। অর্থাৎ আলোচ্য ঘটনায় যেহেতু মুনাফিকদের কষ্ট দেয়ার ছুরত ছিলো অশোভন কথা বলা, তাই তিনি কষ্টদানের স্বরূপ উল্লেখপূর্বক তরজমা করেছেন।

উভয় তরজমার সমন্বয় হতে পারে এভাবে- তাদের মাঝে রয়েছে তারা যারা কষ্ট দেয় নবীকে (খারাপ কথা বলে)।

(খ) هو أذن (তিনি তো কানপড়া) শায়খুলহিন্দ (রহ) লিখেছেন, 'তিনি তো কান'। এটি শাব্দিক তরজমা, যা দ্বারা এখানে মর্ম উদ্ধার হচ্ছে না।

থানবী (রহ) লিখেছেন, তিনি তো সব কথাই কান পেতে শোনেন- এটি ব্যাখ্যামূলক বা সম্প্রসারিত তরজমা।

কিতাবে ভাবতরজমা করা হয়েছে, আর ব্যাখ্যা বন্ধনীতে আনা হয়েছে।

(গ) أذن خير لكم (তিনি তো তোমাদের জন্য কল্যাণ-কর্ণ) থানবী (রহ) লিখেছেন, তিনি তো কান পেতে ঐ কথাই শোনেন, যা তোমাদের জন্য কল্যাণকর।
এটি ব্যাখ্যামূলক তরজমা। কিতাবে শাব্দিক তরজমা করে ব্যাখ্যা আনা হয়েছে বন্ধনীতে।

(ঘ) ঈমান রাখেন- বিশ্বাস রাখেন। (উভয় স্থানে يؤمن এর অর্থ-পার্থক্য নির্দেশ করার জন্য এভাবে তরজমা করা হয়েছে। অর্থাৎ পারিভাষিক অর্থের ক্ষেত্রে ঈমান, আর আভিধানিক অর্থের ক্ষেত্রে বিশ্বাস ব্যবহার করা হয়েছে। এটি থানবী (রহ)-এর তরজমা।
শায়খুলহিন্দ (রহ) লিখেছেন, یقین رکھتا ھے اللہ پر (আল্লাহর উপর বিশ্বাস রাখেন।
یقین کرتا ھے مسلمانوں کی بات (মুসলমানদের কথা বিশ্বাস করেন) তিনি উভয় স্থানে یقین (বিশ্বাস) ব্যবহার করেছেন। আর অর্থ-পার্থক্য নির্দেশ করেছেন رکھتا ھے (রাখেন) এবং کرتا ھے (করেন) দ্বারা। 'কথা' শব্দটি তিনি যোগ করেছেন শুধু মর্ম স্পষ্ট করার জন্য।

(ঙ) أن له نار جهنم (তার জন্য জাহান্নামী হওয়া অবধারিত) এটি ব্যাকরণভিত্তিক তরজমা। (প্রথমে বর্ণিত তারকীব অনুযায়ী) خالدا فيها এর তরজমাটি অবশ্য ব্যাকরণভিত্তিক নয়। ব্যাকরণভিত্তিক তরজমা এমন হবে- এমন অবস্থায় যে, সে তাতে চিরস্থায়ী (হবে)।
এ ক্ষেত্রে সরলায়নের জন্য মূল তারকীব থেকে সরে আসা হয়েছে।

(চ) أن تنزل عليهم থানবী (রহ) যামীরের পরিবর্তে প্রত্যক্ষ শব্দ ব্যবহার করেছেন, ফলে বক্তব্য স্পষ্ট হয়েছে। অন্যথায় বক্তব্য অস্পষ্ট থেকে যাবে।
'না আবার নাযিল করা হয় কোন সুরা' এ তরজমা করা হয়েছে শংকার ভাব প্রকাশ করার জন্য।
সাধারণ তরজমা হচ্ছে, মুনাফিকরা আশংকা করে যে, মুমিনদের উপর কোন সূরা নাযিল করা হবে ......

(ছ) استهزؤوا - এতে ধমকের ভাব রয়েছে, আর তা পরিস্ফুট হয় নীচের দ্বিতীয় তরজমায়।

(ক) তোমরা উপহাস করতে থাকো।
(খ) করতে থাকো তোমরা উপহাস।

(জ) أن تنزل عليهم سورة শায়খায়ন তরজমা করেছেন- 'তাদের উপর কোন সূরা না নাযেল হয়ে যায়'
মূল থেকে এই ভিন্নতা অনিবার্য নয়, বরং এখানে মূলানুগতাই উত্তম।

أسئلة :

١ - اشرح كلمةَ أذنٍ.
٢ - أعرب قوله : أذنُ خيرٍ لكم
٣ - علام عطف قوله رحمةٌ ؟
٤ - أعرب قوله : ما تحذَرون .
٥ - يؤذون النبي এর তরজমা পর্যালোচনা করো
٦ - هو أذن এর তরজমা পর্যালোচনা করো

(٩) يٰاَيها النبيُّ جاهِد الكفار و المنٰفقين و اغلُظ عليهم، و مَاْوٰهم جهنم، و بِئسَ المصير * يحلِفون بالله ما قالوا، و لَقد قالوا كلِمةَ الكُفر و كفَروا بعدَ اِسلامهم و هَمُّوا بما لم يَنالوا، و ما نقَموا اِلَّآ ان اَغْنٰهم اللّٰه و رسوله من فَضلِه، فان يتوبوا يَكُ خيرًا لهم، و اِن يتولَّوا يُعذِّبْهم الله عذابًا اليما في الدنيا و الاٰخِرة، و ما لهم في الارض مِن وَليٍّ و لا نَصير * و مِنهم مَن عٰهَدَ الله لَئِن اٰتٰنا من فضلِه لَنصَّدَّقَنَّ و لَنكونَنَّ مِنَ الصّٰلحين * فَلمَّا اٰتٰهم من فَضلِه بَخِلوا به و تَولَّوا و هم مُعرِضون *

بيان اللغة

غَلُظَ (ك، غِلَظًا و غِلْظَةً) خلافُ رَقَّ أو لانَ মোটা হলো, কঠিন, গাঢ় হলো।

غَلُظَ الخُلُق/الطَّبْعُ : خَشُنَ — চরিত্র বা স্বভাব রুক্ষ হলো
غَلُظَ عليه : اِشتدَّ عليه — তার প্রতি কঠোর হলো
أغلَظَ له في القَولِ : اشتد عليه فيه

ما نَقَموا (ما أنكروا و ما كرِهوا)
نَقِم منه (ض، نَقْمًا) انتَقَم منه، عاقَبَه
نَقَمَ شيئًا : أنكَره و عابَه و كرِهه

بيان الإعراب

ما قالوا : ما نافية، و الجملة جواب القسَم الذي يدل عليه الكلام السابق .

هموا بما لم ينالوا : ما نكرة موصوفة، أي أرادوا شيئا لم ينجحوا فيه، و هو قتل النبي صلى الله عليه وسلم .

أن أغناهم الله : المصدر المؤول مفعول به لـ : نقموا، من فضله : يتعلق بـ : أغنى، و مِن سببية .

يَكُ : اسم هذا الناقص يعود إلى مصدرِ يتوبوا، أي : المتَابُ .

من فضله : يتعلق بـ : آتا . و من تبعيضية .

الترجمة

হে নবী, আপনি জিহাদ করুন কাফির ও মুনাফিকদের বিরুদ্ধে এবং কঠোর হোন তাদের প্রতি। আর তাদের ঠিকানা হলো জাহান্নাম, আর তা কত না নিকৃষ্ট প্রত্যাবর্তনস্থল।

তারা কসম করে আল্লাহর নামে (যে,) তারা (অমুক কথা) বলেনি, অথচ অতিঅবশ্যই তারা বলেছে কুফুরের কথা। আর তারা কুফুরি গ্রহণ করেছে তাদের (বাহ্যিক) ইসলাম গ্রহণের পরও। আর তারা ইচ্ছা করেছিলো এমন কিছুর যা তারা লাভ করতে পারেনি। আসলে তারা শুধু এরই বদলা নিয়েছে যে, আল্লাহ ও তাঁর রাসূল তাদেরকে প্রাচুর্য দান করেছিলেন আপন অনুগ্রহবশত।

তো যদি তারা তাওবা করে তাহলে তা কল্যাণকর হবে তাদের জন্য, আর যদি তারা ফিরে যায় তাহলে আযাব দেবেন তাদেরকে আল্লাহ যন্ত্রণাদায়ক আযাব, দুনিয়াতে এবং আখেরাতে। আর পৃথিবীতে তাদের না আছে কোন বন্ধু, না আছে সাহায্যকারী।

আর তাদের মাঝে রয়েছে (ঐ ব্যক্তি) যে প্রতিজ্ঞা করেছিলো

আল্লাহর নামে যে, যদি আমাকে দান করেন আল্লাহ তাঁর কিঞ্চিৎ অনুগ্রহ তাহলে অতিঅবশ্যই আমি ছাদাকা করবো এবং অতিঅবশ্যই সৎলোকদের অন্তর্ভুক্ত হয়ে যাবো। অনন্তর যখন আল্লাহ দান করলেন তাকে আপন অনুগ্রহ হতে, তখন সে কৃপণতা করলো সেই দান নিয়ে এবং একেবারেই ফিরে গেলো (আনুগত্য থেকে)।

ملاحظات حول الترجمة

(ক) مأوى এবং مصير উভয়টির অর্থ শায়খুলহিন্দ (রহ) করেছেন, ঠিকানা। মূলের শব্দভিন্নতা তরজমায় রক্ষিত হয়নি। থানবী (রহ) مأوى এর অর্থ করেছেন, ঠিকানা, আর مصير এর অর্থ করেছেন, স্থান।
উভয়ের শাব্দিক অর্থ যথাক্রমে আশ্রয়স্থল এবং প্রত্যাবর্তনস্থান

(খ) و ما نقموا إلا (আর তারা শুধু এরই বদলা নিয়েছে যে,) 'বদলা' - এর পরিবর্তে 'শোধ' ব্যবহার করা যায়। আর এ তরজমাও হতে পারে, আর তারা শুধু এটাই অপছন্দ করেছে যে,

(গ) و منهم من عاهد الله আয়াতটি নাযিল হয়েছে ثعلبة নামক এক মুনাফিককে কেন্দ্র করে। তো শানে নুযূলের দিক থেকে একবচনে তরজমা করা যায়; বিশেষত ছিলাহ-বাক্য যখন মুফরাদ আনা হয়েছে। তবে বিষয়বস্তু যেহেতু অনেকের ক্ষেত্রে প্রযোজ্য সেহেতু বক্তব্যটি আয়াতে বহুবচনযোগে এসেছে। এ হিসাবে তরজমায়ও বহুবচন ব্যবহার করা যায়। তখন عاهد এর তরজমায় পরিবর্তন আনতে হবে। অর্থাৎ উভয় ছূরতেই তরজমার ক্ষেত্রে দু' জায়গার এক জায়গায় পরিবর্তন আনতে হবে-
অবশ্য পূর্ণ শাব্দিকতা অনুসরণ করে একবচন ও বহুবচন যোগেও তরজমা করা যাবে।

(ঘ) لئن اتانا من فضله (যদি আল্লাহ আমাকে দান করেন তার করুণা হতে) অর্থাৎ তাঁর কিছু করুণা।
এ ক্ষেত্রে من অব্যয়টি হবে আংশিকতাজ্ঞাপক। এটি শায়খুলহিন্দ (রহ) এর তরজমা। থানবী (রহ) বলেন, من অব্যয়টি হেতুবাচক, আর آتانا এর مفعول به উহ্য রয়েছে এবং

পূর্বাপর থেকে বোঝা যায় যে, সেটা হবে مالا كثيرا - সুতরাং তরজমা হবে, 'যদি তিনি আপন অনুগ্রহবশত আমাদেরকে প্রচুর সম্পদ দান করেন।

কিংবা من অব্যয়টি অতিরিক্ত, আর فضل হচ্ছে অর্থগতভাবে مفعول به যার অর্থ প্রচুর সম্পদ, বা প্রাচুর্য। সুতরাং তরজমা হবে, যদি তিনি আমাদেরকে প্রাচুর্য দান করেন।

أسئلة :

١ - اشرح كلمةَ غَلَّظَ .

٢ - أعرب قوله : بما لم ينالوا .

٣ - يك : اشرح الكلمة صرفًا و نحوًا

٤ - أعرب قوله : عذابا أليما .

٥ - مصير ও مأوى উভয়ের প্রতিশব্দ ঠিকানা ব্যবহার করার ক্ষেত্রে তরজমার ত্রুটি কী তা আলোচনা করো।

٦ - و ما نقموا إلا এর তরজমা আলোচনা করো

(١) وَ السّٰبِقون الأوَّلون مِنَ المُهٰجِرين وَ الانصار وَ الذين اتَّبَعوهم بِاحسانٍ، رَضِي الله عَنهم و رَضُوا عنه و اَعَدَّ لهم جنّٰتٍ تجري تحتَها الانهٰر خٰلدين فيها اَبَدًا ، ذلك الفوز العظيم * و ممن حولَكم مِنَ الأعراب منٰفِقون، وَ مِن أهل المدينَة، مَرَدوا على النِّفاق، لا تعلَمهم، نحن نعلَمهم، سَنُعذبهم مرَّتين ثم يُرَدون الى عَذاب عظيم * و اٰخَرون اعترَفوا بِذُنوبِهم خلَطوا عَمَلًا صٰلحا و اٰخَرَ سَيِّئا ، عَسى الله ان يتوبَ عليهم، ان الله غفور رحيم *

بيان اللغة

السّٰبقون : (المتقدمون) سَبَقه إلى شيءٍ : تقدَّمه إليه (ض، سَبْقًا)
কোন কিছুর দিকে তাকে ছাড়িয়ে গেলো, তার চেয়ে অগ্রবর্তী হলো

سابَق إلى شَيءٍ (مسابقة و سِباقًا) : أسرَع إليه

قال تعالى : سابِقوا إلى مَغفرةٍ من ربكم .

سابَق فلانًا : باراه (مُباراةً) তার সাথে প্রতিযোগিতা করলো

تسابَقَ القومُ : سابَق بعضُهم بعضًا পরস্পর প্রতিযোগিতা করলো

استَبَقَ القومُ : تَسابقوا . استَبقَ الرجلان البابَ/إلى البابِ : تَبادَرا إليه একে অপরের আগে দরজায় পৌঁছতে চেষ্টা করলো

مَرَدَ على شيءٍ : استمر عليه কোন কিছু অব্যাহতভাবে করলো

مَرَد (ن، مُرودًا) عتا و عصٰى স্বেচ্ছাচারী হলো

خَلَط شيئًا بشيءٍ (ض، خَلْطًا) ضَمَّه إليه (وقد يُمكن التمييز بعدَ ذلك، كما في الحيوانات، أو لا يمكن، كما في المائعات)

خالَطه : مازجه و جالسه তার সাথে মিশলো, মেলামেশা করলো

اختلط شيء بشيء : انضم إليه মিশ্রিত হলো
اختلط عقلُه : فسد ·
خَليط : مُخالِط (للواحد و الجمع) و يطلَق على الشريك و الصاحب و الجار (ج) خُلَطاءُ

بيان الإعراب

السّٰبِقون : مبتدأ، و من المهاجرين و الأنصار متعلق بمحذوف حال من المبتدأ، و الذين معطوف على : السابقون، و جملة رضي الله عنهم خبر ·

و يجوز أن يكونَ الأولون خبرًا، و من المهاجرين حال من الخبر، أي : السابقون إلى الجنة هم الأولون كائنين من المهاجرين و الأنصار ·

و الموصول في هذا الوجه مبتدأ، و جملة رضي الله عنهم خبر ·

بإحسانٍ : حال من فاعلِ اتبعوا، بمعنى مُحسنين، أو هو متعلق بحال محذوفة، أي : متَلبسين بإحسانٍ ·

و ممن حولَكم من الإعراب منافقون : منافقون مبتدأ مؤخر، و ممن حولكم متعلق بمحذوف خبر مقدم، كأنه قيل : المنافقون معدودون ممن حولَكم، و من الأعراب متعلق بمحذوف حال من الموصول، أي : المنافقون معدودون ممن اجتمَع حولكم كائِنين من الأعراب ·

و من أهل المدينة : معطوف على : ممن حولكم، فهو داخل في حكم الخبر، كأنه قيل : المنافقون من قومٍ اجتمَعوا حولَكم و من أهل المدينة ·

و على هذا الوجهِ تكون جملة مَردوا مستأنفَة · و يجوز أن يكونَ الكلام تامًّا عندَ قوله : منافقون، فيكون قوله من أهل المدينة خبرًا مقدَّما، و المبتدأ بعدَه محذوف، و جملة مَرَدوا صفة للمبتدأ المحذوف، و قامت صفتُه مقامَه، أي : و من أهل المدينة قوم مَرَدوا على النفاق ·

مرتين : نائب عن المفعول المطلق، أي : نُعَذبهم عَذابين، و قال البعض :

هو ظرف، أي : نُعذبهم وقتَين، أي : قبلَ الموت في الدنيا، و عندَ الموت .

و آخرون : مبتدأ، و جملة اعترَفوا بذنوبهم صفته، و جملة خلَطوا خبره، وعملًا صالحا مفعول به لـ : خلَطوا، و آخَرَ سيئًا معطوف على : عملا صالحا .

و جاز أن تقول : خلطتُ الحنطةَ الشعيرَ، و بالشعيرِ .

و المعنى على الوجه الأول : خلطتُ كلَّ واحدٍ منهما بالآخَر، كما تقول : خلطتُ الماءَ اللبنَ، فمعناه : خلطت الماءَ باللبنِ و اللبنَ بالماءِ . و إذا قلتَ بالباء : خلطت الماء باللبن، فقد جعلت الماء مخلوطا و اللبن مخلوطا به، ففي الكلام الأول معنى زائد .

الترجمة

আর মুহাজির ও আনছারদের মধ্য হতে যারা প্রথম (ও) অগ্রগামী এবং যারা অনুসরণ করেছে তাদের নিষ্ঠার সাথে, আল্লাহ সন্তুষ্ট হয়েছেন তাদের প্রতি এবং তারা সন্তুষ্ট হয়েছে আল্লাহর প্রতি। আর আল্লাহ তাদের জন্য এমন বাগবাগিচা প্রস্তুত করে রেখেছেন যার তলদেশ দিয়ে প্রবাহিত হয় নহরসমূহ। তারা থাকবে সেখানে হামেশা, হামেশা কাল। সেটাই মহাসফলতা।

আর তোমাদের চারপাশে গ্রাম্যদের মধ্য হতে কিছু মুনাফিক রয়েছে, এবং মদীনাবাসীদের মধ্য হতে। তারা অবিচল রয়েছে নিফাকের উপর। আপনি জানেন না তাদেরকে; আমি জানি তাদেরকে। অবশ্যই আযাব দেবো আমি তাদেরকে দু'বার। তারপর ফেরানো হবে তাদেরকে বিরাট আযাবের দিকে।

এবং (তাদের মধ্য হতে রয়েছে) আরো কিছু লোক, যারা স্বীকার করে নিয়েছে তাদের পাপসমূহ, যারা মিশিয়ে ফেলেছে কিছু নেক আমল এবং মন্দ আমল। আশা হয়, আল্লাহ অনুগ্রহ করবেন তাদেরকে, নিঃসন্দেহে আল্লাহ মহাক্ষমাশীল, চিরদয়ালু।

ملاحظات حول الترجمة

(ক) السابقون الأولون من المهاجرين و الأنصار (আর মুহাজির ও আনছারদের মধ্য হতে যারা প্রথম [ও] অগ্রগামী) থানবী

(রহ) লিখেছেন, 'যে সকল মুহাজির ও আনছার পূর্ববর্তী ও অগ্রগামী।'

এখানে তিনি نعت ও منعوت কে معطوف ও معطوف عليه এর তারকীবে তরজমা করেছেন, আর من البيانية কে এড়িয়ে গেছেন। মূলের তারকীবকে অক্ষুণ্ন রাখার জন্য, সেই সঙ্গে তরজমাকে সহজ ও সাবলীল করার জন্য কিতাবের তরজমায় 'ও'-কে বন্ধনীতে আনা হয়েছে। শায়খুলহিন্দ (রহ) তরজমা করেছেন–

جو لوگ قدیم ہیں سب سے پہلے ہجرت کرنے والے اور ...

যারা প্রাচীন, সর্বপ্রথম হিজরতকারী এবং .....

এ তরজমায় মনে হতে পারে যে, 'সর্বপ্রথম' হচ্ছে হিজরত করার ظرف সুতরাং এ তরজমা মূলতারকীবানুগও নয় এবং যথাযোগ্যও নয়।

(খ) و ممن حولكم من الأعراب منافقون (আর তোমাদের চারপাশে গ্রাম্যদের মধ্য হতে কিছু মুনাফিক রয়েছে এবং মদীনাবাসীদের মধ্য হতে)– থানবী (রহ) তরজমা করেছেন– 'আর কিছু তোমাদের আশপাশের লোকদের মাঝে এবং কিছু মদীনাবাসীদের মাঝে এমন মুনাফিক রয়েছে যারা নিফাকের চূড়ান্ত সীমায় পৌঁছে আছে'।

এখানে হয়ত من الأعراب এর তরজমা ছুটে গিয়েছে, অথবা حولكم (তোমাদের আশপাশের) এর তরজমা দ্বারাই তিনি একই সঙ্গে من الأعرابও বুঝিয়েছেন।

و من أهل المدينة অংশটি যেহেতু و ممن حولكم এর উপর معطوف সেহেতু এটিকে তিনি অগ্রবর্তী করে তরজমা করেছেন। আর ... مردوا কে منافقون এর صفة ধরেছেন।

এই তারকীবের স্বপক্ষে তিনি বায়যাবীর হাওয়ালা দিয়েছেন।

'কিছু' শব্দটি যেহেতু 'মুনাফিক'-এর বহুবচনজ্ঞাপক সেহেতু এটিকে মুনাফিক এর সংলগ্ন পূর্বে আনা ভালো। তখন 'কিছু' শব্দটিকে একবার ব্যবহার করাই যথেষ্ট হবে।

একটি বাংলা তরজমায় আছে, আর কিছু তোমার আশ-পাশের মুনাফিক .....

সম্ভবত উর্দূকে অনুসরণ করে 'তোমার' তরজমা করা হয়েছে। এবং تمہارے কে একবচনের যমীর মনে করে ধরে নেয়া হয়েছে

যে, এটি নবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রতি সম্বোধন।

(গ) مردوا على النفاق এর তরজমায় থানবী (রহ) চূড়ান্ততার দিকটি সামনে এনেছেন, আর শায়খুলহিন্দ (রহ) অব্যাহততার দিকটি সামনে এনেছেন। مردوا এর অর্থে অবশ্য দু'টো দিকই রয়েছে।

একটি বাংলা তরজমায় আছে- 'তারা কপটতায় সিদ্ধ', এ তরজমা ঠিক হলেও সঠিক নয়।

(ঘ) يردون إلى عذاب عظيم (ফেরানো হবে তাদেরকে বিরাট আযাবের দিকে) এটি শব্দানুগ তরজমা। থানবী (রহ) লিখেছেন 'পাঠানো হবে'। শায়খুলহিন্দ (রহ) লিখেছেন, 'প্রত্যাবর্তন করানো হবে'।

একটি বাংলা তরজমায় আছে, 'নিয়ে যাওয়া হবে'।

এগুলো গ্রহণযোগ্য হলেও শব্দানুগ তরজমা নয়।

(ঙ) عسى الله أن يتوب عليهم (আশা হয়, আল্লাহ অনুগ্রহ করবেন তাদের প্রতি) শায়খুলহিন্দ (রহ) এর তরজমা- অচীরেই আল্লাহ মাফ করে দেবেন তাদেরকে।

থানবী (রহ) এর তরজমা- আল্লাহর কাছে আশা আছে, তিনি তাদের প্রতি খেয়াল করবেন।

শায়খুলহিন্দ (রহ) عسى কে فعل المقاربة ধরেছেন, আর থানবী (রহ) فعل الرجاء ধরেছেন।

تاب عليه এর মূল তরজমা হলো, তিনি তার তাওবা কবুল করেছেন / তার প্রতি অনুগ্রহ করেছেন। অন্যান্যগুলো হচ্ছে ভাবতরজমা।

أسئلة :

١ - اشرح كلمة خَلَطَ .

٢ - ما هو خبر السابقون ؟

٣ - أعرب قوله : باحسان .

٤ - في أي محل من الإعراب وقعت جملة مردوا على النفاق ؟

٥ - السابقون الأولون من المهاجرين এখানে শায়খায়নের তরজমা দু'টি পর্যালোচনা করো।

٦ - مردوا على النفاق এর তরজমা পর্যালোচনা করো

(٢) لَقَد تاب اللّٰه على النبيِّ و المهٰجرين و الانصار الذين اتّبعوه في ساعَةِ العُسرَة من بعدِ ما كاد يَزيغ قلوبُ فريق منهم ثم تاب عليهم، إنه بهم رَءوف رحيم * و على الثلٰثة الذين خُلّفوا، حتى إذا ضاقَت عليهم الارضُ بما رَحُبت وضاقت عليهم انفسُهم وظنوا اَن لّا مَلجَأ مِن الله إلّا اليه، ثم تاب عليهم لِيتوبوا، إن الله هو التواب الرحيم * يٰايها الذين اٰمَنوا اتقوا اللّٰهَ و كونوا مَعَ الصّٰدقين * ما كان لِاَهلِ المدينة و مَن حَولهم مِنَ الاعراب اَن يتخلّفوا عَن رسول الله و لا يرغَبوا بِاَنفُسِهِم عن نَفسِه، ذلك بِاَنهم لا يُصيبهم ظَمَأٌ و لا نَصَبٌ و لا مَخمَصة في سبيل الله و لا يَطَئون مَوطِئًا يَغيظُ الكفار و لا ينالون مِن عَدوٍّ نيلا إلا كُتِب لهم به عَمَلٌ صالح، إن الله لا يُضيع اَجرَ المحسنين * و لا يُنفِقون نفَقَةً صغيرة و لا كبيرة و لا يقطَعون وَاديًا إلا كتب لهم لِيَجزِيَهم الله أحسنَ ما كانوا يعملون *

بيان اللغة

عُسرَة : شِدَّة، ضِيقُ ذاتِ اليد — কঠিনতা, অসচ্ছলতা

العُسرٰى : الأمر الصعب الشديد

عَسِر الأمرُ و الزمان (س، عَسَرًا) صعُب و اشتد، فهو عَسِرٌ

عَسُر الأمرُ، فهو عَسير (ك، عُسرا) = عَسِر

العُسْر : ضد اليُسْرِ

تعاسَرتم : تعاملتم بالعُسْر و الشدة حيث يَرُدُّ كل منهم طلَبَ الآخر — তোমরা পরস্পরের প্রতি অনমনীয়তা প্রদর্শন করেছো

خَلَّف فلانًا : أخّره، جعله خلفَه، جعله خليفَته .

تَخلَّف : مُطاوِعُ خَلَّف
تخلَّف القومَ : جاوَزهم و تركهم خَلْفَه
تخلف عن الحرب/عن القوم : لم يكن فيها/لم يكن معهم
ظَمَأ : عَطَش . نصب : عَناءٌ و تَعَب ক্লান্তি শ্রান্তি, কষ্ট-ক্লেশ
مَخْمَصة : مَجاعة
وَطِئَ شيئًا (يَطَؤُه، وَطْئًا) داسَه (ن، دَوْسًا، دِياسَةً) পায়ে মাড়াল
مَوطِئٌ : موضع القَدَمِ .
واديا : الوادي أرض فسيحة بينَ جبال و آكام ينحَدِر إليه مياه السَّيْل، و هو في الأصل " فاعل " من وَدِيَ، أي سال، و قد شاعَ استعمال العرَبِ بمعنى الأرضِ وهو المراد هنا و الجمع أودية .

بيان الإعراب

على النبي : متعلق بـ : تاب، و ذِكْرُ النبي المعصوم معهم لِحَثِّ المؤمنين على التوبَةِ، و تَشريفِ المهاجرين و الأنصار بِضَمِّ توبتِهم إلى توبةِ النبي صلى الله عليه وسلم .

من بعد ما كاد يَزيغ قلوب فريقٍ منهم : من بَعدِ متعلق بـ : اتَّبعوا، و قال البعضُ : إنه متعلق بـ : تاب .

ما حرف مصدر، وكاد فعل القرب، و اسمه ضمير الشأن .

و جملة يزيغ قلوب فريق منهم في محل نصب خبر كاد، و المصدر المؤول في محل جر مضاف إليه .

و يجوز أن يكون كاد فعلا تاما بمعنى قرب، فاعله مضمر، و هو القوم . و جملة يزيغ في محل نصب حال من فاعل كاد، و ضمير منهم عائد على الفاعل .

و على الثلاثة : معطوف على : على النبي، أو على : عليهم . أي : تاب على النبي و على الثلاثة، أو تاب عليهم و على الثلاثة .

حتى إذا ضاقت : حتى جرف جر و غاية، و إذا هنا لحكاية الحال، لا لِلمستقبَل، فهو ظرف مجرد من معنى الشرط بمعنى حينٍ، و المعنى : خُلِّفوا إلى هذا الوقتِ . و جملة تابَ عليهم معطوف

على ضاقت .

و يجوز أن يكون حتى حرفَ ابتداءٍ، و إذا زائدةً .

و يجوز أيضا أن يكون إذا ظرفًا يتضمَّن معنى الشرط، و جواب الشرط محذوف، أي : لجَؤوا إلى الله .

بما رحُبت : الباء للمصاحَبَة، و هي التي تكون بمعنى مع، (١) و ما مصدرية، أي مع رَحابَتها .

و ظنوا أن : الظن هنا بمعنى اليَقين، و أن مخففة من المثقلة، و اسمها ضمير شأنٍ محذوف و جملة ظنوا معطوفة على : ضاقت

ما كان لأهل المدينة و من حَولهم من الأعراب أن يتخَلفوا : المصدر المؤول اسم كان، و لأهل المدينة متعلق بخبر كان المحذوف .

و أصل العبارة : ما كان التخلُّف عن رسول الله جائزًا لأهل المدينة و لِمَنْ اجتَمَعوا حولهم كائنين من الأعراب .

و يجوز أن يكون كان تاما، فيتعلق به حرف الجر .

و لا يرغَبوا بأنفسهم : عطف على يتخلفوا، و الباء للتعدية، و المعنى : و لا يجعلوا أنفسَهم راغبَةً عنه .

ذلك بأنهم : ذلك مبتدأ، و الإشارة إلي الحكم السابق، و الباء سببية، تتعلق بالخبر المحذوف . أي : ذلك الحكم ثابت بسبب الأجرِ الآتي ذكرُه، و جملة لا يُصيبهم ظَمَأ ... خبر أن، و في سبيل الله متعلق بـ : يصيب

موطئا : إن كان مصدرا ميميا فهو مفعول مطلق، و إذا كان اسم ظرف فهو مفعول به، أي : لا يدوسون مكانا، و جملة يغيظ الكفار نعت لـ : موطئا .

عمل صالح : نائب فاعل لـ : كتب، و حذف نائب الفاعل في كتب الثاني لهذه القرينة .

إلا كتب لهم : إلا أداة حصر، و جملة كتب في موضع نصب على الحال،

---

(١) أو يجوز أن يَحُلَّ مَحَلَّها الحال، كما في قوله تعالى : و قد دخلوا بالكفر، أي : كافرين .

فالاستثناء مفرَّغ من عُموم الأحوال، أي : لا يفعَلون هذه الأفعال في حالٍ من الأحوال إلا حالَ كتابَةِ عملٍ صالح ·

لِيَجزِيَهم الله أحسنَ ما كانوا يعمَلون : مفعول به ثان لـ : يجزي، و الموصول أو المصدر المؤول في محل جر، مضاف إليه ·

و يجوز أن يكون أحسَنَ نائبًا عن المفعول المطلق. و ما كانوا يعملون في محل جر بحرف جر مقدر، أي : جزاءً أحسنَ مما كانوا يعملونه أو من عملهم ·

الترجمة

অতি অবশ্যই আল্লাহ কবুল করেছেন নবীর তাওবা এবং মুহাজিরদের এবং আনছারদের (তাওবা) যারা অনুসরণ করেছেন তাঁকে কঠিন সময়ে, তাদের মধ্য হতে একটি দলের অন্তর (যুদ্ধযাত্রা থেকে) ফিরে যাওয়ার উপক্রম হওয়ার পর। তারপর আল্লাহ্ কবুল করলেন তাদের তাওবা, নিঃসন্দেহে আল্লাহ তাদের প্রতি সুকোমল, চিরদয়ালু।

আর (তিনি তাওবা কবুল করলেন) ঐ তিনজনের, যাদেরকে পিছনে রাখা হয়েছিলো, এমন কি যখন ভূমি সংকীর্ণ হলো তাদের উপর, তা প্রশস্ত হওয়া সত্ত্বেও, এবং সংকীর্ণ হয়ে গেলো তাদের উপর তাদের প্রাণ এবং তারা নিশ্চিত হলো যে, আল্লাহর মোকাবেলায় কোন আশ্রয়স্থল নেই আল্লাহর দিকে ছাড়া (তখন তারা আল্লাহর আশ্রয় নিলো) তারপর আল্লাহ্ কবুল করলেন তাদের তাওবা, যাতে তারা তাওবার উপর স্থির থাকে। নিঃসন্দেহে তিনিই তাওবা কবুলকারী, চিরদয়ালু।

হে ঐ লোকেরা যারা ঈমান এনেছো, ভয় করো তোমরা আল্লাহকে এবং থাকো সত্যবাদীদের সঙ্গে।

মদীনাবাসীদের জন্য এবং তাদের আশপাশের গ্রাম্য লোকদের জন্য সঙ্গত নয় আল্লাহর রাসূল থেকে পিছিয়ে থাকা এবং নিজেদেরকে বিমুখ করে রাখা তাঁর সত্তা থেকে।

এ আদেশ এ কারণে যে, আল্লাহর রাস্তায় পিপাসা ও শ্রান্তি ও ক্ষুধা, যা কিছু তাদেরকে আক্রান্ত করবে এবং কাফিরদেরকে ক্রুদ্ধ করে এমন যে কোন স্থানে তারা পা রাখবে এবং শত্রুদের উপর যে কোন আঘাত হানবে তার বিনিময়ে তাদের জন্য লেখা হবে একটি নেক

আমল। নিঃসন্দেহে আল্লাহ নষ্ট করেন না 'নিবেদিত প্রাণ'দের প্রতিদান।

আর তারা ছোট ও বড় যা কিছু খরচ করবে এবং যত ভূমি তারা অতিক্রম করবে তা অবশ্যই তাদের অনুকূলে লেখা হবে, যাতে আল্লাহ তাদেরকে প্রতিদান দেন, যে আমল তারা করছিলো তার চেয়ে উত্তম প্রতিদান।

ملاحظات حول الترجمة

(ক) تاب على النبي (কবুল করেছেন নবীর তাওবা) تاب عليه এর এটিই হলো মূল অর্থ। তবে এ তরজমা প্রশ্নের কারণ হয়ে দাঁড়ায়, তাই শায়খায়ন এভাবে বাক্যটির ভাবতরজমা করেছেন–

অবশ্যই আল্লাহ্ অনুগ্রহ করেছেন নবীর উপর।

কিতাবে যে তরজমা করা হয়েছে তার ভিত্তি بيان الإعراب এ বয়ান করা হয়েছে।

(খ) من بعد ما كاد يزيغ قلوب فريق منهم (তাদের মধ্য হতে একটি দলের অন্তর [যুদ্ধযাত্রা হতে] ফিরে যাওয়ার উপক্রম হওয়ার পর)

زاغ القلب এর মূল অর্থ হলো, কলব হক থেকে বাতিলের দিকে ফিরে যাওয়া। এখানে উদ্দেশ্য হলো যুদ্ধযাত্রা থেকে ফিরে যাওয়া। বন্ধনীতে তা পরিষ্কার করা হয়েছে। এ তরজমা শায়খুলহিন্দ (রহ) এর।

থানবী (রহ) লিখেছেন– তাদের এক দলের অন্তর দ্বিধাগ্রস্ত হওয়ার উপক্রম করার পর।

একটি বাংলা তরজমায় 'চিত্তবৈকল্য দেখা দেয়া' ব্যবহার করা হয়েছে। এ দুটো হচ্ছে ভাবতরজমা।

বিকল্প তরজমা– এমন অবস্থার পর যে, তাদের একদলের অন্তর প্রায় ফিরে গিয়েছিলো।

(গ) و على الثلاثة আর (তিনি তাওবা কবুল করলেন) ঐ তিনজনের– ব্যাকরণের নিয়মে আতফ تكرار العامل দাবী করে। তাই বন্ধনীতে ফেয়েলকে পুনরুক্ত করা হয়েছে। معطوف ও معطوف এর মাঝে দূরত্বের কারণে এই পুনরুক্তি ছাড়া মর্ম স্পষ্ট হয় না।

(ঘ) خلفوا (যাদেরকে পিছনে রাখা হয়েছে) এটি শায়খুলহিন্দ (রহ) এর শাব্দিক তরজমা।

থানবী (রহ) ভাবতরজমা করেছেন এভাবে- যাদের বিষয়টি স্থগিত রাখা হয়েছে। তিনি বলেন, মূলত ছিলো এরকম- خلف أمرهم

(ঙ) ضاقت عليهم أنفسهم (সংকীর্ণ হয়ে গেলো তাদের প্রাণ তাদের উপর) এটি শায়খুলহিন্দ (রহ) এর শাব্দিক তরজমা।

থানবী (রহ) এর তরজমা- আর তারা নিজেরাও তাদের প্রাণ থেকে অতিষ্ঠ হয়ে পড়েছিলো।

আরেকটি তরজমা- তাদের জীবন তাদের জন্য দুর্বিসহ হয়ে পড়েছিলো।

এ দুটো হলো ভাবতরজমা, তবে দ্বিতীয়টি মূলের তারকীব অনুগামী।

(চ) لا ملجأ من الله إلا إليه (আল্লাহর মোকাবেলায় কোন আশ্রয়স্থল নেই আল্লাহর দিকে ছাড়া) একটি তরজমায় আছে- আল্লাহ ছাড়া তাদের কোন আশ্রয় নেই। এখানে إلا إليه এর ভাবতরজমা করা হয়েছে, তাতে আপত্তি নেই, কিন্তু من الله এর তরজমা বাদ পড়েছে, এটা আপত্তিকর।

وظنوا (আর তারা নিশ্চিত হলো) এর তরজমা কেউ কেউ করেছেন- তারা উপলব্ধি করলো/ বুঝতে পারলো/ বুঝে ফেললো।

ظن শব্দটি এখানে يقين এর অর্থে ব্যবহৃত হয়েছে, তাই কিতাবের তরজমা অগ্রাধিকারযোগ্য।

(ছ) أن يتخلفوا عن ... (আল্লাহর রাসূল থেকে পিছিয়ে থাকা) এখানে تخلف এর শাব্দিক তরজমা- তার থেকে পিছিয়ে থাকলো।

ভাবতরজমা- তার সঙ্গ দিলো না/তার সঙ্গ ত্যাগ করলো।

(জ) و لا يرغبوا بأنفسهم عن نفسه (এবং বিমুখ করে রাখা নিজেদেরকে তাঁর সত্তা থেকে) এ তরজমা হলো শব্দানুগ।

শায়খায়ন ভাবতরজমা করেছেন এভাবে- নিজেদের জীবনকে তাঁর জীবন থেকে প্রিয় মনে করা।

(ঝ) لا ينالون من عدو نيلا (শত্রুর উপর যে কোন আঘাত হানবে) এটি থানবী (রহ) এর তরজমা। তিনি نيلا কে مفعول

توكيد ও عموم ধরেছেন, যার উদ্দেশ্য হচ্ছে مطلق
ما يناله অর্থাৎ مفعول به কে نيلا (রহ) শায়খুলহিন্দ ধরেছেন।
الإنسان (মানুষ যা কিছু লাভ করে) তিনি লিখেছেন– শত্রু থেকে যা কিছু ছিনিয়ে নেবে।

أسئلة :

١ - اشرح عُسرَةً على حَدِّ عِلْمِك .
٢ - أعرب قوله : على الثلاثة .
٣ - أعرب قوله : حتى إذا ضاقت عليهم الأرض .
٤ - ما هو فاعل كاد إذا كان فعلا تاما ؟
٥ - خلفوا এর তরজমা পর্যালোচনা করো
٦ - لا ينالون من عدو نيلا এখানে শায়খায়নের তরজমাদুটির সূত্র বর্ণনা করো।

(٣) وَ ما كان المؤمنون لِيَنفِروا كافَّة، فَلو لا نَفَر مِنْ كلِّ فرقَةٍ منهم طائِفَةٌ لِيَتفَقَّهوا في الدين و لِيُنذروا قومَهم إذا رجَعوا إليهم لعلهم يحذَرون * يٰايها الذين اٰمَنوا قاتِلوا الذين يَلُونَكم مِنَ الكفار وليَجِدوا فيكم غِلْظَةً، و اعلموا اَنَّ الله مَعَ المتقين * و إذا ما اُنزلت سُورةٌ فمنهم مَن يقول اَيُّكم زادته هذه ايمانًا ، فاما الذين اٰمَنوا فزادتهم ايمانًا و هم يستَبشِرون * و اَما الذين في قلوبهم مَرَض فزادتهم رجسا إلى رجسهم و ماتوا و هم كٰفرون *

بيان اللغة

لينفروا : انظر ٣/ ١٠/ ٦
تَفَقَّه في الدين : تَعلَّم الدين و تَعمَّق فيه
تفقه الرجلُ : تعلم الفقهَ و صار فقيهًا
تفقه الأمرَ : أحسنَ إدراكَه

فَقَّهه : صَيَّره فقيهًا
فَقَّهه الأمرَ : أعلَمه إياه
اللهم فَقِّهه في الدين : ارزُقْه فهمًا عميقا في الدين
فَقِهَ الأمرَ (س، فِقْهاً) أحسن إدراكه
فقه (ك، فَقاهَةً) صار فقيها
الفِقْهُ : الفهم و الفِطْنَة . العلم بأحكام الشريعَة
يَلونكم (أي : يَقرَبون منكم) وَلِيَه (يَلِيه، ح، وَلْيًا) دنا منه و قرُب

بيــان الإعراب

لِيَنفروا : اللام لام الجحود، يتعلق بخبر كان المحذوف . و كافَّةً حال من فاعلِ ليَنفِروا، و هو واو الجماعة، أي : لينفروا مجتمعين .

فلولا : الفاء استئنافية، و لولا حرف تحضيض، و من كل فرقة متعلق بمحذوف، حال من طائفةٌ، و هو في الأصل نعت تقدم على المنعوت، و لما تقدم على المنعوت صار حالا، أي : لولا نفَر طائفةٌ كائنَةٌ من كل فرقَةٍ معدودةٍ من المؤمنين .

ليتفقهوا : هذه اللام لام التعليل يتعلق بـ : نفر

إذا : ظرف مجرد من معنى الشرط، بمعنى حين، متعلق بالفعل السابق .

من الكفار : متعلق بمحذوف حال من فاعلِ يَلونكم

وَليجدوا : الواو عاطفة، عُطفت بها الجملة التالية على جواب النداء، و اللام لام الأمر .

و إذا ما أنزلت سورة : الواو استئنافية، و إذا اسم ظرف و شرط، أضيف إلى الشرط، و تعلق بجواب الشرط، و ما زائدة .

فمنهم من يقولُ : الفاء رابطة و الجملة الاسمية جواب الشرط .

أيكم : مبتدأ، و جملة زادته هذه إيمانا خبر، و "هذه" فاعلُ زادت، و إيمانًا تمييز أو مفعول به ثان .

فأما الذين آمنوا فزادتهم إيمانا : الفاء استئنافية، و أما حرف شرط و تفصيل . الذينَ آمَنوا مبتدأ و شرط، و زادتهم إيمانا خبر، و جوابُ أما، و الفاء رابطة .

رجسا : مفعول به ثان و إلى رجسهم صفة لـ : رجسا ، أي : رجسا مضموما إلى رجسهم ·

الترجمة

মুমিনগণ সকলে তো অভিযানে বের হতে পারে না, তাহলে কেন অভিযানে বের হয় না মুমিনদের (মধ্য হতে) প্রতিটি (বড়) দল থেকে একটি (ছোট) দল, যাতে থেকে যাওয়া দলটি গভীর জ্ঞান অর্জন করতে থাকে দীনের ক্ষেত্রে এবং যাতে সতর্ক করতে পারে (অভিযান থেকে ফিরে আসা) তাদের দলকে যখন তারা ফিরে আসবে তাদের কাছে, যাতে তারা সতর্ক হতে পারে।

হে ঐ লোকেরা যারা ঈমান এনেছো, লড়াই করো তোমরা ঐ কাফিরদের বিরুদ্ধে যারা তোমাদের নিকটে থাকে আর তারা যেন পায় তোমাদের মাঝে কঠোরতা, আর জেনে রাখো যে, আল্লাহ্ রয়েছেন মুত্তাকীদের সঙ্গে।

আর যখনই নাযিল করা হয় কোন সূরা তখন মুনাফিকদের মধ্য হতে কিছু লোক (নিরীহ মুসলমানদেরকে উপহাস করে) বলে, তোমাদের কার ঈমান বৃদ্ধি করেছে এই সূরা? তবে (শোনো,) যারা ঈমান এনেছে, এই সূরা বৃদ্ধি করেছে তাদের ঈমান, আর তারা (ঈমানের বৃদ্ধিতে) আনন্দ লাভ করছে।

পক্ষান্তরে যাদের অন্তরে রয়েছে 'মরয' এই সূরা বাড়িয়ে দিয়েছে তাদের কলুষের সাথে আরো কলুষ, ফলে তারা মরেছে এমন অবস্থায় যে তারা কাফির।

ملاحظات حول الترجمة

(ক) فلولا نفر من كل فرقة منهم طائفة – বড় দল শহরে থেকে যাবে, আর ছোট দল জিহাদে যাবে এটাই স্বাভাবিক অবস্থা। সে জন্যই থানবী (রহ) فرقة এর তানবীনকে বিরাটত্ব এবং طائفة এর তানবীনকে ক্ষুদ্রত্ব-এর অর্থে গ্রহণ করে তরজমা করেছেন– 'কেন অভিযানে বের হয়না মুমিনদের প্রতিটি 'বড়' দল থেকে একটি 'ছোট' দল।

শায়খুলহিন্দ (রহ) একই উদ্দেশ্য প্রকাশ করেছেন এভাবে– প্রত্যেক দল থেকে একটি অংশ।

'অভিযান করেন', এর পরিবর্তে 'অভিযানে বের হয় না' বলা হয়েছে মর্মকে সুস্পষ্ট করার জন্য

(খ) منهم (মুমিনদের মধ্য হতে) ليتفقهوا (যেন থেকে যাওয়া দলটি জ্ঞান অর্জন করে) বক্তব্য স্পষ্ট করার উদ্দেশ্যে منهم এর এবং ليتفقهوا এর যামীরের مرجع উল্লেখ করে তরজমা করা হয়েছে।

(গ) قاتلوا الذين يلونكم من الكفار (কাফিরদের থেকে যারা তোমাদের নিকটে থাকে তাদের বিরুদ্ধে লড়াই করো) এটি তারকীবানুগ তরজমা। থানবী (রহ) লিখেছেন, ঐ কাফিরদের বিরুদ্ধে লড়াই করো যারা তোমাদের আশপাশে রয়েছে- এটি পূর্ণ তারকীবানুগ নয়, তবে মূলানুগ তরজমা। শায়খুলহিন্দ (রহ) এর তরজমা- লড়াই করে যাও তোমাদের নিকটের কাফিরদের সাথে।
এটি মূল তারকীব থেকে দূরবর্তী তরজমা। কারণ এখানে موصول ও صلة এর প্রতিশব্দ আনা হয়নি।

(ঘ) إذا ما أنزلت سورة (যখনই নাযিল করা হয় কোন সূরা) ما অব্যয়টি অতিরিক্ত, তবে তা ظرف এর عموم বুঝিয়েছে; কিতাবের তরজমায় সেটা বিবেচনা করা হয়েছে।

(ঙ) أنزلت এর তরজমা শায়খুলহিন্দ (রহ) করেছেন, নাযিল হয়। থানবী (রহ) করেছেন, নাযিল করা হয়।

أسئلة :

١ - اشرح مادةَ فقهٍ على حَدِّ عِلْمِك ·
٢ - أعرب قوله : مِن كل فرقَةٍ ·
٣ - علام عُطف قوله : و ليجدوا فيكم غِلْظَةً ؟
٤ - عرف الواوَ الأولى و الثانيةَ في قوله : و ماتوا و هو كفرون ·
٥ - فرقة এর সাথে 'বড়' এবং طائفة এর সাথে 'ছোট' বিশেষণ যুক্ত করার যুক্তি কী ?
٦ - قاتلوا الذين يلونكم من الكفار শায়খায়ন এ আয়াতের যে তরজমা করেছেন তা পর্যালোচনা করো।

(٤) أَوَ لا يَرون أنَّهم يُفتَنون في كلِّ عامٍ مرةً او مرتَين ثم لا يتوبون و لا هم يَذَّكَّرون * و إذا مــا أُنزِلت سورةٌ نظَرَ بعضُهم الى بعضٍ، هل يَرٰكم من أحَدٍ ثم انصَرَفوا، صرَفَ الله قلوبَهم

بِاَنَّهم قومٌ لا يفقهون * لَقَد جاءكم رَسولٌ من اَنفُسِكم عزيز عليه ما عَنِتم حَرِيص عليكم بالمؤمنين رَءوف رحيم * فَاِنْ تَولَّوا فقل حسبي الله، لا اله اِلَّا هو، عليه توكلتُ و هو رب العَرش العظيم *

بيان اللغة

يُفتَنون : قال الإمام الراغب : أصل الفَتْنِ إدخال الذهَب النار لِتظهَر جَودتُه من رَداءَته، و استُعمِل في إدخال الإنسان النارَ، قال تعالى : يومَ هم على النار يُفتنون، و يستعمل في إيقاع بَليَّةٍ و شدة، قال تعالى : إن خفتم أن يَفتِنَكم الذين كفَروا .

و يستعمَل في الخداع، قال تعالى : يا بني اٰدمَ لا يفتِنَنَّكم الشيطان .

و يستعمَل في التعذيب لِصَرْفِ الناس عن رَأيهم و دينهم، قال تعالى : إن الذين فَتَنوا المؤمنين و المؤمنٰت ثم لم يتوبوا .

و يستعمَل في الاختبار بالبَلايا و المصائب و الشدائد و غير ذلك، كما في هذه الآية .

و يستعمَل في التسلط علي القلب : تقول : فتنه المال

و الفتنة : الاختبار، و ما يُختَبَر به، قال تعالى : و حَسِبُوا أن لا تكونَ فِتنَةٌ، و قال : اِنما اَموالكم و اَولادكم فِتنَةٌ.

و الفتة : الفَساد و الإفساد، قال تعالى : قاتلوهم حتى لا تكون فتنة، و قال : الفتنة أشد من القتل .

و الفتنة : العذاب، قال تعالى : ذوقوا فِتنتَكم .

و الفتنة : الضلال، قال تعالى : و من يرد الله فتنَتَه فلن تملِك له من الله شيئًا .

بيان الإعراب

أولا يرون : الهمزة للتوبيخ لا للاستفهام . و مرة أو مرتين نائب عن

المفعول المطلق، بمعنى فَتنةً أو فَتْنَتَين (على وزن فَعْلَةٍ)، أو هو ظرف بمعنى وقتا أو وقتين .

من أحد : حرف الجر زائد، و أحد مرفوع محلا، لأنه فاعل، وجملة هل يراكم من أحد مقول قول محذوف، أي : قائلين هل ...

ثم انصرفوا : عطف على : نظر بعضهم

صَرَفَ الله قلوبهم : جملة خبرية في مَحل نَصبٍ حال،

و يجوز أن تكون انشائية دعائية، فلا محل لها من الإعراب .

ما عَنِتّم : ما موصولة أو مصدرية، و ما عنتم فاعلٌ عزيزٌ، و هو نعت ثان لـ: رسول .

الترجمة

তারা কি দেখে না, যে তাদেরকে বিপর্যস্ত করা হয় প্রতি বছর একবার বা দু'বার। তারপরো তারা তাওবা করে না এবং উপদেশ গ্রহণ করে না।

আর যখনই নাযিল করা হয় কোন সূরা তখন তাকায় তাদের কতিপয় অন্য কতিপয়ের দিকে (আর বলে) কি তোমাদেরকে দেখছে কোন কেউ? তারপর তারা সরে পড়ে।

আসলে আল্লাহ তাদের হৃদয়কে (সত্য থেকে) সরিয়ে দিয়েছেন এ কারণে যে, তারা এমন এক সম্প্রদায় যারা বোধ শক্তি রাখে না।

অতি অবশ্যই এসেছেন তোমাদের কাছে এমন এক রাসূল যিনি তোমাদের সম্প্রদায়ভুক্ত, তোমাদের কষ্ট পাওয়া যার কাছে কষ্টকর, যিনি ব্যাকুল তোমাদের কল্যাণের প্রতি, যিনি মুমিনদের প্রতি সুকোমল এবং পরম দয়ালু।

অনন্তর যদি তারা (আপনার আনুগত্য থেকে) ফিরে যায় তাহলে আপনি বলে দিন, আমার জন্য যথেষ্ট আল্লাহ; তিনি ছাড়া নেই কোন ইলাহ। তাঁরই উপর ভরসা করেছি আমি, আর তিনি মহান আরশের অধিপতি।

ملاحظات حول الترجمة

(ক) أولا يرون أنهم يفتنون তারা কি দেখে না যে, তাদেরকে বিপর্যস্ত করা হয়)

এটি থানবী (রহ) এর অনুসরণে কৃত তরজমা, তবে তিনি

لازم معروف এর তরজমা করেছেন এভাবে, তাদের কি চোখে পড়ে না যে, তারা কোন না কোন বিপদে পড়তে থাকে – শায়খুলহিন্দ (রহ) লিখেছেন, তারা কি দেখে না যে, তাদেরকে পরীক্ষা করা হয়।

আয়াতটি নাযিল হয়েছে মুনাফিকদের প্রসঙ্গে, সুতরাং এখানে পরীক্ষার পরিবর্তে বিপদে লিপ্ত করার অর্থটি অধিকতর সংগত। যখন সাধারণভাবে মুসলিমদেরকে সম্বোধন করা হয় তখন পরীক্ষার অর্থটি সঙ্গত হবে। এদিক থেকে থানবী (রহ) এর তরজমাটি অধিকতর উপযোগী।

পক্ষান্তরে يفتنون এর মাঝে অদৃশ্য সত্তার ক্রিয়াশীলতার যে পরোক্ষ ইঙ্গিত রয়েছে তা শায়খুলহিন্দ (রহ) এর তরজমায় পরিস্ফুট হয়েছে।

কিতাবের তরজমায় উভয় তরজমার উপযোগী দিকগুলোর সমন্বয় ঘটেছে।

(খ) قوم لا يفقهون (এমন সম্প্রদায় যারা উপলব্ধি করে না) কেউ কেউ তরজমা করেছেন, এমন সম্প্রদায় যাদের বোধশক্তি নেই– এটি মূল তারকীবের অনুগামী নয়।

(গ) ما عنتم এটি لازم ফেয়েল। সুতরাং 'যা তোমাদেরকে বিপন্ন করে' এ তরজমা সঠিক নয়।

(ঘ) حريص عليكم (ব্যাকুল তোমাদের কল্যাণের প্রতি) এর তরজমা শুধু 'তোমাদের মঙ্গলকামী' করা ঠিক নয়। কারণ حريص শব্দটিতে প্রবল আগ্রহ ও ব্যাকুলতার অর্থ রয়েছে। কিতাবের তরজমায় উহ্য مضاف কে প্রকাশ করা হয়েছে।

أسئلة :

١ – اشرح معاني الفتنة مع الامثلة ·
٢ – أعرب قوله : مرة أو مرتين ·
٣ – في أي محل من الإعراب وقعت كلمة أحد ؟
٤ – أعرب قوله : ما عنتم ·
٥ – يفتنون এর তরজমা পর্যালোচনা করো
٦ – حريص عليكم (তোমাদের মঙ্গলকামী) এ তরজমার ত্রুটি আলোচনা করো

(٥) الٓر تلك ءايٰت الكتٰبِ الحكيم * أكان للناس عَجَبًا أنْ أوحَينا
الى رَجلٍ منهم أنْ أنذِر الناس وبَشِّرِ الذين ءامَنوا أنَّ لهم قَدَمَ
صِدْقٍ عندَ ربهم، قال الكٰفرون إنَّ هذا لَسٰحر مبين * إنَّ ربكم
الله الذي خَلَق السمٰوٰت و الارضَ في سِتة أيَّامٍ ثم استَوى
على العرشِ يُدبِّرُ الامرَ، ما من شَفيعٍ إلَّا من بَعد اذنه، ذلكم
الله ربكم فاعبُدوه، أفَلا تَذكرون * اليه مَرجِعُكم جَميعًا،
وعدَ الله حَقًّا، إنه يَبْدَؤُ الخلقَ ثم يُعيده لِيَجزيَ الذين ءامَنوا
و عَملوا الصّٰلحٰت بالقِسْطِ، و الذين كفَروا لهم شراب من
حميمٍ و عذاب اليم بما كانوا يَكفُرون * هو الذي جعَل
الشمسَ ضياءً و القمرَ نُوراً و قدَّره منازلَ لِتَعلموا عدَدَ
السنين وَ الحسابَ، ما خلَق الله ذلك إلَّا بالحق، يُفَصِّل
الأيٰت لقومٍ يعلَمون * إن في اختلاف الَّيل وَ النهار و ما
خلَق الله في السمٰوٰت و الارض لأيٰت لقوم يتقون *

بيان اللغة

قَدمَ صِدقٍ : أصل القَدَمِ العضو المخصوص، و أطلِقت على السعي و السبق مجازًا، لِأنهما لا يحصُلان إلا بالقدَم، كما سُميت النعمةُ يدًا، لأنها تُعطىٰ باليَد، ثم أريد بالسعي و السَّبقِ الفضلُ و الشرفُ، لِأنهما لا يحصُلان إلا بِهما، فَجرَى المجازُ في هذه الكلمَةِ مرتين .

و أصل الصدقِ في القَول، ثم استُعمل في كلِّ عمل طيبٍ، و يضاف إليه، فيقال : مَقعَدُ صِدْقٍ و مَدخلُ صِدقٍ و مخرجُ صدقٍ و قدمُ صدقٍ، و هذا إضافة الموصوف إلى الصفة، و الصِّدقُ مصدر أريد به اسمُ الفاعل، فمعنىٰ قدَمُ صدقٍ فضلُ صادقٌ و شرف صادق، أى :

مُحَقَّقٌ، و ترجمتها بالبنغالية - সুনিশ্চিত মর্যাদা

ضِياءً (أي : مُضيئةً) و خُصَّت الشمسُ بالضِّياء، لأن الضياءَ يدل على شِدة اللُّمَعان . (وهو مصدرٌ ضاءَ من نصر، و هو هنا بمعنى اسم الفاعل) و الضياء النور مع شِدة اللمَعان .

نورًا : أي : مُنيرًا، (أطلِق النورُ على القمَر مبالغةً، كما يقال : زيد عدل) قال الطبَريُّ : المعنى : أضاءَ الشمسَ و أنار القمرَ .

قَدَّر : عيَّن، بَيَّنَ مقدارَ شيءٍ .

قَدَّر : قَسَم، قَضَى

قدر اللّٰهُ الأمرَ عليه و له : ألزَمَ

قَدَّرَه به : قاسَه به و جعَلَه على مِقداره .

بيان الإعراب

أ كان للناس عَجَبًا أن أوحَينا : همزة الاستفهام هنا للانكار المصدر المؤول أن أوحَينا اسم الناقص، و عجَبًا خبره، و للناس متعلق بمحذوف حال من عجَب، و هو في الأصل نعت تقدم على المنعوت، و عجبا مصدر بمعنى مُعجِب .

أن أنذر : أن حرف تفسيرٍ أو حرف مصدرٍ، و على الوجه الثاني المصدر المؤول في محل جر بحرف جر مَحذوفٍ، و هو متعلق بـ : أوحَينا، و المعنى : أ كان إيحاؤُنا إلى رجل منهم بإنذارِ الناس عجَبًا لهم ؟ لا عجَبَ في ذلك .

عند ربهم : الظرف متعلق بمحذوف نعت لـ : قدَمَ صدقٍ أي : بشر المؤمنين بِأنَّ قدَمَ صدقٍ حاصِلَةٌ عند ربهم ثابِتةٌ لهم .

إن ربكم الله الذي خلَق : لفظ الجلالة خبر إن، و الذي نعت للفظ الجلالة، و استوى معطوف على خلق

يدبر : الجملة في مَحل رفع خبر ثان لـ : إن، أو في مَحل نَصْبٍ حال من فاعلِ استَوى، أو هو مستأنفَة فلا محل لها من الإعراب .

ما من شَفيعٍ : ما حرف نفي لا عملَ لها، شَفيع مبتدأ مرفوع مَحلا، و إلَّا

أداة حصر، و مِن بَعد إذنه متعلق بمحذوف، خبر، أي : إلَّا شافِعٌ من بَعد إذنه ٠

وعدَ الله : مصدر منصوب بفعل دل عليه الكلام السابق : إليه مرجعكم ٠ لأن هذا وعدٌ من الله بالبَعثِ ٠

حقا : أي حَقَّ ذلك حَقًا ٠

بالقسط : متعلق بـ : يجزي، أي بسبب قِسطهم و عَدلِهم ٠ و يجوز أن يكون متعلقا بحال من فاعل يجزي أو من مفعوله، أي : يجزيهم متلبسا بالقسط، أي : عادلا، أو متلبسين بالقسط، أي :عادلين

جعل الشمس ضياء : أي : ذاتَ ضياءٍ ٠ الشمسَ مفعول به أول، و ضياءً مفعول به ثان ٠إذا كان جعل بمعنى صيَّر، و إن كان بمعنى خلق، فضياءً حال، أي : مضيئةً ٠

و قدره منازل : الضمير في محل نصب بنزع الخافض، أي : قدر له منازل، فالفعل متعد إلى مفعول به واحد بمعنى خلق، و يجوز أن يكون متعديا إلى مفعولين، بمعنى صيَّر، و منازل مفعول به ثان، أي : ذا منازل ٠

الحساب : معطوف على عدد ٠

الترجمة

আলিফ, লাম, রা। ঐগুলো প্রজ্ঞাপূর্ণ কিতাবের আয়াতসমূহ। লোকদের জন্য (এ বিষয়টি) কি আশ্চর্যজনক যে, আমি তাদের মধ্য হতে এক ব্যক্তির কাছে অহী পাঠিয়েছি এ মর্মে যে, আপনি সতর্ক করুন লোকদেরকে, এবং তাদেরকে সুসংবাদ দিন যারা ঈমান এনেছে যে, তাদের জন্য রয়েছে সুনিশ্চিত মর্যাদা তাদের প্রতিপালকের নিকট। (কিন্তু) কাফিররা বলতে লাগলো, এ তো অবশ্যই সুস্পষ্ট জাদুকর।

অবশ্যই তোমাদের প্রতিপালক আল্লাহ, যিনি সৃষ্টি করেছেন আকাশমণ্ডলী ও পৃথিবী ছয় দিনে, তারপর তিনি সমাসীন হয়েছেন আরশের উপর। তিনি পরিচালনা করেন সকল বিষয়।

কোনই সুফারিশকারী নেই, তবে তার অনুমতির পরে। সেই আল্লাহ (হলেন) তোমাদের প্রতিপালক; সুতরাং তোমরা তাঁর ইবাবদত

করো। তবু কি তোমরা উপলব্ধি করবে না! তাঁরই দিকে প্রত্যাবর্তন তোমাদের সকলের। (আল্লাহ ওয়াদা করেছেন) আল্লাহর ওয়াদা। অবশ্যই সুসাব্যস্ত হয়েছে আল্লাহর ওয়াদা।

নিঃসন্দেহে তিনিই সৃষ্টিকে প্রথম অস্তিত্ব দান করেন; তারপর তিনিই তার পুনরাবর্তন ঘটাবেন, যেন যারা ঈমান এনেছে এবং নেক আমল করেছে তাদেরকে তিনি প্রতিদান দেন ইনছাফের সঙ্গে।

আর যারা কুফুরি করেছে তাদের জন্য রয়েছে অত্যুষ্ণ পানি এবং যন্ত্রণাদায়ক শাস্তি, তাদের কুফুরি করতে থাকার কারণে।

তিনিই ঐ সত্তা যিনি করেছেন সূর্যকে তেজস্কর এবং চন্দ্রকে জ্যোতির্ময়। এবং নির্ধারণ করেছেন চন্দ্রের জন্য বিভিন্ন মানযিল, যাতে তোমরা জানতে পারো বর্ষ গণনা এবং (সময়ের) হিসাব। আল্লাহ সেগুলোকে যথার্থই সৃষ্টি করেছেন। তিনি বিশদভাবে বর্ণনা করেন এ সকল নিদর্শন এমন সম্প্রদায়ের জন্য যারা জ্ঞান রাখে।

রাত ও দিনের বিবর্তনে এবং আল্লাহ যা কিছু সৃষ্টি করেছেন আকাশমণ্ডলী ও পৃথিবীতে, অবশ্যই (তাতে) নিদর্শনাবলী রয়েছে এমন সম্প্রদায়ের জন্য যারা ভয় গ্রহণ করে।

ملاحظات حول الترجمة

(ক) تلك آيت الكتب الحكيم (ঐগুলো প্রজ্ঞাপূর্ণ কিতাবের আয়াতসমূহ) حكيم এর তরজমা শায়খুলহিন্দ (রহ) করেছেন, সুসংহত। তিনি এটিকে محكم অর্থে গ্রহণ করেছেন। আর থানবী (রহ) তরজমা করেছেন, প্রজ্ঞাপূর্ণ। উভয় তরজমারই অবকাশ রয়েছে। কেউ কেউ তরজমা করেছেন 'জ্ঞানগর্ভ'।

علم ও حكمت আলাদা দু'টি শব্দ এবং দুটির অর্থগত স্বাতন্ত্র্যও রয়েছে। সুতরাং علم এর ক্ষেত্রে জ্ঞান এবং حكمة এর ক্ষেত্রে প্রজ্ঞা ব্যবহার করাই সঙ্গত।

(খ) أكان للناس عجبا (লোকদের জন্য [এ বিষয়টি] কি আশ্চর্যজনক যে,)

এ তরজমা মূলের তারকীব অনুগামী। শুধু 'এ বিষয়টি' যোগ করা হয়েছে সাবলীলতার জন্য, যোগ না করলে তেমন ক্ষতি নেই।

'মানুষের কাছে কি আশ্চর্য লাগছে'- এটি মূলানুগ তরজমা নয়, তবে গ্রহণযোগ্য।

সরল তরজমা এমন হতে পারে, 'মানুষের জন্য কি আশ্চর্যের বিষয় যে, ...'

(গ) أن أنذر 'এমর্মে যে আপনি সতর্ক করুন', এটি أن التفسيرية এর তরজমা। 'এ মর্মে' বাদ দিয়ে শুধু 'যে,' বলা যায়।
'যেন তিনি মানুষকে সতর্ক করেন' এ তরজমা সঠিক নয়, কারণ এখানে لام التعليل নেই। তদুপরি এখানে حاضر এর পরিবর্তে غائب এর ছীগা ব্যবহার করা হয়েছে।

(ঘ) قدم صدق (সুনিশ্চিত মর্যাদা) এর তরজমা 'উচ্চ মর্যাদা/ সত্য মর্যাদা' হতে পারে।

(ঙ) استوى এর তরজমা, সমাসীন/অধিষ্ঠিত হয়েছেন, দুটোই হতে পারে। 'আসন গ্রহণ করেছেন' হতে পারে না, কারণ এটি মানুষের ক্ষেত্রে বহুল ব্যবহৃত। শায়খায়ন লিখেছেন- پهر قائم هوا عرش پر (তারপর স্থিত হয়েছেন আরসের উপর)

(চ) يدبر الأمر (তিনি পরিচালনা করেন সকল বিষয়) থানবী (রহ) الأمر এর ال কে সামগ্রিকতার অর্থে গ্রহণ করে লিখেছেন, সকল কাজ/বিষয়।
